Honesty (সত্যতা)

Humility (নম্রতা)

Depth (গভীরতা)

Length (দৈর্ঘ্য)

Strength (শক্তি)

Truth (সত্যবাদিতা)

Width (প্রস্থ)

Bravery (সাহসিকতা)

Height (উচ্চতা)

Grandeur (চমৎকারিত্ব)

Justice (ন্যায়)

Poverty (দারিদ্র্য)

Pride (গর্ব)

Ignorance (অজ্ঞতা)

Wisdom (জ্ঞান)

Freedom (স্বাধীনতা)

Solitude (নির্জনতা)

(iii) Verb থেকে Abstract Noun করার ধরাবাধা নিয়ম নেই।**Verb**

Act (কাজ করা)

Advise (উপদেশ দেওয়া)

Attend (উপস্থিত হওয়া)

Believe (বিশ্বাস করা)

Choose (পছন্দ করা)

Depart (প্রস্থান করা)

Deliver (বিতরণ করা)

Abstract Noun

Action (কাজ)

Advice (উপদেশ)

Attendance (উপস্থিতি)

Belief (বিশ্বাস)

Choice (পছন্দ)

Departure (প্রস্থান)

Delivery (বিতরণ)

Educate (শিক্ষা দেয়া)	Education (শিক্ষা)
Flatter (তোষামোদকারী)	Flattery (তোষামদ)
Grow (বেড়ে ওঠা)	Growth (বর্ধন)
Hate (ঘৃণা করা)	Hatred (ঘৃণা)
Know (জানা)	Knowledge (জ্ঞান)
Live (বাস করা)	Life (জীবন)
Think (চিন্তা করা)	Thought (চিন্তা)
Punish (শাস্তি দেওয়া)	Punishment (শাস্তি)
Please (সন্তুষ্ট করা)	Pleasure (আনন্দ)
Practise (অনুশীলন করা)	Practice (অনুশীলন)
Serve (সেবাকরা)	Service (সেবা)
See (দেখা)	Sight (দৃশ্য)

EXERCISE

State the different Kinds of Nouns in the following sentences:

1. The cow is a useful animal. Jute is called the golden fibre of Bangladesh. Gold is valuable. Water has no colour. What class do you read in? Man should not hanker after money. Dhaka is a big city. The Quran is our holy book. Furniture is made of wood. A herd of cows is seen in the field. He is a justice. The girl is a beauty. Freedom is man's birth right. The honesty of our Headmaster is known to all. There are ten classes in our school. Iron is a useful metal. Ice floats on water. Our team played well yesterday. I take tea daily. Check the beast in you. He is a Byron. The jury are divided in their opinions. Birds of the same feather flock together. The virtuous are happy. Ali and Ahsan are good boys.

 Id: www.facebook.com/tanbir.cox

 Page: www.facebook.com/tanbir.ebooks


 Web: www.tanbircox.blogspot.com

COUNTABLE AND UNCOUNTABLE NOUNS

Updated: Bangla e-books (pdf) : www.facebook.com/tanbircbooks

Proper, Common ও Collective Noun হল এমন কিছু নাম বুঝায় যে গুলি সংখ্যা দ্বারা গণনা করা যায়। গণনা করা যায় বলে এ তিন প্রকার Noun কে Countable Noun বলে। সংক্ষেপে, যে সকল Noun কে গণনা বা count করা যায় তাকে Countable Noun বলে।

আবার Material ও Abstract Noun গুলো এমন কিছু নাম বুঝায় যাদের সাধারণতঃ কোন সংখ্যা হয় না। সুতরাং তাদের গণনা করা যায় না। তাই এ দু'ধরনের Noun কে Uncountable Noun বলে। সংক্ষেপে, যে সকল Noun গুলো গণনা বা Count করা যায় না তাকে Uncountable Noun বলে। এদিক থেকে বিচার করে Nounকে দু'শ্রেণীতে ভাগ করা যায়। (i) Countable Noun (ii) Uncountable Noun.



Countable Noun -এর বৈশিষ্ট্যঃ

(I) Countable Noun singular ও Plural উভয়ই হয়।

Singular	PLural
A pen	two pens
A book	three books

(II) Singular Countable Noun এর পূর্বে নিম্নলিখিত Determiner ব্যবহৃত হয়।

a, an. the ,every, each, either, neither ইত্যাদি

He has a pen.

She took an orange.

Beware of the dog.

Each student has a pen

Neither pen is good

Either pen will do.

Every student in the class is present

Note: Determiners Determiner সে সব শব্দ যেগুলো ব্যক্তি বা বস্তুকে সনাক্ত করে বা তাদের সংখ্যা বা পরিমাণ নির্দেশ করে। Determiner এর তালিকা নীচে দেওয়া হলো :

(a) **Articles**: a, an, the

(b) **Demonstratives**: This, that, these, those.

(c) **Possessives**: my, our, your, their, his, her, its এবং যে কোন ব্যক্তির নামের শেষে Apostrophe 's (Rahim's, Karim's)

(d) **Numerals**: two, three, four or any numeral.

(e) **Quantifiers**: all, both, any, no, some, each, either, neither, every, much, many, little, few.

(III) **Plural Countable Noun** এর সাথে নিম্নলিখিত **Determiners** ব্যবহৃত হয়।
the, all, some, these, those, both, few, a few, many, several, any numeral other than one.

The rose is a fine flower.

All men must die.

I have a few friends.

Note: Determiner ছাড়াও Plural Countable Noun ব্যবহৃত হয়।

Horses are faithful animals.

Plural Countable Noun এর Determiner হিসেবে the ও some -এর ব্যবহার :

(a) **Plural countable Noun** যখন একজাতীয় সকলকে (in general) বুঝায় তখন তার পূর্বে Determiner 'The' বসে না।

I like flowers (not the flowers")

(flowers = flowers in general, not a particular group of flowers)

I am afraid of dogs (not the dogs)

কিন্তু যখন Plural Countable Noun-টিকে নির্দিষ্ট করে বুঝানো হয়, তখন তার পূর্বে the বসে।

I like the flowers of your garden, (the flowers = the flowers of your garden, not "flowers" in general)

(b) Plural Countable Noun-এর পূর্বে তখনই some বসে যখন Noun টিকে in general না বুঝিয়ে নির্দিষ্ট করে, (particularly) বুঝানো হয় :

I have seen some good films recently

(films = some particular films, not films in general)

I love bananas.

(bananas = bananas in general, not "bananas in particular)

নিম্নলিখিত শ্রেণীভুক্ত Noun তলি সাধারণতঃ **Countable Nouns**:

(a) **persons, animals, plants etc.:** friend, horse, bird, rose

(b) **Concrete objects having shape.** ball, car, hat, hand, house.

(c) **units of measurement, society, language:** meter, hour, dollar, family, word.

(d) **The individual parts of a mass;** part, element, atom, piece, drop.

(e) **a few abstractions thought of as separate wholes:** idea, nuisance, cheme.

Uncountable Noun এর বৈশিষ্ট্যঃ

(i) **Uncountable Noun** সর্বদা singular হয়।

(i) **Uncountable Noun** এর পূর্বে a, an. বসে না।

(iii) **Uncountable Noun** এর পূর্বে সাধারণতঃ little, much, no, any, some ত্যাদি determiner ব্যবহৃত হয়।

I have a little rice. I have little rice.

Uncountable Noun এর তালিকা :

(a) **solid substances and materials:** earth, bread, rice, paper, cotton, nylon.

(b) **Liquids:** water, oil, tea, milk, ink, soup.

(c) **Gases:** Oxygen, Hydrogen, steam, smoke, air, coffee

(d) **Language:** Bangla, English, French, German, Spanish etc.,

(e) **Abstractions** (দেখা বা ধরা ছোঁয়া যায় না এমন কিছু): equality, honesty, ignorance, peace, safety, love, sympathy, courage, beauty, freedom, horror, pity, courage, hope, mercy.

- (f) **Diseases** (রোগ): Malaria, cholera, cancer, AIDS, dysentery, influenza.
- (g) **Games** (খেলাধুলা): Football, cricket, hockey, badminton, chess, tennis volleyball.
- (h) **Natural phenomena** (প্রাকৃতিক ব্যাপার): Heat, electricity, city, sunshine, darkness, weather ইত্যাদি।
- (i) **Academic disciplines** (পাঠ্য বিষয়): Physics, biology, chemistry, history, geography ইত্যাদি।
- (j) **Small particles** (কুদ্রকনা বিশিষ্ট পদার্থ): Sand, rice, flour, salt ইত্যাদি।
- (k) **Other intangibles** (অন্যান্য অদৃশ্য বিষয়): Information, work, advice, knowledge, death, fear, belief, experience news.
- (l) **Verbal Nouns** (Verb থেকে উৎপন্ন Noun সমূহ): Camping, cooking, clothing, parking, trimming, ইত্যাদি। কিন্তু blessing, helping, wedding, countable Nouns
- (m) **Other things** : baggage, damage, luggage, furniture, jam, hair, scenery.

Note: weather-সাধারণত Uncountable Noun (যেমন What wonderful weather!)

কিন্তু fixed expression এর ক্ষেত্রে weather এর plural form হয় অর্থাৎ Countable Noun হয়। A postman goes out in all weathers. Climate সাধারণত Uncountable Noun কিন্তু climate-এর ও countable form হয়। যেমন: What a beautiful climate!

Uncountable Noun এর সাথে কিছু **measure words** যোগ করে **Countable Noun** করা যায়। এ **measure words** তলি পাত্র, অংশ, দৈর্ঘ্য, বিস্তৃতি আকার ও গুণনের সাথে সম্পর্কিত।

- (i) প্রথমে একটি Numeral বা a, an বসে +
- (ii) Uncountable Noun এর সাথে সম্পর্কিত একটি measure word+
- (iii) of বসে+
- (iv) প্রদত্ত Uncountable Noun টি বসে।

Structure: Numeral বা a/an+measure word+ of + Uncountable Noun.

a/an (পরিমাপযোগ্য নাম)	Measure words (পরিমাপযোগ্য নাম)	of	Uncountable noun (পরিমাপযোগ্য নয় নাম)
Portion-based measure words অংশ সম্পর্কিত পরিমাপ জ্ঞাপক শব্দ	three pieces a slice a sheet' a pinch a heap	of of of of of	furniture bread paper salt earth
Container- based measure words (পাত্র সম্পর্কিত পরিমাপ জ্ঞাপক)	a cup a glass two bags a bottle a pot	of of of of of	tea water rice milk jam
Length (দৈর্ঘ্য)	Three yards six inches ten feet two miles	of of of of	string rope water cable
Volume পরিমাপ	a gallon three litres an ounce	of of of	water patrol syrup
Area বিস্তৃতি	two acres three bighas	of of	land land
Weight ওজন	two pounds ten kilos ten tons	of of of	butter rice wheat
Measure words relating to abstract qualities and idea (ধরা হোঁয়া যায় না এমন কিছু সাথে সম্পর্কিত পরিমাপ জ্ঞাপক।)	an item a piece a piece a kind an attack a kind a blade	of of of of of of of	news advice information generosity fever justice grass

নীচে কিছু Uncountable Noun এর Countable রূপ দেওয়া হলো।

Uncountable	Countable	Uncountable	Countable
bread	a loaf	clothing	a garment
laughter	a laugh	luggage	a suitcase
pay	a payment	permission	a permit
poetry	a poem	work	a job

Sentence আকারে কিছু Uncountable Nounকে Countable Noun এ রূপান্তরের উদাহরণঃ

Uncountable	Countable
Houses were built of stone.	He threw a stone at me
I will help you with pleasure.	It is a pleasure to help you.
We live in the age of science.	Mathematics is a science
Everybody wants success.	Your performance was a great success
All plants need light.	Do you use a light beside your bed?
Have pity!	please, have a pity on the poor.
Shame on you!	What a shame!
Art is long	Painting is an art.
Please show honour to your elders	It is an honour for me to be here.

অনেক Nounকে countable এবং Uncountable দুই ভাবে ব্যবহার করা যায়। তবে সেক্ষেত্রে অর্থের কিছু পার্থক্য ঘটে।

- Danger** -The boy is in danger(U)
-She is a danger to society(C)
- Cake** - I prefer cake to bread.(U)
-Give him a piece of cake (C)
- Beauty** -She is a beauty(C)
-She had beauty even in her old age(U)
- Noise** -We heard a noise (C)
-Mere noise will not please me (U)
- Brick** -The mosque is built of brick (U)
-Some bricks were bought, (C)
- Chicken** -He sold three chickens (C)
-He likes soup of chicken (U)

Decision	-He took a decisive decision (C) -Give your decision .(U)
Justice	-Now a days there is no justice (U) -The judge delivered a fair justice (C)
Time	-Don't kill your time . (U) -He had a good time in his youth(C)
Hair	-I got my hair cut (U) -I found a hair in my plate (C)
Flower	-Flowers are gift of nature (U) -I plucked three flowers from the garden (C)
Work	-They are at work (U) -I have read some works of Milton (C)
Talk	-He is a man of tall talk (U) -He is busy in an important talk (C)
War	-War is a great curse for human being (U) -A terrible war took place between Iraq and Kuwait (C)

Business, trade, traffic are Uncountable Nouns when they refer to those activities in general, but they are Countable Nouns when they are used in the following way:

Mr. Ahad has gone to Japan on business (U) He runs a big business (C)

Trade (exchange of goods) is going well between Japan and Bangladesh.

Everybody should learn a trade to earn his livelihood.(a way of earning his living)

EXERCISE

1. Arrange the following words as Countable and Uncountable.

Water, hydrozen, earth, iron, spoon, baggage, glass, advice, ball, virtue, jam, music , poetry, ideas, knowledge, experience , flower, malaria, cake hair, furniture, education, dog,


2. Turn the following Uncountable Nouns Into Countable Nouns and make sentences with them:

Patrol, sugar, milk furniture, work, hair, cake, brick, noise, decision, land, syrup, earth, oil, salt, sand, rice, wheat, fever, light, shame science, success, art, coffee, hope, business, stone, journey, weather beauty, ink, toast, corn,

NUMBER

যাহা দ্বারা কোন বস্তু বা প্রাণীর সংখ্যা বুঝায় তাকে Number বলে। Number-এর উৎপত্তি মূলতঃ Noun থেকে। Number দু'প্রকার। যথা (i) Singular (ii) Plural.

Number



Singular

Plural

1. **Singular Number:** যে Noun দ্বারা কেবলমাত্র একজন ব্যক্তি, একটি বস্তু বা প্রাণীকে বুঝায় তাকে Singular Number বলে। যেমনঃ man, boy, pen ইত্যাদি।

2. **Plural Number:** যে Noun দ্বারা একের অধিক ব্যক্তি, বস্তু বা প্রাণীকে বুঝায় তাকে Plural Number বলে। যেমনঃ men, boys, pens ইত্যাদি।

Singular Number-কে Plural Number করার নিয়ম।

1. সাধারণতঃ Singular Noun-এর শেষে 's' যোগ করে Plural করা হয়। যেমন-

Singular

Plural

Pen (কলম)

Pens

Book (বই)

Books

Dog (কুকুর)

Dogs

Boy (বালক)

Boys

Girl (বালিকা)

Girls

House (বাড়ী)

Houses

2. Singular Noun এর শেষে 's' sh, ch, (চ এর মত উচ্চারণ) x ও z থাকলে উহার শেষে es যোগ করে Plural করা হয়। যেমনঃ

Singular

Plural

Bus (বাস)

Buses

Dish (খাদ্য)

Dishes

Branch (শাখা)

Branches

Glass (গ্লাস)

Glasses

Box (বাক্স)

Boxes

Fez (ফেজটুপি)

Fezes

Ass (গাধা)

Asses

Tomato (টমেটো)

Tomatoes

ব্যতিক্রমঃ Ch এর উচ্চারণ 'ক' এর মত হলে Singular Noun এর শেষে s যোগ করে plural করতে হয়। যেমনঃ

Singular	Plural
Monarch (সম্রাট)	Monarchs
Stomach (পাকস্থলী)	Stomachs
Patriarch (পরিবারের প্রধান মহিলা)	Patriarchs
Matriarch (পরিবারের কর্তী ও মা)	Matriarchs

3. Singular Noun-এর শেষে 'y' থাকলে এবং সে 'y' এর পূর্বে Consonant থাকলে 'y' এর স্থলে 'i' হয় এবং তার পর es যোগ করতে হয়। যেমনঃ

Singular	Plural
Baby (শিশু)	Babies
Story (গল্প)	Stories
Army (সৈন্যদল)	Armies
Fly (মাছি)	Flies

কিন্তু y এর পূর্বে Vowel থাকলে y এর কোন পরিবর্তন হয় না। শুধুমাত্র s যোগ করে Plural করতে হয়।

Singular	Plural
Toy (খেলনা)	Toys
Boy (বালক)	Boys
Monkey (বানর)	Monkeys
Day (দিন)	Days
Play (নাটক)	Plays

4. Singular Noun-এর শেষে f বা fe থাকলে Plural করিবার সময় f বা fe এর স্থলে v বসে এবং তার পর es যোগ করতে হয়। যেমনঃ

Singular	Plural
Leaf (পাতা)	Leaves
Loaf (কুটি)	Loaves
Wife (স্ত্রী)	Wives
Knife (ছুরি)	Knives

কিন্তু Singular Noun-এর শেষে যদি jof, if, oof, rf বা eef থাকে, তবে Plural করার সময় শুধু s যোগ করতে হয়। যেমনঃ

Singular	Plural
Roof (ছাদ)	Roofs
Chief (প্রধান)	Chiefs
Cliff (চূড়া)	Cliffs
Reef (পাহাড়শ্রেণী)	Reefs

Note: Hoof, scarf, Wharf ইত্যাদি কতকগুলো Noun-কে s বা es যোগ করে Plural করা যায়। যেমনঃ

Singular	Plural
Hoof (খুর)	Hoofs/Hooves
Scarf (গুড়না)	Scarfs/Scarves
Wharf (জেটি)	Wharfs/Wharves
Staff (লাঠি, কর্মিবর্গ)	Staffs/Staves

5. Singular Noun- এর শেষে O থাকলে এবং O এর পূর্বে একটি Consonant থাকলে es যোগ করে Plural করতে হয়। যেমনঃ

Singular	Plural
Potato (আলু)	Potatoes
Mango (আম)	Mangoes
Hero (বীর)	Heroes

কিন্তু O এর পূর্বে Vowel থাকলে শুধু S যোগ করে Plural করতে হয়। যেমনঃ

Singular	Plural
Cuckoo (কোকিল)	Cuckoos
Bamboo (বাঁশ)	Bamboos
Studio (চলচ্চিত্র তোলার ঘর)	Studios

Note: নিম্নলিখিত Nounগুলির শেষে o এবং o এর পূর্বে Consonant থাকা স্বত্বেও শুধু s যোগ করে Plural করা হয়।

Singular	Plural
Photo (আলোকচিত্র)	Photos
Piano (বাদ্যযন্ত্র)	Pianos
Radio (বেতার)	Radios
Canto (কাব্যের স্বর্গ)	Cantos

Note: নিম্নলিখিত Noun-এর শেষে s বা es যোগ করে Plural করা যায়।

Singular**Plural**

Mosquito (মশা)

Mosquitos/Mosquitoes

Portics (বারান্দা)

Porticos/ Porticoes

Calics (সাদাসুতার কাপড়)

Calicos/ Calicoes

6. কতকগুলো Noun এর মাঝের vowel এ পরিবর্তন করে Plural করা

হয় যেমনঃ

Singular**Plural**

Man (মানুষ)

Men

Woman (স্ত্রীলোক)

Women

Foot (পা)

Feet

Goose (রাজহাঁস)

geese

Mouse (ইঁদুর)

Mice

Louse (উকুন)

lice

Tooth (দাঁত)

Teeth

7. কতকগুলো Noun এর শেষে en, ren, ne যোগ করে Plural করতে হয় যেমনঃ

Singular**Plural**

Ox (ষাড়)

Oxen

Child (শিশু)

Children

Brother (ভাই)

Brothers

Cow (গাভী)

Kine (Cows) .

8. Compound Noun এর শেষাংশ man হলে এবং উহার অর্থ মানুষ হলে man

এর পরিবর্তে men ব্যবহার করে Plural করতে হয়। যেমনঃ

Singular**Plural**

Fisherman (জেলে)

Fishermen

Boatman (মাঝি)

Boatmen

Workman (কাজের লোক)

Workmen

Man-of-war (যোদ্ধা)

Men-of-war

Salesman (বিক্রেতা)

Salesmen

কিন্তু man এর অর্থ মানুষ না হয়ে কেবল শব্দের অংশ হলে অথবা জাতি বা

শাণ্ডারিক বুঝালে man এর সঙ্গে s যোগ করে Plural করতে হয় যেমনঃ

Singular**Plural**

Mussalman (মুসলমান)

Mussalmans

Brahman (ব্রাহ্মন)

Brahmans

German (জার্মানের অধিবাসী)

Germans

Norman (নরমানের অধিবাসী)

Normans

9. Compound word এর শেষে full থাকলে উহার শেষে s বোণ করে Plural করতে হয়। যেমন :

Singular**Plural**

Handful (একমুঠো)

Handfuls

Mouthful (একগাল)

Mouthfuls

Spoonful (একচামচ)

Spoonfuls

10. একাধিক শব্দবোলে গঠিত Compound Noun এর Plural করতে হলে উহার প্রধান অংশের সাথে s বোণ করতে হয়। যেমন:

Singular**Plural**

Brother-in-law (শ্যালক)

Brothers-in-law

Passer-by (পথিক)

Passers-by

Step-brother (বৈমাত্রেয়ভাই)

Step-brothers

Father-in-law (শশুর)

Fathers-in-law

Commander-in-chief (সেনাপ্রধান)

Commanders-in-chief

Maid-servant (চাকরানী)

Maid-servants

কিন্তু কতকগুলো Compound Noun এর প্রত্যেকটি অংশকে Plural করতে হয়। যেমন:

Singular**Plural**

Lord-justice (প্রধান বিচারপতি)

Lords-justices

Man-servant (পুরুষ চাকর)

Men-servants

Woman-servant (চাকরাণী)

Women-servants

11. নিম্নলিখিত কতকগুলো Compound Noun এর শেষে s বোণ করে Plural করতে হয়। যেমন:

Singular**Plural**

Book-shelf (বইয়ের তাক)

Book-shelves

Book-case (বইয়ের খোপ)

Book-cases

Major-general (মেজর জেনারেল)

Major-generals

Poet-laureate (রাজকবি)

Poet-laureates

Forget-me-not (এক জাতীয় ফুল)

Forget-me-nots

1. কতকগুলি Noun -এর ভিন্নার্থক দুটি Plural হয়:

Singular

Plural

1. Brother
(ভাই)

(I) Brothers (সহোদর ভাইগণ) Karim has two brothers.

Brothren (একই সমাজে ভ্রাতৃহীনীয় ব্যক্তিবর্গ) The brethren of the club are active.

2. Cloth

Cloths-(মাশা প্রকারের কাপড়) -He bought some (কাপড়) cloths.

Clothes (পোশাক)-He put on new clothes.

3. Beef
(গোমাংশ)

Beefs -(মাশা প্রকারের গোমাংশ)-Beefs are available in this hotel.

Beeves (ষাড়তলি) The beeves are strong.

4. Die

Dies-(মুদ্রার ছাঁচসমূহ)-Dies are used for (মুদ্রার ছাঁচ) various purposes.

Dice-(পাশাখেলায়তলি)-He likes to play on dice.

5. Shot

Shot-(তলিসকল)-He spent two shot to kill (তলি) the tiger.

Shots-(তলিছোড়ার সংখ্যা)-Several shots were heard

6. Index
(সূচিপত্র)

Indexes-(সূচিপত্রসমূহ)Indexes are useful for readers.

Indices (বীজগণিতের চিহ্নসমূহ) Students should learn the indices very carefully.

7. Penny
(ইংল্যান্ডীয় মুদ্রা)

Pennies-(পেনি নামক মুদ্রার সংখ্যা)-Lend me some pennies.

Pence (পেনে মোটমূল্য)-This pen cost me eight pence

8. Fish
(মাছ)

Fishes-(ভিন্নমাছ)-Different fishes are available in the market.

Fish-(একত্রে কতগুলো মাছ)-They are catching fish.

9. Sail
(পাল)

Sail-(জাহাজের সংখ্যা)-Many sail left the port.

Sails-(জাহাজে পালসমূহ)-The ship set sails.

10. Genius
(প্রতিভাবান)

Genii (ভূতপ্রেতসমূহ)-I do not believe in genii.

Geniuses (প্রতিভাবানলোকগুলো) Geniuses are respected.

2. কতকগুলো Noun এর Singular-এ দুই অর্থ এবং Plural-এ এক অর্থ হয়। গেম-০১

	Singular	Plural
Horse	1. অশ্ব-The horse is useful. 2. অশ্বরোহী সৈন্য-The horse of the king defeated the enemy.	Horses-(অশ্বগুলি)-He sold live horses
Word	1. (শব্দ) Don't utter a word 2. (প্রতিজ্ঞা/সংবাদ) He kept his word.	Words-(শব্দগুলো)-Some meaningful words make a sentence.
Foot	1. (পা) -He goes to school on foot. 2. (পদাতিক সৈন্য) The foot defeated the enemy.	Feet (পাগুলি)-His feet are strong
People	1. (জাতি)-The English are a brave people 2. (লোকজন)- Many people were present in the meeting	Peoples-(জাতিসমূহ)-Different peoples have different culture.
Force	1. (বাহিনী)-A police force attacked the robbers 2. (শক্তি)-Don't apply force	Forces-(সৈন্যগণ)-The forces are very strong
Practice	1. (অভ্যাস)-He gave up his bad practice 2. (পেশা/ অনুশীলন)-The player has good practice	Practices-(অভ্যাসগুলি)-Give up your all bad practices
Light	1. (প্রদীপ)-I lit the light. 2. (বীজি)-The moon gives us light at night.	Lights-(প্রদীপগুলো)-He put out the lights.
Issue	1. (ফল)-What is the issue of making a quarrel? 2. (সন্তানসন্ততি)-Rokeya has no issue	Issues-(ফলাফল)-What are the issues of making a quarrel?
Abuse	1. (অপব্যবহার)-Now-a-days the mighty make abuse of power. 2. (তিরস্কার)-Father abused me for my idleness	Abuses (অপব্যবহারগুলো) Abuses of power are common today.

3. কতকগুলি Noun এর Singular-এ একটি অর্থ কিন্তু Plural এ-সু'টি অর্থ হয়ে থাকে।

Colour বর্ণ	(1) There are four colours (বর্ণগুলো) in his shirt. (2) Colours (পতাকাসমূহ) were hoisted.
Spectacle	(1) The spectacles (দৃশ্যাবলী) of the Sunderbans are charming. (2) I use spectacles (চশমা)
Arm	(1) The culprit was caught with arms (অস্ত্রশস্ত্র) (2) Man has two arms (বাহু)
Circumstance	(1) His circumstances (অবস্থা) are bad. (2) I could not attend the meeting due to unavoidable circumstances. (পরিস্থিতি)
Effect	(1) The medicine will have good effects (ফলসমূহ) (2) He has sold off his effects (সম্পত্তি)
Manner	(1) Try to learn good manners (আচরণ) (2) You should maintain the official manners (পদ্ধতিসমূহ)
Pain	(1) There is no success without pains (ক্লেশ) (2) The medicine will cure your pains (যন্ত্রণা)
Part	(1) Dr. Shahidullah was a man of parts (ভাগ) (2) Spare parts (টুকরা অংশ) of electronic goods are sold in the shop.
Premise	(1) A meeting was held in the school premises (প্রাঙ্গন) (2) His premises (প্রস্তাবনা) are praise worthy.
Moral	(1) The story bears two morals (নৈতিক শিক্ষা) (2) The morals of the student of this school are worth mentioning.
Quartar	(1) I have a tiny quartar (বাসগৃহ) (2) Three quarters of the construction of the building are incomplete.

4. কতকগুলি noun এর singular-এ দুই অর্থ এবং Plural-এ তিন অর্থ :

	Singular	Plural
Letter	(1) Z is the last letter (অক্ষর) of the English alphabet. (2) He has posted the letter (চিঠি)	(1) He has learnt all the letters (অক্ষরগুলি) of the English alphabet. (2) He has posted three letters (চিঠিগুলি) (3) He is a man of letters (পণ্ডিত)
Ground	(1) There is a play ground (মাঠ) in front of our school. (2) He was absent showing the ground (যুক্তি) of illness.	(1) There are uncultivated grounds (ভূমি) before our school. (2) He was granted bail for showing good grounds. (3) He threw away the grounds (তলানী) of the tea.

5. কতকগুলি Noun এর Singular ও Plural-এ ভিন্ন ভিন্ন অর্থ হয়। যেমন:

Singular

Advice (উপদেশ)

Sand (বালু)

Iron (লৌহ)

Corn (শস্য)

Good (মাল)

Return (প্রত্যাবর্তন)

Air (বায়ু)

Compass (সীমা, পরিসর)

Content (সন্তোষ)

Plural

Advices (সংবাদ)

Sands (সমুদ্রতীর)

Irons (শৃঙ্খল)

Corns (পায়ের কড়া)

Goods (মালপত্র)

Returns (বিবরণী)

Airs (হাবভাব)

Compasses (বৃত্তাংকনের যন্ত্র)

Contents (জিনিষপত্র)

6. কতকগুলো Noun কেবলমাত্র Singular Number-এ ব্যবহৃত হয়। ইহাদের Plural নেই। যেমন: Furniture, scenery, information, poetry, machinery, expenditure, issue, bread ইত্যাদি। এই Singular Noun গুলি পৃথকভাবে কোন sentence-এর-Subject হিসাবে ব্যবহৃত হলে তারপরে verb singular হয়।

7. কতকগুলি Noun দেখতে Singular হলেও উহারা মূলতঃ plural এবং ইহাদের পরে verb plural হয়।

যেমনঃ Aristocracy (কুলীন সম্প্রদায়), gentry (ভদ্রসম্প্রদায়), nobility (ভদ্রসম্প্রদায়), peasantry (কৃষক সম্প্রদায়), cattle (গো মহিষাদি), poultry (হাসমুরগী), majority (সংখ্যাগরিষ্ঠ), tenantry (প্রজাকুল), perfumery (সুগন্ধি প্রব্যাদি), artillery (আগ্নেয়স্ত্রসকল), vermin (ইদুর), people (লোকসকল), public (জনসাধারণ), mankind (মানবজাতি), clergy (বাজক সম্প্রদায়), government (সরকার)

8. কতকগুলো Noun দেখতে plural এর মত হলেও ইহারা singular অর্থে ব্যবহৃত হয় এবং ইহাদের পর verb singular হয়। যেমনঃ Mathematics (অঙ্কশাস্ত্র), physics (পদার্থবিদ্যা), Politics (রাষ্ট্রবিজ্ঞান), economics (অর্থশাস্ত্র), news (সংবাদ), ethics (নীতিশাস্ত্র), optics (আলো বিজ্ঞান), innings (ইনিংস), wages (মজুরী), gallows (ফাঁসিকাঠ) athletics (শরীরচর্চা বিজ্ঞান) ইত্যাদি। এদের মধ্যে যেগুলি মূলতঃ Greek শব্দ থেকে (যেমন-Physics, mathematics, ethics, politics ইত্যাদি) যদি উহারা কোন subject (বিষয়) নির্দেশ করে তবে singular অর্থে গণ্য হয় এবং উহাদের পর verb singular হয়। যেমনঃ Physics (পদার্থবিদ্যা) is my favourite subject কিন্তু বিশেষ দৃষ্টান্ত বুঝাতে ইহারা Plural হিসাবে গণ্য হতে পারে এবং এদের পরে Plural verb বসে। যেমনঃ His politics (রাজনৈতিক আদর্শ) are not practical.

9. Fruit, fish, brick, hair, alphabet ইত্যাদি সাধারণ অর্থে singular এ ব্যবহৃত হয়। কিন্তু ভিন্ন ভিন্ন জাতীয় অর্থে fruit, fish plural রূপে ব্যবহৃত হতে পারে। যেমনঃ He ate both the fruits.

10. কতকগুলি Noun সবসময় plural অর্থে ব্যবহৃত হয় এবং এদের পর verb plural হয়। যেমনঃ Alms (ভিক্ষা), amends (ক্ষতিপূরণ), mumps (গলাফুলা রোগ), measles (হাম), scissors (কাঁচি), trousers (পাজামা), spectacles (চশমা), environs (শহরতলী), nuptials (বিবাহ), proceeds (আয়), bowels (অন্ত্র, নাড়িভুড়ি), tidings (সংবাদ), assets (সম্পদ), belongings (অধিকারভুক্ত জিনিস পত্র), savings (সঞ্চয়), earnings (আয়), surroundings (পরিবেষ্টনী), aborigines (আদিম অধিবাসী), ashes (ছাই), entrails (নাড়িভুড়ি), letters (শৃঙ্খল), vitals (জীবনীশক্তি) ইত্যাদি। তবে এদের মধ্যে amends, mumps, measles, alms, tidings ইত্যাদি singular number-এও ব্যবহৃত হয়।

11. কতকগুলি Noun এর singular এবং plural একই হয়। যেমনঃ Deer, sheep, canon (কামান), gross (বার ডজন), pice (পয়সা), apparatus (যন্ত্রপাতি), swine, spices (জাতি), innings (ক্রিকেটের innings), corps (সৈন্যদল), salmon (একজাতীয় মাছ) ইত্যাদি।

12. নির্দিষ্ট সংখ্যাবাচক Adjective, Noun এর পূর্বে থাকলে dozen, brace, lathom, yoke, score, pair, hundred, thousand, head ইত্যাদির plural হয় না।

Give me two hundred (not hundreds) taka.

I have bought two pair of socks. (মোজা)

কিন্তু অনির্দিষ্ট সংখ্যা বা some, several, a few many ইত্যাদি Noun এর পূর্বে থাকলে বা এগুলির পূর্বে উক্তি (যেমন হাজার হাজার শত শত) বুঝালে এদের plural হয়। যেমনঃ Hundreds of people, Thousands of dollars ইত্যাদি

13. কতকগুলো Noun সাধারণতঃ Plural রূপ গ্রহণ করলেও যখন সেগুলো compound adjective গঠন করে এবং একটি নির্দিষ্ট পরিমাণ বা সংখ্যা নির্দেশ করে তখন উক্ত Nounটি singular হিসাবে গণ্য হয়। এক্ষেত্রে compound adjective টির পূর্বে singular adjective-a, an, one, this, that ইত্যাদি বসে। বসে। যেমনঃ He gave me a five taka note. A ten year old child was run over yesterday. A three year diploma course, a five foot scale ইত্যাদি।

14. একাংশ ব্যতীত সকল ভগ্নাংশ Plural এ ব্যবহৃত হয়। যেমন two thirds of the work has been done.

15. নির্দিষ্ট দৈর্ঘ্য বা পরিমাণ বুঝালে কোন Noun দেখতে plural হলেও singular-এ ব্যবহৃত হয়।

যেমন : Fifty miles is a long way. Two months is a long time.

16. দেশের নাম, বইয়ের নাম দেখতে Plural হলেও উহারা Singular এবং উহাদের পরে verb singular হয়। যেমনঃ

Great Expectations by Dickens is a famous novel.

The United States of America is a host country in the world Cup Football 1994.

17. সংবাদ, আশ্বাস, প্রতিশ্রুতি অর্থে word শব্দটি singular হিসাবে ব্যবহৃত হয় যেমনঃ

He has kept his word (প্রতিজ্ঞা)

18. Lots, a lot, heaps ও half এর পরে of সহ singular noun থাকলে verb টিও singular হয়। যেমনঃ There is lots of book on the table কিন্তু ইহাদের পরে of সহ plural noun থাকলে verbটিও plural হয়। যেমনঃ There are lots of books on the table.

19. "More than one" Singular noun হিসাবে পরিগণিত হয়। তাই এর পরে Verb ও Noun Singular হয়। যেমন : More than one boy was present.

কিন্তু More than এর পরে one না থেকে two, three এরূপ থাকলে উহারা Plural রূপে গণ্য হয় এবং উহাদের পরে Plural Verb বসে। যেমনঃ More than two boys were present.

20. To, after ইত্যাদি দ্বারা একই Noun যুক্ত হলে তারা singular হিসাবে গণ্য হয়। যেমনঃ Day after day they had to stay in the silent sea. The poor drag a miserable existence in their day to day life.

৪১. Adjective-এর Plural form নেই। কিন্তু ইহার পূর্বে The বসলে Plural Common Noun হয় এবং তখন Verb Plural হয়। যেমন-

The poor live from hand to mouth.

22. Letter (অক্ষর) ও figure (সংখ্যা) এর শেষে s যোগ করে plural করতে হয় এবং verb plural হয়। যেমনঃ

Two B. A 's have joined our school.

I have forgotten to cut my t's and dot my i's.

Two 5's make ten.

Note: বর্তমানে Letter (অক্ষর) ও Figure (সংখ্যা) কে Plural করতে শুধু s ব্যবহার করা হয়। (Aphostrophe (')) ব্যবহার হয় না।

23. শিকারী প্রাণী বা পাখীকে যখন সমষ্টিগতভাবে বুঝায় তখন ইহারা singular রূপ গ্রহণ করলেও ইহারা plural হিসেবে ব্যবহৃত হয়। যেমনঃ

He has gone to the Sunderbans to kill tiger.

(এখানে tiger বলতে একটি বাঘ নয় সমষ্টিগত ভাবে কিছু বাঘকে বুঝায়)

Miscellaneous (বিবিধ)

Singular

Mr.

Mrs./Madame

Mr. Zaman

Mrs. Zaman

Miss Zaman

Master Zaman

Plural

Messers

Mesdame

Messrs Zaman

Mr. Zamans

Mrs. Zamans

Miss Zamans

Misses Zamans

The master Zamans

Foreign Plural

Singular

Axis (অক্ষর)

Analysis (বিশ্লেষণ)

Agendum (বিচার্য বিষয়)

Alumnus (প্রাক্তনছাত্র)

Appendix (পরিশিষ্ট)

Bandit (দস্যু)

Basis (ভিত্তি)

Bureau (সরকারী বিভাগ)

Crisis (সংকট)

Cherub (স্বর্গীয় দূত)

Plural

Axes

Analyses

Agenda

Alumni

Appendices

Banditti/Bandits.

Bases

Bureaux/Bureaus

Crises

Cherubium/Cherubs

Singular	Plural
Criterion (নির্ণায়ক)	Criteria
Datum (উপাত্ত)	Data
Erratum (ভুলের তালিকা)	Errata
Focus (কেন্দ্র)	Foci
Formula (সূত্র)	Formulae/Formulas
Genus (গণ)	Genera
Hypothesis (প্রকল্প)	Hypotheses
Hippopotamus (জলহস্তী)	Hippopotami
Locus (সংস্কারপাদ)	Luci/Locuses
Medium (মাধ্যম)	Media
Memorandum (স্মারকলিপি)	Memoranda
Phenomenon (দৃশ্যবস্তু)	Phenomena
Parenthesis (শূন্যস্থান)	Parentheses
Oasis (মরুদ্যান)	Oases
Referendum (গণভোট)	Referenda
Radius (ব্যাসার্ধ)	Radii/Radiuses
Seraph (স্বর্গীয় দূত)	Seraphim
Syllabus (পাঠ্যক্রম)	Syllabi/Syllabuses
Thesis (প্রবন্ধ)	Theses
Terminus (শেষপ্রান্ত)	Termini/Terminuses
Vertex (শীর্ষ)	Vertices

Number of pronoun

Singular	Plural
I	We
My	Our
Mine	Ours
Me	us
You	you
Your	Your
He/She	They
His/Her(তার)	Them
This	These
That	Those
It	They
Its	Their

Tick the correct answer:

- He has seven (ox)

(i) oxes (ii) oxens (iii) ox (ix) oxen
- There are three (M. A.) in our village

(i) M.A. S. (ii) M. A. (iii) M. A.'s (iv) M.A.'s

3. **He lost all his (tooth)**
(i) teeth (ii) teeths (iii) tooth (iv) tooths
4. **The green (leaf) look beautiful:**
(i) leafs (ii) leave (iii) leafes (iv) leaves
5. **He has five (man-servant) in his house:**
(i) men-servants (ii) men servant
(iii) man-servants (iv) man-servant
6. **The cat killed two (mouse):**
(i) mouses (ii) mices (iii) mice (iv) mouse
7. **I saw two (cuckoo) on the tree:**
(i) cuckos (ii) cuckooes (iii) cuckoes (iv) cuckoos
8. **He is good at (physic):**
(i) physique (ii) physics (iii) physices (iv) physiques
9. **His (fathers-in-law) is a doctor:**
(i) father-in-law (ii) father-in-laws
(iii) fathers-in-laws (iv) fathers-in-law.
10. **A (lice) fell from her head:**
(i) louse (ii) lices (iii) louses (iv) licen.

Exercise

1. **Give the plural number of the following:**
Branch, tomato, monarch, knife, monkey, story, box, stomach, house, dish, leaf, play, toy, army, hero, photo, roof, hoof, potato, cuckoo, bamboo, mosquito, child, man-of-war, house, woman, ox, salesman, Musalman, fisherman, German, brother-in-law, maid-servant, woman-servant, man-servant, major-general, book-case, handful, spoonful, portics, scarf, analysis, agendum, bandit, basis, Mr. Mrs. crisis, phenomenon, syllabus.
2. **Give the singular number of the following:**
Asses, dishes, monarchs, flies, leaves, babies, wives, mangoes, studies, pianos, heroes, staffs, chiefs, feet, geese, mice, oxen, lice, boatmen, brahamans, spoonfuls, step-brothers, fathers-in-law, lords-justices, men-servants, book-cases.
3. **Give the opposite number of the following:**
Loaves, bus, boxes, days, cliff, radio, foot, workmen, Norman, passer-by, commanders-in-chief, memorandum, criterion, data, hypothesis, theses, fez, key.

GENDER

যে শব্দ দ্বারা কোন Noun বা Pronoun এর পুরুষ, স্ত্রী বা এদের কোনটিই নহে বা অব্যেচন পদার্থ (ক্লিভ) ইত্যাদি বুঝায় তাকে Gender বলে। ইংরেজীতে Gender চার প্রকার। যথা- (i) Masculine Gender (ii) Feminine Gender (iii) Common Gender (iv) Neuter Gender.

Gender



Masculine

Feminine

Common

Neuter

1. Masculine (পুরুষ) Gender : যে Noun বা Pronoun দ্বারা পুরুষ জাতি বুঝায় তাকে Masculine Gender বলে। যেমনঃ Boy, father, brother, dog, lion, he ইত্যাদি।

2. Feminine (স্ত্রী বাচক) Gender : যে Noun বা Pronoun দ্বারা স্ত্রী জাতি বুঝায় তাকে Feminine gender বলে। যেমনঃ girl, mother, sister, bitch, lioness, she.

3. Common (উভয়) Gender : যে Noun বা Pronoun দ্বারা স্ত্রী পুরুষ উভয়কে বুঝায় তাকে Common Gender বলে। যেমনঃ child, friend, person, student, they.

4. Neuter (ক্লিভ) Gender : যে Noun বা Pronoun দ্বারা স্ত্রী বা পুরুষ কোনটিকে না বুঝিয়ে অবেচন পদার্থকে বুঝায় তাকে Neuter Gender বলে। chair, table, bench.

Feminine from Masculine

সাধারণতঃ তিনভাবে Masculine থেকে Feminine Gender গঠন করা হয়।

1. বেশীর ভাগ ক্ষেত্রে সম্পূর্ণ ভিন্ন শব্দ ব্যবহার করে; যেমনঃ Boy — girl; Man — woman; horse — mare.

2. শেষে একটি syllable অর্থাৎ Masculine Noun-এর শেষে ess যোগ করে। যেমনঃ Author — authoress; poet — poetess; lion — lioness.

3. Compound Noun-এর Masculine অংশটির Feminine ব্যবহার করে; যেমনঃ Brother-in-law—sister-in-law; fisherman — fisherwoman.

1. ভিন্ন শব্দ ব্যবহার করেঃ

Masculine

Boy (বালক)

Beau (সুন্দর পুরুষ)

Feminine

Girl (বালিকা)

Belle (সুন্দর স্ত্রীলোক)

Masculine

Brother (ভাই)

Bull (বলদ)

Bridegroom (বর)

Buck (মৃগ)

Bachelor (অবিবাহিত পুরুষ)

Bullock (দামড়া বাছুর)

Boar (শূকর)

Cock (মোরগ)

Colt (বান্ধা ঘোড়া)

Dog (কুকুর) -

Drake (পাতিহাঁস)

Drone (পুরুষ মৌমাছি)

Earl (সম্রাট পুরুষ)

Father (পিতা)

Fox (খেকশিয়াল)

Gentleman (ভদ্রলোক)

Gander (রাজহংস)

Horse (ঘোড়া)

Hart (হরিন)

Hero (বীর/নায়ক)

Husband (স্বামী)

King (রাজা)

Lad (বালক)

Lord (সম্রাট পুরুষ)

Man (মানব)

Male (পুরুষ)

Monk (সন্ন্যাসী)

Nephew (ভাগ্নেয়/ভাইপো)

Pappa/Dadd (শিশুর ভাষা পিতা)

Ram (ভেড়া)

Feminine

Sister (বোন)

Cow (গাভী)

Bride (কনে)

Doe (মৃগী)

Maid/Spinster

Heifer (বকনা বাছুর)

Sow (শূকরী)

Hen (মুরগী)

Filly (বান্ধা ঘোটকী)

Bitch (কুকুরী)

Duck (পাতিহাঁস)

Bee (স্ত্রী মৌমাছি)

Countess (সম্রাট মহিলা)

Mother (মাতা)

Vixen (খেকশিয়ালী/ঝগড়াটে মহিলা)

Gentle lady/Lady (ভদ্রমহিলা)

Goose (রাজহংসী)

Mare (ঘোটকী)

Roe (হরিনী)

Heroine (নায়িকা)

—Wife (স্ত্রী)

—Queen (রানী)

Lass (বাগিক)

Lady (সম্রাট মহিলা)

Woman (মানবী)

Female (স্ত্রীলোক)

Nun (সন্ন্যাসিনী)

Niece (ভাগ্নি/ভাইঝি)

Mamma/Mummy (মাতা)

Ewe (ভেড়ী)

Gender

Masculine

Sir (মহাশয়)

Stallion (পালের ঘোড়া)

Stag (মৃগ)

Son (পুত্র)

Sloven (নোংরা পুরুষ)

Swain (গ্রাম্য যুব)

Tailor (দর্জি) —

Uncle (চাচা, মামা)

Widower (বিপত্নীক)

Wizard (ডাইন/যাদুকর)

Feminine

Madame (মহাশয়া)

Mare (ঘাটকী)

Hind (মৃগী)

Daughter (কন্যা)

Slut (নোংরা মহিলা)

Nymph (অল্প বয়স্ক মহিলা)

Seamstress (মহিলা দর্জি)

— Aunt (চাচী, মামী)

— Widow (বিধবা)

Witch (ডাইনী/যাদুকরী)

2. Masculine-এর শেষে ess যোগ করে Feminine করা হয়।

(A) Masculine-এর মূল শব্দের কোনরূপ পরিবর্তন না করে :

Masculine

Author (গ্রন্থকার)

Baron (সম্রাট পুরুষ)

Count (সম্রাটব্যক্তি)

Giant (দৈত্য)

God (দেবতা)

Host (অতিথি সেবক)

Heir (উত্তরাধিকারী)

Jew (ইহুদী পুরুষ)

Lion (সিংহ)

Prince (যুবরাজ)

Peer (দৃষ্টি গোচর)

Patron (পুরুষ পৃষ্ঠপোষক)

Priest (পাদ্রী)

Shepherd (পুরুষ রাখাল)

Manager (ব্যবস্থাপক)

Poet (কবি)

Feminine

Authoress (লেখিকা)

Baroness (সম্রাট মহিলা)

Countess (সম্রাট মহিলা)

Giantess

Godess

Hostess

Heiress

Jewess

Lioness

Princess

peeress

Patroness

Priestess

Shepherdess

Manageress

Poetess

MASculine

Tutor (গৃহ শিক্ষক)

Tutoress

Steward (গৃহস্থালী তত্ত্বাবধায়ক)

Stewardess

(B) Masculine Noun-এর শেষ Syllable বাদ দিয়ে ess যোগঃ

Masculine

Feminine

Actor (অভিনেতা)

Actress

Benefactor (হিতকারী)

Benefactress

Conductor (পরিচালক)

Conductress

Director (পরিচালক)

Directress

Doctor (ডাক্তার)

Doctress

Enchanter (মায়াবী)

Enchantress

Hunter (শিকারী)

Huntress

Instructor (প্রশিক্ষক)

Instructress

Inspector (পরিদর্শক)

Inspectress

Governor (শাসনকর্তা)

Governess

Negro (কালি পুরুষ)

Negress

Songster (গায়ক)

Songstress

Tiger (ব্যাঘ্র)

Tigress

Traitor (বিশ্বাঘাতক)

Traitress

Waiter (পরিচারক)

Waitress

Porter (মুটে)

Portress

Warder (ওয়ার্ড রক্ষক)

Wardess

Temptor (প্রলুব্ধকারী)

Temptress

Votary (পুরুষভক্ত)

Votaress

C. Masculine Noun-এর সাথে অনিয়মিত ভাবে ess যোগ করে :

Masculine

Feminine

Abot (মঠকর্তা)

Abotess

Duke (সম্রাট ব্যক্তি)

Duchess

Emperor (সম্রাট)

Empress

Master (প্রভু)

Mistress

Master (কুমার)

Miss

Gender

Masculine

Mr. (মহাশয়)

Murder (পুরুষখুনী)

Marquis (সম্রাট ব্যক্তি)

Marquess

Sorcerer (যাদুকার)

Feminine

Mrs.

Murderess

Marchioness

Sorceress

D. বিদেশী ভাষা হতে আগত Masculine Noun কে a, trix, ine ইত্যাদি যোগ করে

Feminine করা যায়।

Masculine

Administrator (প্রশাসক)

Alexander

Czar, Tsar (রাশিয়ার সম্রাট)

Don (মহাশয়)

Executor (নির্বাহক)

Hero (বীর পুরুষ)

Infant (শিশু)

Joseph (জোসেফ, ব্যায়ামকারী)

William (উইলিয়াম, বাংলা ভাষার জনক)

Signor (বাবু)

Henry (হেনরী, ইংরেজ লেখক)

Sultan (বাদশা)

Charles (আড়ম্বর)

Viceroy (রাজ প্রতিনিধি, বড়লাট)

John (আদর্শ ইংরেজ)

Proprietor (স্বত্বাধিকারী)

Prosecutor (অভিযোক্তা)

Feminine

Administratrix

Alexandrina

Czarina, Tsaitsa

Dona, Donna

Executrix

Heroine

Infanta

Josephine

Wilhelmina

Signora

Henrietta/Harriet

Sultana

Charlotte/Caroline

Vicereine

Jane

Proprietrix

Prosecutrix

3. Compound Noun-এর Masculine অংশটির Feminine ব্যবহার করে:

(A) প্রথম অংশ পরিবর্তন করে:

Masculine

Duck-rabbit (পুরুষ খরগোশ)

Feminine

Doe-rabbit

Masculine

Bull-calf (এঁড়ে বাছুর)

Cock-sparrow (পুরুষ চড়ুই)

Billy goat (পাঠা)

Jack-ass (পুরুষ গর্দভ)

Brother-in-law (শ্যালক)

Father-in-law (শতর)

Son-in-law (জামাতা)

Mankind (মানব সুলভ)

Man-servant (কুমার চাকর)

Male-servant (পুরুষ চাকর)

Male-child (পুরুষ শিশু)

Boy-baby (বালক শিশু)

Feminine

Cow-calf (বকনা বাছুর)

Hen-Sparrow

Nanny goat

She-ass

Sister-in-law

Mother-in-law

Sister-in-law

Womankind

Maid-servant

Female-servant

Female-child

Girl-baby

B. দ্বিতীয় অংশের পরিবর্তন করে:

Masculine

School-master (কুলশিক্ষক)

Washerman (ধোপা)

Milkman (গোয়াল)

Beggarman (ভিক্ষুক)

Fisherman (জেলে)

Gentleman (অদ্রলোক)

God-father (ধর্মপিতা)

Foster-father (পালক পিতা)

Step-brother (বৈমাত্রেয় ভাই)

Grandfather (দাদা)

Pea-cock (ময়ূর)

Landlord (জমিদার)

Feminine

School-mistress

Washerwoman

Milkmaid

Beggarwoman

Fisherwoman

Gentlewoman

God-mother

Foster-mother

Step-sister

Grandmother

Pea-hen

Landlady

4. কতিপয় Common gender-এর Masculine এবং Feminine রূপ:

Common

Masculine

Feminine

Child

Son, Boy

Girl, Daughter

Common	Masculine	Feminine
Calf	Bullock	Heifer
Deer	Hart, Stag	Roe, Hind
Sheep	Ram	Ewe
Cat	Male cat	Female cat
Pig	Boar	Sow
Fowl	Cock	Hen
Horse	Stallion	Mare
Parent	Father	Mother
Person	Man	Woman
Student	Male Student	Female/Girl student
Teacher	Male teacher	Female teacher
Spouse	Husband	Wife
Servant	Man-servant	Male-servant
Orphan	Boy without parents	Girl without parents
Monarch	King/Emperor	Queen/Empress

5. নিম্নলিখিত Common Gender-এর Noun-গুলোর Masculine এবং Feminine Gender-এ এদের পূর্বে যথাক্রমে male এবং Female শব্দ ব্যবহার করা যায়।

bird, cousin, enemy, baby, infant, pupil, scholar, friend, singer.

6. কতকগুলো Feminine Noun-এর কোন Masculine form নেই। ইহারা সর্বদাই Feminine রূপে ব্যবহৃত হয়। এদের নিত্য Feminine বলে।

Amazon (পুরুষভাবাপন্ন স্ত্রী লোক), Shrew (খগড়াটে মহিলা), Virgin (কুমারী), Nurse (সেবিকা), Blonde (গৌরাংগী), Siren (কুহকিনী), Coquette (ছিনাল মহিলা), Flirt (ছিনাল), Prude (কৃত্রিম লজ্জাবতী), Dowager (বৃদ্ধিভোগী বিধবা), Drab (নোংরা মেয়ে), Brunette (কালো চুল ও কালোবর্ণের নারী)

7. কতকগুলো Masculine Noun আছে যাদের কোন Feminine form নেই। যেমনঃ

Captain (অধিনায়ক), Judge (বিচারক), Chairman, Knight (নাইট) Squire (সহায় পুরুষ), Parson (পাদ্রী), Coward (কাপুরুষ)

8 (a) কতকগুলি Noun সর্বদা Common Gender রূপে ব্যবহৃত হয়। যেমনঃ baby (ছেলে বা মেয়ে), cousin (জ্ঞাতি ভাই ও বোন), orphan (অনাথ বালক বালিকা), friend (বন্ধু/বান্ধবী), pupil (ছাত্র-ছাত্রী), parent (পিতামাতা), infant (খোকাখুকী), person (পুরুষ বা স্ত্রীলোক), spouse (স্বামী বা স্ত্রী), relation (আত্মীয় বা আত্মীয়া), Child (খোকা বা খুকী), student (ছাত্র/ছাত্রী), beggar (ভিক্ষারী/ভিক্ষারিনী), enemy (পুরুষ শত্রু/মহিলা শত্রু), writer (লেখক/লেখিকা), teacher (শিক্ষক/শিক্ষিকা), citizen (নাগরিক পুরুষ/মহিলা), lawyer (আইনজীবী-পুরুষ/মহিলা), fool (বোকা), monarch (রাজা/রানী), ruler (শাসক-পুরুষ/মহিলা), ass (গর্দভ/গর্দভা), bird (পক্ষী/পক্ষিনী), cat (বিড়াল/বিড়ালী), sheep (ভেড়া/ভেড়ী), dear (হরিন/হরিনী), rat (মদ/মাদী ইদুর), foul (মোরগ/মুরগী), elephant (মদ বা মাদী হাতি), pig (সুকুর/সুকরী)।

(b) কতকগুলি Noun-এর Masculine ও Feminine উভয় রূপ থাকা স্বত্বেও Common Gender-এ ব্যবহৃত হয়। যেমনঃ Bee, cow, dog, horse, duck.

Notes: যেহেতু বর্তমানে মহিলারা পুরুষের কিছু কাজ করছে এবং একই ভাবে পুরুষেরাও মহিলাদের কাজ করছে, সে কারণে কিছু কিছু শব্দের Feminine. (যেমন : chairman, president, lawyer, advocate, doctor ইত্যাদি) এবং কিছু শব্দে। Masculine (যেমন nurse, house-maid ইত্যাদি) করা কঠিন হয়ে পড়েছে। তাই এদেরকে Common Gender হিসেবে গণ্য করা হয়।

9. (a) অনেক সময় অচেতন পদার্থকে সচেতন রূপে কল্পনা করা হলে তাদের Masculine বা Feminine হতে পারে। এক্ষেত্রে ইহাদের প্রথম অক্ষরটি Capital হয়।

তেজ, শক্তি, প্রভৃতির পুরুষোচিত গুণ আছে বলে মনে হলে সে সকল অচেতন পদার্থের Masculine Gender হয়। যেমনঃ

Sun, Death, Summer, Winter, War, Thunder, Anger, Fear. (Love), Time ইত্যাদি।

(b) সচেতনভাবে বর্ণিত অচেতন পদার্থ সৌন্দর্য, কমণীয়তা প্রভৃতি নারীসুলভ গুণে গুণাবিত বুঝালে ইহাদিগকে Feminine বলে গণ্য করা হয়। যেমন-Peace, Hope, Liberty, Modesty, Nature, Earth, Moon, Mercy, Religion, Justice, Truth, Church, Night ইত্যাদি

10. Ship, Train, Railway, Plane, Country ইত্যাদিকে Feminine বলে গণ্য করা হয়। যেমনঃ The Titanic went down on her first voyage.

11. (a) শিশু ও ইতর প্রাণীর প্রাণীকে Neuter Gender বলে গণ্য করা হয়। যেমনঃ The dog is noted for its faithfulness. The child was crying for its mother.

(b) Material ও Abstract Nounকে Neuter Gender রূপে গণ্য করা হয় কারণ ইহারা প্রাণহীন জিনিস। যেমনঃ

Rice is our staple (প্রধান) food and it grows almost everywhere in Bangladesh. Truthfulness has its own reward.

(c) Collective Noun কেও Neuter Gender হিসেবে ধরা হয়। অনেক সময় Collective Noun জীবন্ত প্রাণ দ্বারা গঠিত হলেও খোদ দল বা সমষ্টির প্রাণ নেই। তাই ইহারা Neuter Gender যেমনঃ The team has failed to choose its captain. Our class is proud of its bright students.

(d) Noun-এর gender অনুসারে তৎপরিবর্তে ব্যবহৃত Pronoun-এর gender হয়ে থাকে। যেমনঃ The ant is noted for its industry. The student respects his teacher very much.

EXERCISE

1. Arrange the following nouns in four groups — Masculine, Feminine, Common and Neuter.

Tiger, monarch, prince, hero, duke, maiden, slave, miss, water, princess, moon, cow, captain, people, cat, duchess, husband, nephew, he-goat, poet, lion, grandfather, grandson, virgin, negress, king, abot, Mr, father, son, her, charity, cock, monk, actor, widower, god-father, porter, son-in-law, count.

2. Give the feminine forms of the following nouns : Boy, father, uncle, god, lion, tailor cock, lad, male, master, hero, tutor, mankind, male-servant, gentleman, pea-cock, prince, shepherd, horse, monk.

3. Give the masculine forms of the following nouns : Cow, mother, wife, lady, run, niece, hind, witch, ewe, giantess, poetess, princess, waitress, miss, sultana, administratrix, bride, widow, she-goat, landlady, foster-mother, roe, bee, heiress, grand-daughter, cow-calf.

Tick the correct answer:

- 1. She is a great (poet)**
(i) female poet (ii) poet (iii) poetess (iv) poetress.
- 2. She is a shepherd:**
(i) shepherdess (ii) shepherdress.
(iii) female shepherded (iv) sheperdine.
- 3. Mrs. Jesmine is our favourite sir:**
(i) siress (ii) female sir (iii) madame (iv) mistress.
- 4. Mrs. Bhuyan is a famous (judge):**
(i) female judge (ii) judge (iii) lady judge (iv) judgtrix.
- 5. The (dog) gave birth two puppies:**
(i) male dog (ii) female dog (iii) cur (iv) bitch.
- 6. Mr. Smith is a (widow):**
(i) widowess (ii) widower
(iii) wifeless (iv) male widow.
- 7. He is a (bride):**
(i) bridess (ii) male bride (iii) bridegroom (iv) groom.
- 8. The (empress) Nasiruddin was kind hearted:**
(i) male emperor (ii) emproress (iii) emperor
(iv) empire.
- 9. She is my (nephew):**
(i) cousin (ii) aunt (iii) nephewess (iv) niece.
- 10. He works as a (maid-servant):**
(i) servant (ii) man-servant.
(iii) male-servant (iv) boy-servant.
- 11. The (lad) is doing her work sincerely:**
(i) ladess (ii) lass (iii) girl (iv) maid.

Tanbir

www.fb.com/tanbir.cox

তানবীর

THE CASE

Sentence এর Noun বা Pronoun এর সহিত অন্য word এর সম্পর্কে Case

যেমন : I gave him my pen.


উপরের sentence এ- "gave" কার্যটি আমার (I) দ্বারা সম্পন্ন হয়েছে। সুতরাং। (pronoun) gave verb টির Nominative বা কর্তা। তাই "I" Nominative Case.

আবার gave verb টির কার্য pen এর উপর আরোপিত হয়। সুতরাং gave verb টির সহিত pen এর যে সম্পর্ক তা Objective Case.

My এবং pen এর মধ্যে সম্পর্ক রয়েছে। কার কলম প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় "my"। যেহেতু তাদের মধ্যে অধিকারের সম্পর্ক রয়েছে তাই তারা Possessive Case.

Case তিন প্রকার।

1. Nominative Case(কর্তৃকারক)
2. Objective Case(কর্মকারক)
3. Possessive Case (সম্বন্ধ পদ)



Nominative Case: কোন Sentence-এ যে Noun বা Pronoun Verb এর কার্য সম্পন্ন করে, তাকে Nominative Case বলে। যেমন : I read a book.

ব্যখ্যা: উপরের Sentence-টিতে "Who reads" এ প্রশ্নের উত্তর "I" অর্থাৎ I এ. Pronounটি read Verb এর কার্য সম্পন্ন করে। I এ pronounটি read verb টির Subject বা Nominative.

Note: কে (who)কি (what) প্রশ্ন রাখলে যে শব্দ বা শব্দ সমষ্টি তার উত্তর দেয় তাই Nominative. Case।

KINDS OF NOMINATIVE

Nominative Case অনেক প্রকারের হতে পারে। যেমন: (1) Complementary Nominative: যখন কোন Noun বা pronoun be, become, seem, appear ইত্যাদি Verb এর পর অথবা passive voice এ- make. elect. call. select. appoint. name. nominate ইত্যাদি Verb এর পরে বসে predicate এর অংশরূপে sentence-এ ব্যবহৃত হয় তাকে complementary Nominative বলে। এক্ষেপে ব্যবহৃত Noun কে predicative Noun ও বলা হয়।

ব্যাখ্যা: উপরের sentence দুটিতে captain এবং singer এ Noun দুটি Nominative (subject) এর সংগে সম্পর্কযুক্ত। তারা Incomplete verb এর complement রূপে বসে sentence-এর অর্থকে সম্পূর্ণ করে। তাই তারা Complementary Nominative.

Note: Complementary Nominative এবং subjective complement এক না। কেবল Noun ও Pronoun-ই Complementary Nominative হতে পারে। কিন্তু যে কোন Parts of Speech- Subjective Complement হতে পারে।

2. Nominative Absolute: কোন Nominative (Noun/ Pronoun) যদি Present Participle/Perfect Participle এর সাথে সম্পর্কযুক্ত হয়ে তার পূর্বে বসে এবং sentence টির স্বয়ং সম্পূর্ণ দ্বিতীয় অংশের Finite verb এর সাথে কোন সম্পর্ক না থাকে, তবে সেই Nominative কে Nominative Absolute বলে।

The feast being over, we went home

ব্যাখ্যা: উপরের sentence টিতে The feast একটি Nominative এবং এর পর present participle being ব্যবহৃত হয়েছে। উক্ত Nominative টি finite verb এর সাথে সম্পর্কযুক্ত না হয়ে being এই present participle টির সাথে সম্পর্কযুক্ত হয়েছে। তাই The feast এখানে Nominative Absolute.

উল্লেখ্য Nominative Absolute এর পরে কখনও কখনও participle উহা থাকতে পারে।

The feast over, we went home.

3. Nominative of Address বা Vocative Case:

যখন কোন Noun কে সম্বোধন করে কিছু বলা হয় তখন সে Noun কে Nominative of Address বা Vocative Case বা Case of Address বলে।

Rashed, will you come to my house today?

ব্যাখ্যা: উপরের Sentence টিতে Rashed- Noun টি সম্বোধন করতে ব্যবহৃত হয়েছে। এ শব্দটি বাদ দিলে sentence এর কোন ভুল হয় না তবে জোর কমে যায়।

Case of Address-sentence এর শুরুতে বা শেষে বসে।

Case In Apposition: Apposition শব্দের অর্থ পাশাপাশি। যখন দুটি Noun পাশাপাশি বসে একই ব্যক্তি বা বস্তুকে বুঝায় তখন দ্বিতীয় Noun টিকে প্রথম Noun টির Case in Apposition বলে।

Mr. Ahmed, Headmaster of our school, is a very nice man.

ব্যখ্যাঃ উপরের Sentence টিতে Mr. Ahmed, Headmaster-একই ব্যক্তি। Headmaster এখানে Mr. Ahmed এর পরে বসে তার পরিচয় প্রদান করে। তাই Headmaster- Mr. Ahmed এর Case in Apposition.

Case in Apposition প্রধানতঃ তিন প্রকার :

(1) **Nominative In Apposition:**

Mr. Ahmed, Headmaster of our school, is a very nice man.

(ii) **Objective In Apposition:** We met Mr. Ahmod, Headmaster of Doyagonj High school.

(iii) **Possessive In Apposition:** This is my teacher, Mr. Zaman's library.

POSITION OF THE NOMINATIVE CASE

সাধারণতঃ Verb এর পূর্বে Nominative ব্যবহৃত হয়ে থাকে। কিন্তু নিম্নলিখিত ক্ষেত্রে Finite Verb বা Auxiliary verb এর পরে Nominative বসে।

(i) **Interrogative sentence** -এ Have you seen him?

(ii) **Imperative sentence**-এ Go there in time.

(iii) **Optative sentence** -এ Long live the king.

(iv) **Exclamatory sentence**-এ How foolish you are!

(v) **Condition Clause** যখন if, though শব্দ ছাড়া ব্যবহৃত হয়ঃ

Were I a king, I would have helped the poor.

(vi) **Here, there, no sooner, hardly, never** ইত্যাদি দ্বারা sentence শুরু হলে
There lived a king.

(vii) **Verb**-এর পর neither বা nor থাকলেঃ He did not attend the meeting nor did his brother.

(viii) **Sentence** এর প্রথমে object বসলেঃ Gold and silver have I none

(ix) **Sentence** -এ emphasis (জোর) বুঝাতেঃ Down went the ship.

(x) **Sentence** এর দ্বিতীয় Clause টি so, বা the more দ্বারা শুরু হলেঃ

As you sow , so shall you reap

The sooner, the better

(xi) **Direct speech** -এ অনেক সময় Nominative-Reporting verb এর পরে বসে। "Where are you going ?" said he.

OBJECTIVE CASE

যখন কোন Noun, Pronoun বা Noun equivalent কোন verb বা Preposition-এর Object হয় তখন ঐ Noun, Pronoun বা Noun equivalent কে Objective Case বলে।

Sentence-এ Verb এ উপর কি (what) বা কাকে (whom) প্রশ্ন করলে যে word তার উত্তর দেয় তা Objective Case.

The girl sings a song.


The man beat the dog.

The children are in the garden.

ব্যাখ্যা: ১ম Sentence-এ sings (গান করে)-এর Verb টি দ্বারা যদি প্রশ্ন করা হয় মেয়েটি কি করে? তার উত্তর হবে গান করে। 'song' এখানে "sing" verb-এর Object. তাই song এ Sentence -এ Objective Case. ২য় Sentence -এ beat (মেরেছিল)- এ verb-টি দ্বারা যদি প্রশ্ন করা হয় লোকটি কাকে মেরেছিল? তার উত্তর হবে the dog. "dog" এখানে beat verb- এর object. তাই এ sentence এ "dog" objective Case.

৩য় Sentence -এ garden এ Noun -টি "in" Preposition- টির Object এখানে garden" Objective Case.

Objective Case প্রধানত দুই প্রকার



(i) **Accusative Case (বস্তু বাচক):** যদি Noun বা Pronoun টি Transitive verb ও preposition-এর direct object হয় তাহলে তাকে Accusative Case বলে।
He did the work.

The boys are in the garden.

(ii) **Dative case (ব্যক্তি বাচক কর্ম):** যদি Noun বা pronoun- transitive verb এর পরে Indirect object হিসেবে কাজ করে তাকে Dative case বলে। He helped me.

SOME OTHER OBJECTS

(i) **Direct and Indirect Object:** যে object দ্বারা বস্তু বুঝায় তাকে Direct Object বলে। একে Accusative Case বলা হয়।

যে Object দ্বারা প্রাণী বুঝায় তাকে Indirect Object বলে।

The cow gives us milk

ব্যাখ্যা: উপরের Sentence টিতে gives এ verb টি দ্বারা কাদের কে প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় us এবং কি প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় milk.

এখানে Give verb টির দুটি Object আছে। তাদের মধ্যে us Indirect Object (ব্যক্তিবাচক কর্ম) এবং milk direct Object (বস্তুবাচক কর্ম)।

Note: একই Sentence এ Direct ও Indirect Object থাকলে Indirect Object প্রথমে বসে এবং direct Object পরে বসে। কিন্তু Indirect Object পরে বসালে তার পূর্বে Preposition "to বা for" বসাতে হয়।

He bought me a shirt.

He bought a shirt for me.

Note: Case in Apposition এ Title এর পূর্বে the ব্যবহৃত হয় না।

Ins. Mr. Akbar, the Headmaster of the school, is a scholar.

Cor. Mr. Akbar, Headmaster of the school, is a scholar.

Noun, Pronoun, Adjective, Infinitive, Gerund, verbal Noun, phrase, Clause ইত্যাদি sentence এ- Nominative হিসেবে ব্যবহৃত হতে পারে।

Noun: Azad is my friend.

Pronoun: He reads a book.

Adjective: The virtuous are happy.

Infinitive: To walk in the morning is good for health.

Gerund: Walking is good for health.

Verbal Noun: The reading of history makes man great.

Phrase: Time and tide wait for none.

Clause: That he is a good student is praised by all.

(ii) **Direct এবং Indirect object কে আবার double object-ও বলা হয়।**

(2) **Retained object:** অনেক সময় Active voice এ- Transitive verb এর প দুটি Object থাকে। তাদের কে Passive voice এ পরিবর্তন করার সময় একটি Passive Voice এর subject হয় এবং অপরটি object হিসেবে অপরিবর্তিত থেকে যায়। উক্ত অপরিবর্তিত object টিকে retained Object বলে।

Active: He teaches us English

Passive: We are taught English by him.

ব্যাখ্যাঃ উপরের প্রথম sentence-টিতে us এবং English দুটি Object, উক্ত sentence-টিকে Passive voice এ- পরিবর্তন করার সময় us object টি passive voice এর- Subject-এ রূপান্তরিত হয়েছে এবং অপর Object টি (English) অপরিবর্তিত অবস্থায় স্বস্থানে থেকে যায়। সুতারাং উক্ত sentence এ English Retained object.

(3) **Cognate Object:** Intransitive verb যখন তার সমার্থক কোন Object কে গ্রহণ করে Transitive verb রূপে ব্যবহৃত হয়, তখন সে Object কে Cognate object বলে। He sang a song.

ব্যাখ্যাঃ উপরের Sentence-এ "song" Noun টি ঐ Sentence-এর sing" verb থেকে উৎপত্তি। এদের মূল এবং অর্থ প্রায় এক। sing verb টি Intransitive কিন্তু তা প্রায় একই অর্থবোধক Noun "song" কে Object হিসেবে গ্রহণ করে, Transitive হয়েছে। এই সম অর্থ বোধক Noun "song" হলো Cognate Object.

(4) **Factitive Object:** Transitive verb এর object থাকা সত্ত্বেও অনেক সময় সম্পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে না। অর্থকে সম্পূর্ণ রূপে প্রকাশ করার জন্য অতিরিক্ত word বা Complement যোগ করতে হয়। অতিরিক্ত word বা Complement-টিকে Factitive Object বলে।

Call, name, make, select, elect, appoint, choose, nominate, think ইত্যাদি Verb গুলি Factitive Verb হিসেবে ব্যবহৃত হয়।

He called me a fool

ব্যাখ্যাঃ উপরের sentence এ called verb টির Object me থাকা সত্ত্বেও সম্পূর্ণ অর্থ প্রকাশ করতে পারেনা। তাই সম্পূর্ণ অর্থ প্রকাশ করার জন্য a fool-এ word বা Complement টি যোগ করা হয়েছে। তাই a fool Factitive object

(5) **Reflexive Object:** Transitive verb যখন কোন Reflexive pronoun কে object হিসেবে গ্রহণ করে তখন তাকে Reflexive object বলে।

Reflexive pronoun: Myself, ourselves, yourself, yourselves, themselves, himself, herself

He killed himself.

ব্যাখ্যাঃ উপরের sentence -এ "killed" verb টি himself এই reflexive pronoun টিকে object হিসেবে গ্রহণ করেছে। তাই উক্ত sentence এ- himself Reflexive Object.

(6) Adverbial Object: যে সব Noun বা Noun equivalent কোন verb বা preposition এর object না হয়েও Object এর মত ব্যবহার হয় এবং Adverb-এর মত verbকে modify করে তাকে Adverbial Object বলে।

Adverbial object সাধারণত: সময় (time) স্থান (place) দূরত্ব (distance) ওজন (weight) মূল্য (value) পদ্ধতি (manner) ইত্যাদি বুঝায়।

I shall go home

ব্যাখ্যা: এ sentence এ go Intransitive verb.

Intransitive verb এর কোন object থাকে না। তাই "go"-এ verb টির কোন object থাকার কথা নয়। home এই Noun টি go এই verb টিকে modify করে। home এই Noun টি এখানে Adverb এবং go এই verb-টির Object-এর ন্যায় ব্যবহৃত হয়েছে। তাই home এখানে Adverbial Object.

(7) Complementary Object : Objective case এর পরে 'to be' যুক্ত হয়ে Object কে সম্পূর্ণ করার জন্য যে Noun যুক্ত হয় তাকে Complementary Object বলে।

I know him to be a coward

ব্যাখ্যা: এ Sentence -এ 'him' Object হওয়া সত্ত্বেও অর্থ সম্পূর্ণ প্রকাশ করতে পারে না। তাই অর্থকে সম্পূর্ণ করার জন্য Objective Case 'him' এর পরে to be এবং তারপর a coward যোগ করা হয়েছে। A coward এখানে Complementary Object.

Note: Complementary Object, Objective Complementary এর একটি অংশ। শুধুমাত্র 'to be' এর পরে Noun বসিয়ে Complementary Object গঠন করা হয়। কিন্তু Objective Complement যে কোন parts of speech এর হতে পারে।

Dative of Interest : Indirect Object যখন বক্তার স্বার্থ প্রকাশ করার জন্য ঠিক Verb এর পরে বসে তখন তাকে Dative of Interest বলে।

Bring me a shirt

ব্যাখ্যা: উপরে Sentence-এ 'me' Indirect Object যাহা Verb এর অব্যবহিত পরে বসেছে এবং বক্তার স্বার্থ প্রকাশ করে। তাই 'me' Dative of Interest.

Dative of Disinterest : Indirect Object এর interest না বুঝিয়ে disinterest বুঝালে তাকে Dative of Disinterest বলে।

It strikes me to say the truth.

POSITION OF OBJECTIVE CASE

Sentence এ Noun, Pronoun, Adjective, Phrase, Clause, Infinitive, Gerund, Verbal Noun ইত্যাদি Objective Case হতে পারে।

(i) **Noun** : I have a car

(ii) **Pronoun** : I help him.

(iii) **Adjective** : We should help the poor

(iv) **Phrase** : I don't know how to swim

(v) **Clause** : I know that he is honest.

(vi) **Infinitive** : He likes to sing

(vii) **Gerund** : They like gossiping

(viii) **Verbal Noun** : I like the reading of history.

POSSESSIVE CASE

যে Noun বা Pronoun অপর কোন ব্যক্তি বা বস্তুর সংগে উহার সম্বন্ধ প্রকাশ করে তাকে Possessive Case বলা হয়।

ব্যাখ্যা : সাধারণতঃ Noun এর শেষে (s) যোগ করে Possessive করা হয়। উপরের Sentence এ Rahim -এ Noun টির শেষে (s) যোগ করে বুঝানো হচ্ছে রহিম বইটির মালিক। Possessive Case সাধারণতঃ Possession (অধিকার) বুঝায়। এখানে Rahim's pen দ্বারা কলমটির উপর রহিম এর অধিকার বুঝাচ্ছে বলে Rahim's এর Possessive Case হয়েছে।

Possessive Case শুধু possession এর সম্পর্ক না বুঝিয়ে অন্যপ্রকারের সম্পর্ক বুঝায়। তাই তাকে Genitive Case বলে।

He is Rahim's brother.

ব্যাখ্যা: উপরের Sentence-এ কোন অধিকারের সম্পর্ক প্রকাশ পায় না। তা সত্ত্বেও Rahim এর সাথে brother এর অন্যধরনের সম্পর্ক রয়েছে। তাই এখানে Rahim's কে Genitive Case বলা হয়।

POSSESSIVE CASE এর গঠন

(i) সাধারণতঃ প্রানীবাচক Noun এর শেষে (s) যোগ করে Possessive Case গঠন করা হয়।

Habit's pen. The boy's book.

(ii) Plural Noun এর শেষে s থাকলে তার পর কেবল Apostrophe (') যোগ করে Possessive Case গঠন করতে হয়। Boys' school, girls' school.

(iii) Plural Noun এর শেষে 's' না থাকলে ('s) যোগ করে Possessive Case গঠন করা হয়।

Children's park, Women's club.

(iv) Proper Noun এর শেষে s থাকলে সাধারণতঃ ('s) বা শুধু Apostrophe (') যোগ করে Possessive Case গঠন করা হয়।

Keats' poetry/Keats's poetry, Yeats' poems/Yeats's poems.

(v) Classical নামের শেষে s থাকলে তার পর শুধু Apostrophe (') যোগ করতে হয়।

Socrates' trail, Sophocles' plays, Archimedes' law

(vi) Proper Noun এর শেষ syllable টি যদি s দ্বারা শুরু এবং s দ্বারা শেষ হয় তবে শুধু Apostrophe (') যোগ হয়। Moses' laws, Jesus', teachings

(vii) Compound Noun এর শেষের word টি পরে ('s) যোগ করতে হয়।

Sister-in-law's house.

(viii) কতকগুলি শব্দ নিয়ে গঠিত নামের শেষ শব্দের পরে ('s) যোগ করতে হয়।

Henry the Eighth's wife, the prince of Wales's car.

(ix) Initials এর পরে ('s) যোগ করে Possessive গঠন করা হয়। the PM's secretary, the MP's bag.

(x) যৌথ অধিকার বুঝালে দুই বা ততোধিক Noun এর পরের Noun টির শেষে s যোগ করে Possessive Case গঠন করতে হয়।

Hasan and Zaman's firm (one firm belonging to both)

কিন্তু পৃথক অধিকার বুঝালে প্রত্যেকটি Noun-এর শেষে ('s) বসে।

Hasan's and Zaman's firms (two separate firms)

(xi) Case in Apposition বুঝালে শেষ শব্দটির শেষে ('s) যোগ করে Possessive Case গঠন করা হয়।

This is Mr. Khan, Headmaster's house.

(xii) Abstract Noun-এর শেষে s বা ce থাকলে এবং তারপর sake থাকলে উক্ত Noun-টির শেষে শুধু Apostrophe (') যোগ করে Possessive গঠন করা হয়।

Justice' sake, goodness' sake

(xiii) চেতন পদার্থবোধক Noun (যা মনুষ্য বুঝায়) এর শেষে ('s) যোগ করে কিংবা তার পূর্বে of বসিয়ে Possessive করা হয়।

Byron's poetry. or the poetry of Byron.

(xiv) অচেতন পদার্থ বোধক Noun এর শেষে s যোগ না করে তার পূর্বে of বসিয়ে Possessive করা হয়। The legs of the chair (chair's leg নয়)

ব্যক্তিগত (a) যখন অচেতন পদার্থে ব্যক্তিত্ব আরোপ করা হয় তখন অচেতন পদার্থবোধক Noun-এর শেষে ('s) বসাতে হয়। Fortune's favour, Death's door.

(b) পরিবেশ বা মহান কোন বস্তুর ক্ষেত্রে Noun-এর শেষে ('s) বসে।

country's call, country's pride.

(c) সময়, দূরত্ব, পরিমাপ, ওজন বাচক Noun-এর শেষে ('s) যোগ করতে হয়। A weak's leave, a year's length, a kilo's weight,

(d) কতকগুলি বিশেষ বিশেষ Phrase-এর Possessive করতে Noun-এর শেষে ('s) বসে।

To one's heart's content, at one's wit's end

(xv) One, everybody, nobody এর সংগে ('s) যোগ করে Possessive গঠন করতে হয়।

One should respect one's elders.

Everybody's duty is nobody's duty.

(xvi) অচেতন পদার্থের Possessive গঠন করতে অনেক সময় of যোগ না করে Noun-টিকে Adjective করা হয়।

summer days (not summer's days)

college hour (not college's hour)

cottage door (not cottage's door)

bus driver (buses driver নয়)

DOUBLE POSSESSIVE

Possessive Noun বা Pronoun-এর পূর্বে of ব্যবহৃত হলে তাকে Double Possessive বলে।

A book of Rahim's (রহিমের বইগুলির একটি)

এখানে 'of Rahim's', Double Possessive কারণ Rahim's নিজেই Possessive Noun এবং তার পূর্বে of যোগ করা হয়েছে যা আর একটি Possessive এর অর্থ প্রকাশ করে।

কিন্তু A book of Rahim—Double Possessive নয় কারণ এর দ্বারা রহিমের কাছে একটিমাত্র বই আছে বুঝায়। তাছাড়া Rahim-এর সাথে ('s) এর চিহ্ন নেই।

Rahim's-এর পূর্বে শুধু of যুক্ত হয়েছে যা singular possessive নির্দেশ করে।

A painting of Azad's (আজাদের অধিকারভুক্ত অনেকগুলি ছবির একটি)

A painting of Azad. (আজাদের নিজের একটি ছবি)

Note: Mine, ours, yours, theirs, hers, of his এই Possessive-গুলি Double Possessive.

Subject	Singular Possessive	Double Possessive
I	my	mine
We	our	ours
You	your	yours
They	their	theirs
She	her	hers.

Treble Possessive: Mine, ours, yours, theirs, hers এর পূর্বে of বসিয়ে Treble Possessive গঠন করা হয়। এদেরকে তিনবার Possessive করা হয় বলে এদেরকে Treble Possessive বলে।

The garden of yours looks beautiful.

Subject	Single Possessive	Double Possessive	Treble Possessive
I	my	mine	of mine
We	our	ours	of ours
You	yours	yours	of yours
They	their	theirs	of theirs
She	her	hers	of hers.

Elliptical Possessive: Objective case এর Possessive Noun-এর পর house, church, shop, school ইত্যাদি শব্দ উহা থাকতে পারে। তাকে Elliptical Possessive বলে।

I went to the grocer's. (shop) (আমি মুদির দোকানে গিয়েছিলাম)

কিন্তু Nominative case-এর Possessive Noun-এর পর উক্ত শব্দগুলি উহা থাকতে পারে না।

Incorrect: Hasan's is close to mine.

Correct: Hasan's shop is close to mine.

কিন্তু I went to his college and he came to mine.

এখানে his এর পরে college শব্দটি ব্যবহৃত হওয়ায় দ্বিতীয় Possessive "mine" এর পর college উহা থাকতে পারে। কারণ mine বলতে এখানে my college কে বুঝায়।

Note: Personal Pronoun-এর সংগে ('s) যোগ হয় না।

Incorrect: Your's faithfully.

Correct: Yours faithfully.

Incorrect: The horse is loyal to it's master.

THE CASE

Correct: The horse is loyal to its master.

Subjective Possessive: Possessive যখন কার্যের Subject-কে নির্দেশ করে
খন তাকে Subjective Possessive বলে।

Nazrul's poems are famous.

Objective Possessive: Possessive যখন কার্যের Object-কে নির্দেশ করে
খন তাকে Objective Possessive বলে।

The old sailor's sufferings (suffering suffered by the old sailor)

USES OF NOMINATIVE AND OBJECTIVE CASES

(i) সাধারণতঃ than এবং as এর পরে Nominative Case বসে।

He is stronger than I.

He is as strong as I.

তবে বর্তমানে than-এর পরে Objective Caseও ব্যবহৃত হয়।

He is stronger than me.

(Reference: Oxford Advanced Learner's Dictionary- by A. S. Hornby)

(ii) Verb-এর পরে সর্বদা Objective Case বসে।

Incorrect: He likes both you and I.

Correct: He likes both you and me.

(iii) Let-এর পরে সর্বদা Objective Case ব্যবহৃত হয়।

Incorrect: Let I go.

Correct: Let me go.

(iv) Preposition-এর পর সর্বদা Objective Case হয়।

Incorrect: It is between you and we.

Correct: It is between you and us.

CASES OF PRONOUNS

Nominative, Objective ও Vocative Case-এ Noun-এর আকারের কোন
রিবর্তন হয়না, কেবল Possessive Case-এ ('s) বা of যোগ করতে হয়। কিন্তু
Noun-এ Case এর তারতম্য অনুসারে আকারের পরিবর্তন হয়।

FIRST PERSON

Case	Singular	Plural
Nominative	I	we
Objective	me	us
Possessive	my mine	our ours

SECOND PERSON

Nominative	you	you
Objective	you	you
Possessive	your	your, yours

THIRD PERSON (MASCULINE)

Nominative	He	<u>they</u>
Objective	<u>Him</u>	them
Possessive	<u>His</u>	their, theirs

THIRD PERSON (FEMININE)

Nominative	She	they
Objective	Her	them
Possessive	Her, hers	their, theirs.

EXERCISE

Name the Cases of Nouns and Pronoun in the Sentences:

(a) He drew a picture. (b) The water of the pond is pure. (c) He showed me a picture. (d) Habib, come soon. (e) The boy stood on the bench of the class. (f) My brother gave me the shirt. (g) Gentlemen, hear me. (h) I dreamt a bad dream. (i) We call him a fool. (j) He was elected captain of the class. (k) My father's shirt is new. (l) He killed a snake. (m) Rahim's house is close to mine. (n) Azad's mother is sick. (o) Down went the ship. (p) The boy answered the question. (q) They enjoyed themselves. (r) She went home. (s) I plucked him a flower. (t) She sang a song. (u) The cat is in the garden. (v) The old man liked story telling. (w) Stand up, boys. (x) Elephants live in the deep forest. (y) I bought the pen from a grocer's. (z) It is a picture of Alam's. (zi) Mr. Hasan, chairman of this union, is a pious man.

Give the Possessive form of the following:

1. The king crown. 2. For justice sake. 3. Children park. 4. Girls school. 5. Boys school. 6. Men club. 7. Ladies club. 8. For goodness sake. 9. A week leave. 10. Keats poem. 11. Dickens novels. 12. Deaths door. 13. Sun's rays. 14. A stones throw. 15. Birds eye view. 16. At wits end. 17. To ones heart content. 18. At arms length. 19. The country call. 20 Chowdhury and Hossain's firm.

PRONOUNS

Zakir reads in class IX.

Zakir is a good student.

Zakir learns, Zakir's lessons attentively.

Everybody likes Zakir very much.

উপরোক্ত Sentence-গুলিতে Zakir এই Noun-টি বারবার ব্যবহার করায় Sentence-টির সৌন্দর্য ও মাদুর্যতা নষ্ট হয়েছে। কিন্তু যদি বলি-


Zakir reads in class IX. He is a good student. He learns his lessons attentively. Everybody likes him very much.

তবে সুনতে খারাপ লাগে না এবং অর্থেরও কোন পার্থক্য হয় না। Zakir এই word-টি একবার ব্যবহার করে তার পরিবর্তে he, his ও him ব্যবহার করায় একরূপ শ্রুতিমধুর হয়েছে। He, his ও him এ word গুলি, Zakir-এ Noun-টির পরিবর্তে বসে Zakir-কে নির্দেশ করে। তাই he, his ও him এ word গুলি Pronoun.

অতএব যে Word কোন Noun-এর পরিবর্তে ব্যবহৃত হয়ে তাকে নির্দেশ করে তাকে Pronoun বলে।

Pronoun আট প্রকারঃ

1. Personal Pronouns: I, we, you, he, she, it, they ইত্যাদি।
2. Demonstrative Pronouns: This, that, such, there, those.
3. Interrogative Pronouns: Who, which, what, whose, whom.
4. Relative Pronouns: Who, which, that, what, whom, whose, but, the same.....as, such.....as.
5. Indefinite Pronoun: One, some, any, none, both, many.
6. Distributive Pronoun: Each, either, every, neither.
7. Reflexive and Emphatic Pronouns: Myself, ourselves, yourself, yourselves, himself, herself, themselves.
8. Reciprocal Pronouns: each other, one another.



1. Personal Pronoun: কোন Pronoun যখন ব্যক্তি বা বস্তুর পরিণতে ব্যবহৃত হয় তাকে কথ্য বলে, কাকে কথ্যবলা হয় এবং কার সম্বন্ধে কথ্য বলা হয় বুঝায়, তাহলে Personal Pronoun বলে। যেমনঃ

I am a boy. She is a girl. They are playing. You are my friend.

উপরের Sentence-গুলিতে, I, she, they ও you-Pronoun- গুলির কে কথ্য বলতেছে, কাকে কথ্য বলা হয়েছে এবং কার সম্বন্ধে কথ্য বলা হয়েছে তা বুঝায়, সুতরাং ইহারা Personal Pronoun.

Personal Pronoun তিন প্রকার।

(a) Personal Pronoun of the First Person: যে কথ্য বলে তাকে First Person বলে। যেমনঃ I, we, me, us, my our ইত্যাদি।

(b) Personal Pronoun of the Second Person: যাকে সম্বোধন করে কথ্য বলা হয় তাকে Second Person বলে। যেমনঃ You, thou, thy, your, thee.

(c) Personal Pronoun of the Third Person: যার সম্বন্ধে কোন কথ্য বলা হয় তাকে Third Person বলে। যেমনঃ He, she, they, him, his, her, them, their, it, its ইত্যাদি।

Gender, Number এবং Case ভেদে Personal Pronouns-এর আকারের যে পরিবর্তন হয় তাহা নিম্নে ছকের মাধ্যমে দেখানো হলো

(A) First Person: Masculine ও Feminine

Case	Singular	Plural
Nominative	I	We
Objective	Me	Us
Possessive	My, mine	Our, Ours

(B) Second Person: Masculine ও Feminine

Case	Singular	Plural
Nominative	Thou, you	You
Objective	Thee, you	You
Possessive	They, thier, your, yours	Your, yours

(C) Third Person: Masculine ও Feminine

Case	Singular			Plural
		Feminie	Neuter	All genders
Nominative	He	She	It	They
Objective	Him	Her	It	Them
Possessive	His	Her, Hers	Its	Their, Theirs

Note: Thou, thee, thy ও thine এর ব্যবহার একান্ত বিরল। কবিতা, প্রার্থনা ও প্রাচীন সাহিত্যে এদের ব্যবহার আছে।

Personal Pronoun-এর Possessive Case-এর দুটি form আছে।

(a) my, thy, her, its, our, your, their-কে Possessive Adjective বলে।

কারণ তারা Adjective এর মত Noun-এর পূর্বে বসে। যেমনঃ

This is my book. Those are your pens. That is her cat.

Possessive Adjective-কে Pronominal Adjectiveও বলে কারণ Pronoun থেকে তাদের উৎপত্তি হয়েছে।

Note: His এই Possessive-টি Adjective এবং Pronoun উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হয়।

This is his book. (Possessive Adjective)

This pen is his (possessive Pronoun)

(b) Mine, thine, hers, ours, theirs, yours-কে বর্তমানে Possessive Pronoun বলে কারণ এদের পরে কোন Noun ব্যবহৃত হয় না।

Whose pen is this? It is mine.

নিম্নলিখিত তিনটি ক্ষেত্রে ইহারা ব্যবহৃত হয়ে থাকে।

(i) যখন কোন Verb দ্বারা Noun হতে পৃথক হয়ঃ

This pen is mine. That car is theirs.

(ii) যখন ইহাদের পরবর্তী Noun অনুক্ত (Understood) থাকেঃ His pen is better than mine.

(iii) যখন ইহাদের পূর্বে of ব্যবহৃত হয়ঃ The house of yours is fine.

Note: (i) Hers, ours, yours, theirs its ইত্যাদিকে Double Possessive বলে। কারণ উহারা Possessive হওয়া সত্ত্বেও উহাদের শেষে অতিরিক্ত Possessive চিহ্ন 's' যোগ হয়। এগুলি লেখার সময় Aphostrophe ব্যবহৃত হয় না। তবে it is বা it has বুঝাতে 'its' ব্যবহৃত হয়।

(ii) Mine, ours, hers, yours, theirs-এই Possessive-গুলির পূর্বে of বসলে তাকে Treble Possessive বলে এবং তা দ্বারা one of বুঝায়। যেমনঃ

This is a book of mine (of my নয়)

This is one of my books.

Possessive of Interest

গভীর পরিচিত বা গভীর অনুরাগ প্রকাশ করতে Noun-এর পূর্বে First Person এর Possessive (my, our) ব্যবহৃত হলে তাকে Possessive of Interest বলে। Our leader charmed the audience by his fiery speech (জ্বালাময়ী বক্তব্য)

Emphatic Possessive

বিশেষ জোর দেয়ার জন্য Possessive Adjective এর পর কখনো Own এই শব্দটি ব্যবহার করা হয়। তখন Possessive Adjective-টিকে Emphatic Possessive বলে।

This is my own pen.

The Gender of personal pronouns of the Third Person:

Third Person-এর তিনটি Gender Form আছে।

Case	Masculine	Feminine	Neuter
Nominative	He	She	It
Objective	Him	Her	It
Possessive	His	Her/Hers	Its

USES OF IT

- (i) জড় পদার্থ বুঝাতেঃ This is a book, it is very interesting.
- (ii) ইতর বা নিম্নশ্রেণীর প্রাণী বুঝাতেঃ A dog is always faithful to its master.
- (iii) ছোট শিশুর পরিবর্তেঃ The baby is crying for its ~~master~~. *mother*
- (iv) Preparatory বা Provisional Subject রূপে Sentence-এর প্রথমে অনেক সময় It ব্যবহৃত হয়। ইহাকে যখন কোন Clause বা Infinitive অনুসরণ করে তখন তাকে Introductory বা Anticipatory It বলা হয়।
It is wise to go to bed early.
- (v) Impersonal Verb এর Subject-রূপে It ব্যবহৃত হয়। It has been raining since morning.
It is cold today.
- (vi) কোন Word বা Word-group এর উপর জোর দেয়ার জন্য It ব্যবহৃত হয়।
It is you who have taken the money.
এক্ষেত্রে It যে কোন Number, Gender ও Person এর পরিবর্তে ব্যবহৃত হতে পারে। ইহাকে It-এর Arbitrary use বলা হয়।
It is I/you/we/he/she/they that helped the poor man.
- (vii) পূর্ববর্তী কোন Clause, Phrase বা Idea কে বুঝাতে কখনো কখনো It ব্যবহৃত হয়।
Honesty is the best policy and everybody knows it.
- (viii) অপ্রকাশিত কোন Object-এর পরিবর্তে
I can not support it.
- (ix) পরবর্তী কোন Object-এর পরিবর্তে It ব্যবহৃত হয়।
I consider it wrong that you will do it. (that you will do it এর পরিবর্তে it ব্যবহৃত হয়েছে)।
It is very cloudy today.
- (xi) Cognate Object-রূপে It ব্যবহৃত হয়।
He ran it (race) to the last.

USES OF WE

- (i) অনেকের পক্ষ হয়ে একজন প্রতিনিধি রূপে কথা বলতে We ব্যবহার করা হয়।
এক্ষেত্রে We কে Representative "We" বলে।
We greet our dear leader.

- (ii) রাজপুরুষ বা উচ্চপদস্থ রাজকর্মচারীর বিবৃতি প্রদান করতে- We ব্যবহৃত হয়।
এরূপ We কে Royal we বলে।

We will not tolerate any kind of anarchy in the country.

- (iii) জনসাধারণের প্রতিনিধিরূপে কথা বলতে সংবাদপত্রের সম্পাদকগণ We ব্যবহার করেন। এ ধরনের ব্যবহারকে Editorial "We" বলে।

We draw the attention of the government to the havocs caused by the recent flood.

- (v) মানব জাতি বুঝাতে We ব্যবহৃত হয়।

We all will leave this world one day.

USE OF DIFFERENT PERSONS

(i) and দ্বারা যুক্ত দু'টি Singular Noun-এর পূর্বে যদি Each অথবা Every থাকে তবে এদের পরিবর্তে ব্যবহৃত Pronoun-টি Singular হয়।

Inc : Every clerk and every peon should do their duties.

Cor : Every clerk and every peon should do his duty.

(ii) যখন দুই বা ততোধিক Singular Noun and দ্বারা যুক্ত হয় তখন তাদের পরিবর্তে ব্যবহৃত Pronoun-টি Plural হয়।

Inc : Kazal and Sazal are attentive in his lessons.

Cor : Kazal and Sazal are attentive in their lessons.

(iii) দুই বা ততোধিক Noun যদি Or, either---or বা neither.....nor দ্বারা যুক্ত হয় তবে তাদের পরিবর্তে ব্যবহৃত Pronoun-টি Singular হয়।

Inc : Either Noman or Mahbub did their homework.

Cor : Either Noman or Mahbub did his homework.

Neither Noman nor Mahbub did his home work. Jalil or Alam tried his best to save the boy.

(iv) যদি একটি Plural Noun ও একটি Singular Noun-or বা not দ্বারা যুক্ত হয় তবে তাদের পরিবর্তে ব্যবহৃত Pronoun-টি Plural হয়।

Inc : Either the teachers or the Headmaster has succeeded in his attempt.

Cor: Either the teachers or the Headmaster have succeeded in their attempt.

Inc: Neither the teachers nor the Headmaster has succeeded in his attempt.

Cor: Neither the teachers nor the Headmaster have succeeded in their attempt.

(v) Collective Noun-এর পরিবর্তে যে Pronoun ব্যবহৃত হয় তা Singular number ও Neuter Gender হয় এবং তখন Verb এর Singular form হয়। কিন্তু Noun of Multitude হলে ব্যবহৃত Pronoun-টি Plural হয় এবং Verb এর Plural form বসে।

The jury was divided in its opinion (অবিভাজ্য সমষ্টি)

The jury were divided in their opinion. (অবিভাজ্য সমষ্টি নহে Noun-টি Multitude)

(vi) Noun-এর পরিবর্তে ব্যবহৃত Pronoun অনুযায়ী Number, Gender ও Person হয়ে থাকে।

The girl lost her book (not his)

She is a poetess (poet)

(vii) First Person, Second Person এবং Third Person একই Sentence-এ ব্যবহৃত হলে প্রথমে Second Person, Third Person এবং শেষে First Person বসে। (সংক্ষেপে ইহাকে 231 বলা হয়)

Incorrect: I, you and he are friends.

Correct: You, he and I are friends.

কিন্তু কোন দোষ স্বীকার করা হলে প্রথমে First Person, Second Person ও শেষে Third Person ব্যবহৃত হয়। (সংক্ষেপে 123 বলা হয়।)

Incorrect: You, he and I are guilty.

Correct: I, you and he are guilty.

(viii) অন্যান্য Noun এবং Pronoun এর সংগে First Person ব্যবহৃত হলে এদের পরিবর্তে First Person এর Plural Pronoun ব্যবহৃত হয়। কিন্তু First Person ব্যবহৃত না হয়ে Second Person থাকলে Second Person এর Pronoun ব্যবহৃত হয়।

Incorrect: He and I did his best.

Correct: He and I did our best.

Incorrect: You and your supporters are guilty for their evil motives.

Correct: You and your supporters are guilty for your evil motives.

RELATIVE PRONOUN

(Re শব্দের অর্থ back (পিছনে) এবং lative শব্দের অর্থ সম্পর্ক। সুতরাং যে Pronoun পূর্বোল্লিখিত কোন Noun-এর পরে বসে তার সহিত সম্পর্ক স্থাপন করে এবং সে সংগে দুটি Sentence-কে যুক্ত করে তাকে Relative Pronoun বলে।

1. I saw the fisherman. He was catching fish.

= I saw the fisherman who was catching fish.

2. This is the house. I want to buy it.

= This is the house which/that I want to buy.

3. We helped the girl. His father died last year.

= We helped the girl whose father died last year.

4. The man is a famous doctor. I met him in the bus.

= The man whom I met in the bus is a famous doctor.

ব্যাখ্যা: উপরোক্ত Sentence গুলিতে who, which/that, whose ও whom ইহারা Relative Pronoun কারণ উহারা যথাক্রমে the fisherman, the house, the girl ও the man এর পরে বসে দুটি Sentence-কে যুক্ত করে পূর্ণাঙ্গীকৃত Noun-কে নির্দেশ করেছে।

Relative Pronoun পূর্ণাঙ্গীকৃত যে Noun-কে নির্দেশ করে তাকে **Antecedent** (Ante—পূর্বে; cedent—গমন করেছে যে) বলে। উপরোক্ত Sentence-গুলিতে who, which/that, whose, whom—Relative Pronouns এবং fisherman, house, girl, man—যথাক্রমে তাদের antecedent.

অতএব, দেখা যাচ্ছে যে, **Relative Pronoun** দু'টি কার্য সম্পন্ন করে থাকে।

(i) **Demonstrative Pronoun**-এর ন্যায় পূর্ববর্তী কোন Noun-কে নির্দেশ করে তার সাথে সম্পর্ক স্থাপন করে।

(ii) **Conjunction**-এর ন্যায় দু'টি Sentence-কে যুক্ত করে।

Note: **Relative Pronoun**-এর **Antecedent** যখন উহ্য থাকে, তখন তা শুধু **Conjunction**-এর ন্যায় দু'টি Clause-কে যুক্ত করে। তাই তাকে **Conjunctive Pronoun** বলা হয়। যেমনঃ

I know who did the work.

প্রধান প্রধান **Relative Pronoun: Who, which/that, what** তাছাড়া **as ও but** **Relative Pronoun** হিসেবে ব্যবহৃত হয়।

ব্যবহারঃ (a) **Who: Pronoun**-টি যদি ব্যক্তিব্যাকক হয় (যেমনঃ I, we, you, they, he, she) তবে তার পরিবর্তে who বসে। যেমনঃ

I met a man. He is a teacher.

I met a man who is a teacher.

Who এর **Objective form "whom"** এবং **Possessive form "whose"**.

Whose-এর ব্যবহারঃ **Pronoun**-টি যদি **Possessive** (my, our, your, their, his, her) হয় তবে তার পরিবর্তে whose বসে। যেমনঃ

The boy was very poor. His pen was lost.

The boy whose pen was lost was very poor.

উল্লেখ্য Whose এই Possessive Pronoun-টি মানুষের বেলায় যেমন প্রযোজ্য।
বেলায়ও তেমনি প্রযোজ্য। The book whose leaves are torn has been replaced.

whose-এর পরিবর্তে of which লেখা যেতে পারে। যেমন: The books, the leaves of which are torn has been replaced.

Whom-এর ব্যবহার: Pronoun (her) হয় তার পরিবর্তে whom বসে। Objective (me, us, you, them, him,

The man is a famous doctor.

I met him in the bus.

The man whom I met in the bus

(b) **Which:** Pronoun-টি যদি বস্তু, famous doctor.

pencil, dog, house ইত্যাদি হয় তবে তার চক বা ইতর প্রাণী (যেমন: pen,

The writer took a cabin. It belonged Which বসে।

The writer took a cabin which belonged orphanage.

Possessive Case-এ of which ব্যবহৃত orphanage.

This is the book of which I told you.

What: What শুধু বস্তুকে নির্দেশ করতে ব্যবহৃত।

সংযোগে what গঠিত হয় অর্থাৎ what = that which। That এবং which এর the things which বুঝায়। এ কারণে what-কে Compound the thing which বা এর antecedent উহ্য থাকে। live বলে। What

You say something. It is true.

What you say is true.

Who, which ও what-এর সংগে ever বা soever

Relative গঠন করা যায়।

Whoever/whosoever you are, I do not care.

You can not do whichever/whichsoever you want.

Give him whatever/whatsoever he needs.

That: That কখনও কখনও who, whom বা which এর পরিবর্তে

কিন্তু ইহা কখনও whose-এর পরিবর্তে বসে না। That- ব্যক্তি বস্তু বসে। ইহার কোন Possessive form নাই।

This is the woman. She lost her bag.

This is the woman that (who) lost her bag.

These are books. The books have just arrived.

These are books that (=which) have just arrived.

The man was not poor at all. We helped the man.

The man that (=whom) we helped was not poor at all.

That সাধারণতঃ নিম্নলিখিত ক্ষেত্রে ব্যবহৃত হয়ঃ

(i) Superlative Degree-এর Adjective এর পরঃ He is the best boy that I saw.

(ii) All, the same, any, only এর পরঃ All that he said was not true.

This is the same person that I met yesterday.

Anybody that does not work hard, can not shine in life.

The only pen that I bought is lost.

(iii) Who, what ইত্যাদি Interrogative Pronoun এর পরঃ Who is there that is not feel for his country?

What is that to you?

(iv) Negative Sentence-এ ব্যবহার হয়ঃ

No person that is not industrious can succeed in life.

(v) দু'টি Antecedent-এর মধ্যে একটি ব্যক্তি এবং অপরটি বস্তু বা প্রাণী হলে এর পরেঃ

The men and things that he came across have been written in a diary.

(vi) Ordinal Numeral Adjective এর পরঃ Hazrat Abu Baker (R) was the man that put faith in Islam.

But: That.....not অর্থ প্রকাশ করতে ইহা Relative Pronoun-রূপে ব্যবহৃত হয়। তাকে Negative Relative বলে।

There is no rose but has a thorn.

As: Relative Pronoun হিসেবে as সবসময় such, the same, as many, as much, as so-এর পরে ব্যবহৃত হয়। যেমনঃ

We want such boys as are honest.

He ate as many mangoes as he could.

The feather is as white as milk.

Nothing is so useful as iron.

Note: (i) The same এর পর verb উহ্য থাকলে as বসে। কিন্তু the same এর পরে verb থাকলে as বা that বসে।

This is the same pen as that.

This is the same pen as (that) I want.

(ii) As যখন Relative Pronoun হিসেবে ব্যবহৃত হয় তখন তা ব্যক্তিও বস্তু উভয়কে নির্দেশ করে। যদি Conjunctive Adverb হিসেবে ব্যবহৃত হয় তখন তা Relative Pronoun হয়। যেমনঃ I shall come back as soon as I can.

Who এবং which-এর অন্যান্য ব্যবহারঃ ✓

Restrictive Use: Who এবং which যখন Adjective-এর ন্যায় Noun-এর সীমাকে সংকুচিত করে তখন তার ব্যবহারকে Restrictive Use বলে।

The man who came here yesterday is a famous doctor.

The pen which he gave me was black.

উপরের Sentence-দুটিতে who এবং which যথাক্রমে man এবং pen এর সীমাকে সংকুচিত করে একটি লোক এবং একটি কলমে পরিণত করেছে। Restrictive "who" এবং "which" দ্বারা যে Clause গুরু হয় তা Adjective Clause.

Continuative Use of "who" and which: Who এবং which যখন Noun-এর সীমাকে সংকুচিত করে না, শুধু Sentence-কে দীর্ঘতর করার জন্য ব্যবহৃত হয়, তখন তার ব্যবহারকে Continuative use বলে। তখন who.....and he/she এবং which.....and it হয়। যেমনঃ He met his friend, who (i. e. and he) gave him a book.

He visited Chittagong, which (i, e, and it) is the biggest sea port of Bangladesh.

এক্ষেত্রে who এবং which যথাক্রমে friend ও Chittagong-এর সীমাকে সংকুচিত করতেছে না শুধু Sentence-টিকে দীর্ঘতর করার জন্য ব্যবহৃত হচ্ছে।

Note: (a) Relative Pronoun যখন Restrictive Sense-এ ব্যবহৃত হয় তখন তার পূর্বে কমা বসে না। কিন্তু যখন তা Continuative Sense-এ ব্যবহৃত হয় তখন তারপূর্বে সাধারণতঃ কমা বসে।

(b) Continuative ব্যবহারের ক্ষেত্রে who এবং which-কে Conjunction (and) এবং একটি Pronoun (he/she) দ্বারা পরিবর্তন করা যায়। কিন্তু Restrictive ব্যবহারের ক্ষেত্রে তা করা যায় না।

ADVERBIAL USE OF "WHO & WHICH"

কখনও কখনও who এবং which-এর ব্যবহার এমন হয় যে তখন তাদের দ্বারা কারণ (Cause) বা উদ্দেশ্য (Purpose) বুঝায়। Who এবং which এর এ ধরনের ব্যবহারকে Adverbial use বলা হয়।

The boy who (because he) was found irregular was punished (Cause)
He has sent me a book which (that it may) will help me to learn a lot (purpose)

যেহেতু Relative Pronoun-Conjunction- এর মত কাজ করে তাই which এর পূর্বে and বা but বসে না। শুধুমাত্র একই antecedent যুক্ত দুটি Adjective Clause-কে which দ্বারা যুক্ত করার সময় তার পূর্বে and বা but বসে।

I have seen the book which you have written and which is very useful.

I have seen the portrait of Monalisa which is very mysterious, but which is very lifelike.

ANTECEDENT এর ব্যবহার

(i) Antecedent সবসময় Relative Pronoun-এর অব্যাহত পূর্বে ব্যবহৃত হয়।।
bought a pen which was black.

(ii) Possessive Noun বা Pronoun কখনও Relative Pronoun-এর Antecedent হতে পারে না। এক্ষেত্রে Noun বা Pronoun-কে of এর Object করতে হয়। যেমনঃ

Incorrect: I like Shakespeare's plays who is a famous dramatist.

Correct: I like the plays of Shakespeare who is a famous dramatist.

(iii) Relative Pronoun এর Antecedent-they না হয়ে those হয়।

Incorrect: They who waste time in idleness can not prosper in life.

Correct: Those who waste time in idleness can not prosper in life.

(iv) Relative Pronoun এর Number, Person ও Gender তার Antecedent এর Number, Person ও Gender অনুযায়ী হয়।

Incorrect: It is I who has done the work.

Correct: It is I who have done the work.

কখনও কোন Clause—Relative Pronoun এর Antecedent হতে পারে না। এক্ষেত্রে Relative Pronoun না বসিয়ে "and this" বা "and that" বসাতে হয়।

Incorrect: You kill your time which is unwanted.

Correct: You kill your time and this is unwanted.

Incorrect: You topped the list which pleased us all.

Correct: You topped the list and that pleased us all.

OMISSION OF RELATIVE PRONOUN

(i) Objective Case-এ Relative Pronoun উহা থাকতে পারে। যেমনঃ

The pen (which/that) I gave you was black.

He is the man (whom) I met in the college.

CONJUNCTIVE PRONOUN

আমরা জানি Relative Pronoun-পূর্বোল্লিখিত Noun-এর সাথে সম্পর্ক স্থাপন করে এবং Conjunction-এর ন্যায় দুটি Sentence-কে সংযুক্ত করে। কিন্তু কখনও কখনও দেখা যায় যে পূর্বগামী Noun-টি উহ্য থাকে। তখন Relative Pronoun শুধু দুটি Sentence-কে সংযুক্ত করে বলে তাকে সম্পূর্ণরূপে Relative Pronoun বলা হয় না। তখন তাকে Conjunctive Pronoun বলে। যেমনঃ This is what he said

Note: Relative Pronoun-এর Antecedent যখন উহ্য থাকে, তখন তার দ্বারা যে Clause গঠিত হয় তাকে Noun Clause বলে।

DEMONSTRATIVE PRONOUNS

(যে Pronoun কোন ব্যক্তি বা বস্তু পরিবর্তে বসে উহ্যকে নির্দেশ করে সে) Pronoun-কে Demonstrative Pronoun বলে।

This is my book. These are my pens.

That is your ball. Those are your pencils.

উপরের Sentence-গুলিতে this, these, that, those- Pronoun-গুলি কতিপয় Noun (book, pens, ball ও pencils) এর পরিবর্তে বসে তাদেরকে নির্দেশ করেছে। সুতরাং ইহা Demonstrative Pronoun.

Use of "This and That" as Pronouns

(i) This এবং these নিকটের ব্যক্তি বা বস্তুকে এবং that ও those দূরের ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে। This এর Plural these এবং that এর Plural those.

This is my house. That is a school.

(ii) পূর্ববর্তী Clause বা Sentence-এ দুটি Noun-এর উল্লেখ থাকলে পরবর্তীটির জন্য this এবং পূর্ববর্তীটির জন্য that ব্যবহৃত হয়।

Suman and Sabbir are friends; this (Sabbir) is a footballer and that (Suman) is a cricketer.

(iii) কোন Sentence-এ একই জাতীয় Noun-এর মধ্যে তুলনা করার সময় পূর্ববর্তী কোন Noun-এর পুনরাবৃত্তি এড়ানোর জন্য that এবং those ব্যবহৃত হয়। পূর্ববর্তী Noun-টি Singular হলে তার পরিবর্তে that of এবং plural হলে তার পরিবর্তে those of ব্যবহৃত হয়।

Incorrect: The rice of Barisal is better than the rice of Dinajpur.

Correct: The rice of Barisal is better than that of Dinajpur.

Incorrect: The mangoes of Rajshahi are better than the mangoes of Dinajpur.

Correct: The mangoes of Rajshahi are better than those of Dinajpur.

(iv) কখনও কখনও পূর্ববর্তী Clause এর পরিবর্তে This বা that ব্যবহৃত হয়।

He says his prayers and that (i, e, he says his prayers) proves his devotion to God.

(v) One, ones, none, the same, such এবং so ইহারও Demonstrative Pronoun হিসাবে ব্যবহৃত হয়।

(a) **Such:** পূর্ববর্তী কোন Noun-কে নির্দেশ করিতে Demonstrative Pronoun হিসেবে such ব্যবহৃত হয়। ইহা Singular ও Plural উভয় Number-এ ব্যবহৃত হয়।
He is a born criminal and acts as such.

If you are my well-wisher (well wishers), prove yourself (yourselves) as such.

(b) **The same:** অনেক সময় The same ও Demonstrative Pronoun হিসেবে ব্যবহৃত হয়।

He made the same mistake as his brother (that his brother made)

(c) **So:** So যখন Demonstrative Pronoun হিসেবে ব্যবহৃত হয় তখন ইহার say, think, tell ইত্যাদি Verb-এর পরে বসে। এক্ষেত্রে "so" Indefinite (অনির্দিষ্ট) Demonstrative Pronoun)

Do you think that he will make a good result?

I think so (this/that)

(d) **One, ones:** পূর্ববর্তী Noun-এর পুনরাবৃত্তি এড়ানোর জন্য Demonstrative Pronoun হিসেবে one এবং তার Plural ones ব্যবহৃত হয়।

This is your pen; it is good one.

The mangoes are not good; I want some good ones.

DISTRIBUTIVE PRONOUNS

যে Pronoun দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে প্রত্যেককে পৃথকভাবে প্রকাশ করে তাকে Distributive Pronoun বলে।

Each of the boys will get a pen.

Either of the two pens will do.

Neither of the two pens is good.

Everyone of them is present.

এখানে Each অনেকের মধ্যে প্রত্যেককে, either ও neither দু'টির মধ্যে প্রত্যেকটিকে এবং everyone বহুর মধ্যে প্রত্যেককে পৃথকভাবে বুঝায়। তাই তারা Distributive Pronouns.

Note: Distributive Pronoun এর পরে Verb Singular হয় এবং ইহার সংগে সম্পর্কযুক্ত Noun বা Pronoun এর Singular হয়।

USES OF DISTRIBUTIVE PRONOUNS

(i) **Each:** দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুর প্রত্যেকটিকে এক এক করে বুঝাতে Each ব্যবহৃত হয়। ইহা তিন অবস্থানে ব্যবহৃত হয়।

(a) Each of the boys is guilty.

(b) The boys have got each pen.

(c) The boys have got ten taka each.

Note: (i) তৃতীয় উদাহরণের ক্ষেত্রে each সর্বদা সংখ্যা (numeral) এর পরে বসে।

(ii) each এর পূর্বে antecedent না থাকলে each সব সময় Singular হয় এবং Verb-ও Singular হয়।

Each of the students has appeared in the examination.

(iii) Each এর antecedent Plural হলে each-ও plural হয়। যেমন:

Inc : The students each has done his duties.

Cor : The students each have done their duties.

(iv) **Either:** শুধুমাত্র দুইব্যক্তি বা বস্তুর যে কোন একটিকে অন্যটি হতে পৃথকভাবে দেখাতে either ব্যবহৃত হয়।

Either of the two bullocks can carry this cart.

(v) **Neither:** Either-এর Negative form হলো neither, দুটির কোনটাই নয় এরূপে বুঝাতে neither ব্যবহৃত হয়।

Neither of the two boys is honest.

Note: Each, either ও neither এর কেবল পরে Noun থাকলে তারা adjective এর কাজ করে।

Each mango is ripe.

Either pen is new.

Neither pen writes well.

RECIPROCAL PRONOUNS

যে Pronoun দ্বারা দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে পরস্পরকে বুঝায় তাকে Reciprocal Pronoun বলে।

The two brothers help each other.

They love one another.

উপরের Sentence গুলিতে each other এবং one' another দ্বারা যথাক্রমে দুই এবং দুয়ের অধিক ব্যক্তির মধ্যে পারস্পরিক সম্পর্কে বোঝানো হয়েছে, তাই তারা Reciprocal Pronoun.

USES OF RECIPROCAL PRONOUNS

(i) **Each other**: দুজনের মধ্যে পারস্পরিক কার্য বুঝালে each other ব্যবহৃত হয়।

The two boys struck each other.

(ii) **One another**: দুয়ের অধিক ব্যক্তির মধ্যে পারস্পরিক কার্য বুঝালে one another ব্যবহৃত হয়।

They help one another.

INTERROGATIVE PRONOUNS

যে Pronoun কোন প্রশ্ন জিজ্ঞাস করতে ব্যবহৃত হয় তাকে Interrogative Pronoun বলে।

What do you want?

Who did the work?

Which is your brother?

Whom did you meet yesterday?

Whose is this pen?

What, who, which, whom ও whose-এই Pronoun-গুলি প্রশ্ন জিজ্ঞাসা করতে ব্যবহৃত হয়েছে তাই তারা Interrogative Pronoun.

Note: Who, which ও what আকারে Relative Pronoun-এর মত কিন্তু তারা ব্যবহারের দিক থেকে ভিন্ন। যখন তারা প্রশ্ন জিজ্ঞাসা করতে ব্যবহৃত হয় তখন তাদেরকে Interrogative Pronoun বলে।

USES OF INTERROGATIVE PRONOUNS

(a) **Who**: কেবলমাত্র ব্যক্তির জন্য singular ও plural number-এ অনির্দিষ্টভাবে ব্যবহৃত হয়।

Who is knocking at the door? (কে দরজায় আঘাত করতেছে তা জানা যায়নি)

বিভিন্ন Case-এ who এর প্রকারভেদ

Nominative	Objective	Possessive
Who	Whom	Whose

Whose watch is this? Whom do you want?

(b) **What**: শুধুমাত্র বস্তুর জন্য singular ও plural Number-এ ব্যবহৃত হয়।
What is your name?

(ii) **Exclamatory "What"**: কত অধিক-এ অর্থ বিস্ময় প্রকাশ করতে যখন Interrogative Pronoun "What" ব্যবহৃত হয় তখন তাকে Exclamatory What বলে। যেমন : What a fine bird it is!

(iii) কত কিনা বুঝাতে **What not** ব্যবহৃত হয়:

He bought pens, papers, books and what not. কয়েকটি verb এর পরেও what not ব্যবহৃত হয়। They sang, shouted, laughed and what not.

(iv) কেন বা কি অর্থে **what for** ব্যবহৃত হয়:

What is Jessore famous for?

(c) **Which**: ব্যক্তি, বস্তু ও ইত্যর প্রাণীর জন্য Singular ও Plural number-এ Which ব্যবহৃত হয়।

Which is his sister?

Which is the house?

Note: (i) পরোক্ষ প্রশ্ন (Indirect Question) করতে Interrogative Pronouns ব্যবহৃত হয়। সেক্ষেত্রে Sentence-টি Complex Sentence হয় এবং Sentence-এর শেষে প্রশ্নবোধক চিহ্ন না বসে Full stop বসে।

I know what he wants.

He asked who was crying.

Tell me which pen you would like to buy.

2. Which এবং what এর পর Noun থাকলে তারা Interrogative Adjective হয়।

Interrogative Pronouns

What is the matter?

Which of the colours

do you like?

Interrogative Adjectives

What matter is it?

Which colours do you

like?

3. Interrogative Pronoun দ্বারা Sentence শুরু হলে Subject এর পূর্বে Auxiliary Verb বসে।

Incorrect: What he want?

Incorrect: Whom you met?

Correct: What does he want?

Correct: Whom did you meet?

4. Who, what এবং which কোন Preposition-এর Object রূপে ব্যবহৃত হলে সে Preposition-টি বিচ্ছিন্নভাবে Sentence-এর শেষে বসে। তখন ইহাকে Detached Preposition বলে।

Who (whom) are you taking about?

What is Jessore famous for?

Who (whom) are you looking for?

Which of the pens did you buy to write with?

কিন্তু Preposition-টি Sentence-এর শুরুতে বসলে তারপরে Who না হলে।

Whom হয়। যেমনঃ For whom are you looking?

REFLEXIVE PRONOUNS, EMPHATIC PRONOUN

Personal Pronoun-এর সংশ্লে self বা selves যুক্ত হয়ে কোন Pronoun যখন Object-এর স্থান গ্রহণ করে এবং পশ্চাতে ফিরে পুনরায় Subject-কে নির্দেশ করে তখন তাকে Reflexive Pronoun বলে।

He killed himself.

উপরের Sentence-টিতে “কে হত্যা করেছিল?” এ প্রশ্ন করা হলে উত্তর হবে “he” “কাকে হত্যা করা হয়েছিলো” -এ প্রশ্ন করা হলে উত্তর হবে himself. এখানে কর্তা যে কাজ করেছে, তা তার নিজের উপর করেছে-অর্থাৎ কর্তা ও কর্ম (Subject ও Object) একই ব্যক্তি। Object (himself) পিছনে ফিরে Subject “he” কে নির্দেশ করে। সুতরাং “himself” Reflexive Pronoun.

Personal Pronoun-টি Singular হলে তার সাথে self এবং plural হলে তার সাথে selves যোগ করে Reflexive Pronoun গঠন করা হয়।

Personal Pronoun-এর First ও Second Person-এ Possessive case-এর সাথে Third Person-এ Objective Case-এর সাথে self/selves যুক্ত হয়ে Reflexive Pronoun গঠিত হয়।

Reflexive Pronoun-এর গঠন নিম্নের ছকের মাধ্যমে দেখানো হলোঃ

Person	Singular	Plural
First	Myself,	Ourselves
Second	Yourself, thyself	Yourselves
Third	Himself, herself, itself	Themselves

উদাহরণঃ I hurt myself. We helped ourselves. You (তুমি) have done it yourself. You (তোমরা) have done it yourselves.

She fans herself. They talked to themselves.

Indefinite Pronoun-“one” এর সাথে self যুক্ত হয়ে Reflexive Pronoun গঠিত হয়ে থাকে।

One should not think oneself great.

Indirect object রূপেও Reflexive Pronoun Preposition-এর পরে ব্যবহৃত হতে পারে। He went out all by himself. I did the work by myself. The children can look after themselves. You should take care of yourself.

EMPHATIC PRONOUNS

যে Pronoun কোন Noun বা Pronoun-এর পরে বসে তাকে নির্দেশ করে এবং তার উপর জোর প্রদান করে তাকে **EMPHATIC PRONOUN** বলে।

I myself went there. (আমি নিজেই সেখানে গিয়েছিলাম)

We ourselves arranged the party.

উপরের Sentence-গুলিতে myself, himself ও ourselves এই Pronoun-গুলি Noun বা Pronoun-এর পরে বসে তাদের নির্দেশ করতে এবং তাদের উপর emphasis (জোর) দেয়ার জন্য ব্যবহৃত হয়েছে। সুতরাং ইহারা **Emphatic Pronouns**.

Reflexive Pronoun ও Emphatic Pronoun দেখতে একই হলেও তাদের অর্থ ও ব্যবহারে প্রভেদ আছে। Reflexive Pronoun Sentence-এর Object-রূপে ব্যবহৃত হয়। সেজন্য উহাকে Sentence হতে তুলে দেয়া যায় না। কিন্তু Emphatic Pronoun ব্যবহৃত হয় Subject-এর উপর জোর দেবার জন্য। উহাকে Sentence-হতে তুলে দিলেও Sentence-এ ভুল হয় না।

Note: (i) Emphatic Pronoun কখনও একা Subject হতে পারে না।

Incorrect: Myself did the work.

Correct: I myself did the work.

(ii) কখনও কখনও অধিক জোর প্রকাশ করতে সকল Persons ও Gender-এ Possessive Case-এর পর ownself, ownselfs বসে। এক্ষেত্রে own কে Emphatic Adjective বলা হয়। কারণ তার পর self বা selves Noun হিসেবে ব্যবহৃত হয়।

This car is for my ownself.

(iii) Emphatic Pronoun অন্য Noun-এর উপর জোর দিলে সেই Noun-এর অব্যবহিত পরেই বসে।

They talked to the Principal himself.

INDEFINITE PRONOUN

কোন বিশেষ ব্যক্তি বা বস্তুকে না বুঝিয়ে অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে বুঝাতে যে Pronoun ব্যবহৃত হয় তাকে Indefinite Pronoun বলে। যেমনঃ

One, none, other, another, naught, many, few, some, several, all, they, both ইত্যাদি Indefinite Pronoun.

One should do one's duty.

Any of the boys can do the work.

Both of them are reliable.

Some are born genius.

None of them helped him.

উপরের Sentence-গুলিতে One, any, both, some ও none ইত্যাদি Pronoun গুলি কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে না বুঝিয়ে অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে বুঝাতে তাই তারা Indefinite Pronoun.

প্রধান প্রধান Indefinite Pronouns-এর বৈশিষ্ট্যঃ

(i) **One:** Indefinite Personal Pronoun হিসেবে One যদি কোন Sentence-এর Subject হয় তাহলে তার পর Nominative ও Objective Case-এ One এবং Possessive case 'ones' হয়। (him his ইত্যাদি হয় না)

One should do one's duty.

// One does not know when one will leave this world.

কিন্তু No, Every যদি One-এর পূর্বে বসে তাহলে তারপর he, his বা him বসে।

Everyone should obey his parents.

No one should neglect his duties.

Indefinite Numeral (সংখ্যাবাচক) Pronoun-রূপে One পূর্ববর্তী কোন Singular Noun-এর পুনরাবৃত্তি এড়ানোর জন্য তার পরিবর্তে ব্যবহৃত হয়। সেক্ষেত্রে One এর Plural হয় Ones.

This is an old book, give me the new one.

These are old books, give me the new ones.

One of এর পরে Plural Noun ব্যবহৃত হয়। সেক্ষেত্রে 'one' subject হলে verb singular হয়।

One of the boys was present.

Any, no, every, some ইত্যাদি word-এর সাথে one, body, thing ইত্যাদি word যুক্ত হয়ে নিম্নলিখিত Indefinite pronoun গুলি গঠিত হয়।

Anyone, none, everyone, someone, anybody, nobody, everybody, somebody, anything, something, nothing প্রভৃতি।

(ii) **None:** ইহা Not+one এর সংক্ষিপ্ত রূপ। তা সর্বত্রও Countable Noun-এর ক্ষেত্রে ইহা Subject রূপে Singular ও Plural উভয় Verb গ্রহণ করতে পারে এবং Uncountable Noun-এর ক্ষেত্রে Singular Subject-রূপে Singular Verb গ্রহণ করে। ব্যক্তির ন্যায় বস্তুর ক্ষেত্রেও None ব্যবহৃত হয়।

None is/are happy in this world. (Countable)

Is there any salt in the pot? No, there is none (Uncountable)

None of his books is/are new.

(iii) **Any:** Indefinite Pronoun-রূপে ইহা Interrogative এবং Negative Sentence-এ Singular ও Plural উভয় Number-এ ব্যবহৃত হয়ে থাকে। ব্যক্তি এবং বস্তু উভয়ের পরিবর্তেই ইহা ব্যবহৃত হয়।

Have you ever seen a tiger?

No, I haven't seen any.

I have seen many famous poets. Have you seen any?

(iv) **Some:** ইহা সবসময় Plural এবং ব্যক্তি ও বস্তু উভয়ের পরিবর্তে বসে।

Some of his books are new and some old.

(v) **Others:** ইহা বস্তু বা স্থান এর পরিবর্তে না বসে শুধু ব্যক্তির পরিবর্তে বসে।

Man can not live without others help.

FIND OUT PRONOUN IN THE FOLLOWING SENTENCES

1. He is greater than she. 2. He and I went there together. 3. It was not I that did it. 4. It is a sin to tell a lie. 5. You have wronged me. 6. His pen is finer than yours. 7. Our school is better than theirs. 8. The roads of Dhaka are better than those of Khulna. 9. He will do the same as his brother. 10. This pen is old, please give me a new one. 11. These mangoes are green, give me some ripe ones. 12. If you are a well wisher, prove yourself as such. 13. This pen is better than that. 14. These pens are good but those are not so good. 15. Listen to what your teachers say. 16. What is lotted can not be blotted. 17. We can not do whatever we like. 18. There is no man but wishes to be happy. 19. This is the woman who lost her bag. 20. The boy whom you met yesterday is my brother. 21. The boy whose pen was lost was poor. 22. I took a cabin which was small. 23. We want such men as are active. 24. These are the books that have just arrived. 25. Such boys as are irregular will be punished. 26. The two girls love each other. 27. The three brothers quarrel with one another. 28. What does he do in the room? 29. Who has broken the glass? 30. Which of the pens did he buy? 31. Whom did you see? 32. What is Jessore famous for? 33. Whose pen did you borrow? 34. Either of the two pens will do. 35. Everyone of them supported him. 36. Each of the boys has done his duty. 37. Neither of the two sisters are friendly. 38. She fans herself. 39. He killed himself. 40. They hurt themselves. 41. He lost himself. 42. I myself saw the man. 43. We saw the principal himself. 44. Do not praise yourself. 45. We availed ourselves of the chance. 46. Many were interviewed but few were selected. 47. One should take care of one's health. 48. Have you seen any tiger? No, I have not seen any. 49. There is none but hates a liar.

ADJECTIVES

যে Word কোন Noun বা Pronoun-এর দোষ গুণ, অবস্থান, পরিমাণ বা সংখ্যা ইত্যাদি প্রকাশ করে তাকে Adjective বলে।

Salek is a good boy.

He is dishonest.

There is much water in the pond.

ব্যাখ্যাঃ উপরের ১ম Sentence-টিতে good শব্দটি Salek এর গুণ প্রকাশ করে।
good এখানে Adjective.

দ্বিতীয় Sentence-এ dishonest শব্দটি Pronoun "he" এর দোষ প্রকাশ করে।
তাই "dishonest" Adjective.

তৃতীয় Sentence-এ "much" শব্দটি water এই Noun-টির পরিমাণ বুঝায়।
Much এখানে Adjective.

USES OF ADJECTIVE

Adjective এর ব্যবহার দুই প্রকার।

(a) Attributive uses of Adjective: Adjective যখন Noun-এর পূর্বে বসে প্রত্যক্ষভাবে উক্ত Noun-কে qualify করে তখন Adjective-এর সেই ব্যবহারকে Attributive uses of Adjective বলে। যেমনঃ He is a wise man.

ব্যাখ্যাঃ এখানে wise শব্দটি "man" Noun-টির পূর্বে বসে প্রত্যক্ষভাবে তার গুণ প্রকাশ করে। তাই উক্ত Sentence-এ Adjective-এর এ ধরনের ব্যবহারকে Attributive uses of Adjective বলে।

(b) Predicative Uses of Adjective: Adjective যখন Predicative Verb-এর পরে বসে পরোক্ষভাবে Subject-কে qualify করে, তখন Adjective-এর সেই ব্যবহারকে Predicative uses of Adjective বলে। যেমনঃ He is wise.

ব্যাখ্যাঃ এখানে "wise" শব্দটি Predicative verb-এর পরে বসে পরোক্ষভাবে Subject "he"-এই Pronoun-টির গুণ প্রকাশ করে। তাই উক্ত Sentence-এ Adjective-এর এ ধরনের ব্যবহারকে Predicative use of Adjective বলে।

Predicative Adjective সাধারণতঃ Complement রূপে ব্যবহৃত হয়। উপরের Sentence-টি হতে আমরা বুঝতে পারি Adjective-টি Predicative-এর অপরিহার্য অংশ এবং এ Adjective-টি থাকতে "is"-এ verb-এর অর্থ সম্পূর্ণ হয়েছে। উল্লেখ্য Complement ছাড়া Verb "to be"-এর অর্থ সম্পূর্ণ হয় না।

Note: Predicative Verb বলতে মূলতঃ be verb-গুলিকে বুঝায়।

CLASSES OF ADJECTIVE

Adjective প্রধানতঃ চার প্রকার।

(A) Descriptive Adjective বা Adjective of quality.

(B) Quantitative Adjective বা Adjective of Quantity.

(C) Numeral Adjective বা Adjective of Number.

(D) Pronominal Adjective.

(A) Adjective of Quality: যে Adjective ব্যক্তি বা বস্তুর গুণ দোষ বা অৱস্থা

প্রকাশ করে তাকে Adjective of Quality বলে।

He is a rich man.

The boy is disobedient.

ব্যাখ্যা: উপরের ১ম Sentence-টিতে 'rich' শব্দটি সে কেমন তা প্রকাশ করে অর্থাৎ 'rich' এখানে he-এ ব্যক্তিটির অবস্থা প্রকাশ করে। তাই 'rich' Adjective of Quality.

অনুরূপভাবে disobedient শব্দটি the boy কেমন তা প্রকাশ করে অর্থাৎ disobedient এখানে the boy এ Noun-টির দোষ প্রকাশ করে। তাই 'disobedient' Adjective of Quality.

(B) Adjective of Quantity: যে Adjective কোন Noun-এর পরিমাণ নির্দেশ করে তাকে Adjective of Quantity বা Quantitative Adjective বলে। Much, little, some, any, no বা none, enough বা sufficient, all বা whole, half ইত্যাদি এ শ্রেণীর Adjective হিসেবে বহুলভাবে ব্যবহৃত হয়। এ জাতীয় Adjective কি পরিমাণ প্রশ্নের উত্তর দেয়। Adjective of Quantity সাধারণতঃ Material ও Abstract Noun এর পূর্বে বসে।

The man has much money.

Give me a little water.

I want some rice.

ব্যাখ্যা: উপরের Sentence-গুলিতে much, a little ও some-এশব্দগুলি যথাক্রমে money, water ও rice এই Noun-গুলির পরিমাণ নির্দেশ করে তাই তারা Adjective of Quantity.

Note: (i) No, Noun-এর পূর্বে বসে কিন্তু Noun-টি যদি অনুক্ত (understood) থাকে তখন none ব্যবহৃত হয়। Have you any apple?

No, I have none.

NUMERAL ADJECTIVE


যে Adjective কোন Noun-এর সংখ্যা, ক্রমানুসারে স্থান বা পর্যায় বুঝায় বা Noun-টি কতবার আছে তা প্রকাশ করে, তাকে Adjective of Number বা Numeral Adjective বলে।

He has five pens.

January is the first month of the year.

ব্যাখ্যা: উপরের ১ম Sentence-টিতে five এই Adjective-টি pen এই Noun-টির সংখ্যা, দ্বিতীয় Sentence-এর 'first' এই Adjective-টি month এই Noun-টির ক্রমানুসারে স্থান বা পর্যায় (order) প্রকাশ করে। তাই 'five ও first' এ Adjective-গুলি Adjective of Number বা Numeral Adjective.

Numeral Adjective তিন প্রকার:



(i) **Cardinal Numeral Adjective:** One, two, three ইত্যাদি যে সকল Adjective দ্বারা কোন Noun-এর নির্দিষ্ট সংখ্যা বুঝায় তাকে Cardinal Numeral Adjective বলে। যেমন :

One, two, three, four, five, six, seven, eight.

(ii) **Ordinal Numeral Adjective:** First, second, third ইত্যাদি যে সকল Adjective দ্বারা কোন Noun-এর ক্রমানুসারে স্থান বা পর্যায় বুঝায় তাকে Ordinal Numeral Adjective বলে। যেমন: First, second, third, fourth, fifth ইত্যাদি।

(iii) **Multiplicative Numeral Adjective:** Single, double, triple ইত্যাদি। যে Adjective দ্বারা কোন একটি Noun কতবার রয়েছে বুঝায় তাকে Multiplicative Numeral Adjective বলে।

Cardinal	Ordinal	Multiplicative
One	first	single
Two	second	double, twofold
Three	third	triple, threefold
Four	fourth	quadruple, fourfold
Five	fifth	fivfold

(iii) সময় জ্ঞাপক শব্দ যেমন- by, by then, by that time, by the 10th etc.

দ্বারা Future Perfect Tense প্রকাশ করা হয়।

By the end of the next week he will have been in London for five years.

THE FUTURE PERFECT CONTINUOUS

ভবিষ্যতকালের কোন কাজ কোন নির্দিষ্ট সময় শেষ হওয়ার পূর্ব পর্যন্ত চলতে থাকবে বুঝালে অথবা দু'টি কাজের মধ্যে একটি কাজ ভবিষ্যতে শুরু হয়ে চলতে থাকবে এরূপ বুঝালে Verb-এর Future Perfect Continuous Tense হয়। অন্যটির Present Indefinite Tense হয়।

বাংলায় চিনবার উপায়ঃ বাংলা ক্রিয়ার শেষে তে থাকিব, তে থাকিবা, তে থাকিবেন ও একটি সময়ের উল্লেখ থাকে।

Structure: Subject+shall have been/will have been+মূল Verb-এর Present form-এর সাথে ing+Extension.

আমি দু'ঘন্টা ধরে বইটি পড়তে থাকব।

I shall have been reading the book for two hours.

তুমি ফিরে না আসা পর্যন্ত আমরা তোমার জন্য অপেক্ষা করতে থাকব- We shall have been waiting for you until you come back.

Note: First Person এর পরে সাধারণতঃ shall have been বসে। আর সব Person এর পরে will have been বসে।

FUTURE PERFECT CONTINUOUS TENSE-এর ব্যবহারঃ

(i) Future Perfect Tense-এর মত Future Perfect Continuous Tense-ও by যুক্ত time expression-এর সাথে ব্যবহৃত হয়।

By the end of the week, he will have been living here for five years.

EXERCISE**Correct the following :**

1. He see a picture. 2. The virtuous is happy. 3. It is raining for two hours. 4. I am hearing a voice. 5. Fifty miles are a long way. 6. I have come yesterday. 7. One of the books are lost. 8. He talks as if he know everything. 9. Why are Mr. Samad look so angry? 10. I am living in Dhaka since 1980. 11. English are my favourite subject. 12. He worked instead of play. 13. I wish I was singing. 14. The colour of his eyes are blue. 15. We are none of us get any younger. 16 The door was opening by a boy. 17. What you do last night? 18. He died before the doctor came. 19. I shall go home after I finish the work. 20. It is high time we start. 21. It rained after we started. 22. The boy has catch a bird. 23. Would you mind open the door? 24. Arabic is speak in Arab countries. 25. The earth is moving round the sun. 26. The old man has died last night. 27. All that glitters are not gold. 28. I have seen him long since. 29. He said that he go to Dhaka the next day. 30. She said that she go home the last night. 31. He was read the book for two hours. 32. They has done the work. 33. It is raining since morning. 34. I go tomorrow. 35. They will read. 36. He will have reach home by the time. 37. They are catch fish. 38. Bread and butter are my favourite food. 39. Time and tide waits for none. 40. Man are mortal.

Fill in the blanks with the right forms of the verbs given in the brackets.

1. Everybody — flowers. (love, loves, loving)
2. One of the pens — black (is, are)
3. You and I have — our duty (do, does, did, doing)
4. He is — (play, plays, playing, played)
5. It — raining since morning (has been, have been)
6. The fisherman has — six fishes (catch, caught, catching)
7. — he go there last night? (do, does, did)
8. A good boy always — his lessons (learn, learns, learning)
9. He — a song now. (sing, sings, singing)
10. — they go home tomorrow? (will, will be, shall, shall be)
11. He— done the work. (might have, may, can,)

12. We — speak the truth. (must, may, might)
13. Had I seen him, I — him the matter. (might have, may have, can have)
14. The man was — for murder. (hang, hung, hanged)
15. Let him — out. (go, goes, went)
16. Neither he nor his brother — guilty. (am, is, are)
17. Why did— he there last evening? (go, went, gone)
18. The children came to us — . (ran, run, running)
19. He did nothing but — (sing, sang, sung)
20. I saw him — (go, went, gone)
21. Gold and silver — I none. (have, has)
22. I have just — snack. (has, have, had)
23. Slow and steady — the race. (win, won, wins)
24. The bird made the wind — . (blow, blew, blown)
25. My pen is — . (lose, losing, lost)
26. We — obey our parents. (should, should be, may)
27. The moon — us light. (give, gives, given)
28. The hen has — an egg. (lay, laid, lain)
29. How long — you been waiting? (has, have, are)
30. We — going there tomorrow. (are, is, were)

**Which is the correct form of verb or word indicated within bracket.
[answer indicated by putting a circle (●)]**

1. I (to live) here since
(a) live (b) am living (c) have been living (d) lived
2. There are five (M.A.) in our village.
(a) M. A. (b) M. A. s. (c) M. A' s. (d) M.As.'
3. Ten years (pass) since his father died.
(a) were passed (b) had passed (c) passed (d) have passed
4. What you (to do) last night.
(a) you did (b) did you do
(c) had you done (d) did you
5. He (arrive) before my father went to his office.
(a) arrived (b) had arrived
(c) would arrive (d) has arrived

6. I wish I (be) a rich man.
(a) shall be (b) an (c) were (d) to be
7. But for your help, I would (fail) in my attempt.
(a) not fail (b) fail
(c) have failed (d) not have failed
8. He talks as if he (know) everything.
(a) has known (b) had known
(c) knew (d) with know
9. The picture was (to hang) on the wall.
(a) hanged (b) to hang
(c) hung (d) to be hanged
10. The (lad) is doing her work sincerely.
(a) ladess (b) lass (c) girl (d) maid.
11. He has lost all his (tooth).
(a) tooths (b) tooth (c) teeth (d) toothes.
12. He is the (bad) boy in the class.
(a) worse (b) better (c) worst (d) bad
13. He talks as if he (to be) mad
(a) was (b) were — (b) had been (d) is
14. Physics (to be) my favourite subject.
(a) are (b) will be (c) to be (d) is
15. I shall go home after I (to finish) the work.
(a) had finished (b) have finished
(c) shall finish (d) finish
16. I wish I (be) a rich man.
(a) shall be (b) an (c) were (d) to be
17. He worked instead of (play)
(a) playing (b) played
(c) play (d) having played
18. He (come) to me day before yesterday.
(a) has come (b) would come
(c) had come (d) came
19. Walk fast lest you (miss) the train.
(a) would miss (b) should miss
(c) miss (d) will miss
20. The man (work) diligently.
(a) work (b) had worked
(c) will be working (d) has to work

KINDS OF VERBS

FINITE AND NON-FINITE VERBS

Verb প্রধানতঃ দু' প্রকারঃ

1. Finite Verb এবং 2. Non-finite Verb বা Verbal

1. Finite Verb: যে verb কোন Sentence-এর বক্তব্য সমাপ্ত করে এবং উক্ত Sentence-এর Subject (Nominative) ও Number অনুযায়ী যার রূপ নির্ণীত হয় তাকে Finite Verb (সমাপিকা ক্রিয়া) বলে।

Shapna	sings	a song.
Subject	Verb (finite)	

উপরের Sentence-এ "sings" এর Subject Shapna এবং উক্ত Subject-এর Number ও Person অনুযায়ী Verb-টির রূপ নির্ধারিত হয়েছে। উপরন্তু "Sing" Verb-টি Sentence-টির বক্তব্য সমাপ্ত করেছে। তাই "sings" এখানে Finite Verbs.

2. Non-Finite Verb: যে Verb দ্বারা Sentence-এর বক্তব্য শেষ হয় না এবং কোন Subject (Nominative)-এর Person ও Number দ্বারা যার রূপ নির্ণীত হয় না তাকে Non-Finite Verb (অসমাপিকা ক্রিয়া) বলে।

Shapna	likes	<u>to sing</u>	a song
Subject	Verbs (finite)	Verb (non-finite)	

Shapna "likes" Verb-টির Subject, "to sing" Verb-টির নয়। "to sing" এই Verb-টির দ্বারা "গান করতে" এ অসমাপিকা ক্রিয়াকে বুঝায়। তা দ্বারা বক্তব্য শেষ হয় না এবং অর্থও সম্পূর্ণ করে না। উপরন্তু Subject-এর Number ও Person অনুযায়ী এর রূপও পরিবর্তিত হয় না। তাই "to sing" Non-Finite Verb বা Verbal.

Finite Verb দু'প্রকার। (1) Principal Verb ও (2) Auxilliary Verb.

(1) Principal Verb: যে সমস্ত Verb অন্য কোন Verb-এর সাহায্য ব্যতীত স্বাধীনভাবে সম্পূর্ণ অর্থ প্রকাশ করে তাদিগকে Principal Verb বলে।

The boy plays football. I read in class x.

উপরের Sentence দু'টিতে plays এবং read-এ Verb দু'টি অন্য কোন Verb-এর সাহায্য ছাড়া সম্পূর্ণ অর্থ প্রকাশ করছে। তাই play, read-এ Verb-গুলি Principal Verb.

Note: Principal Verb ছাড়া কোন Sentence হয় না।

(2) Auxiliary/Helping Verb: যে সমস্ত Verb এক নিজস্ব অর্থ নেই এবং বিভিন্ন প্রকার Sentence, Tense, Voice বা Mood-এর বিভিন্ন রূপ গঠনের জন্য Principal Verb-কে সাহায্য করে তাকে Auxiliary Verb বলে।

The man is reading a book. The bird is killed by him.

He has eaten rice. I shall do the work.

উপরের Sentence-গুলিতে is, was, has ও shall-এ Verb-গুলি যথাক্রমে reading, killed, eaten ও do এই Verb-গুলির অর্থকে যথাযথভাবে প্রকাশ করতে সাহায্য করে। এদের নিজেদের কোন অর্থ নেই। অন্য Verb-এর অর্থ প্রকাশের সাহায্য করাই এদের কাজ। সুতরাং is, was, has ও shall—Auxiliary Verb.

Auxiliary Verbs: Be=am, is, are, was, were, being, been.

Have= have, has, had, having.

Do= do, does, did

এছাড়াও shall, should, will, would, may, might, can, could, must, ought (to), need, dare, used (to).

Note: (i) অনেক সময় 'To be' Verb ও Auxiliary Verb-এর মধ্যে পার্থক্য নির্ণয়ে ছাত্রদের সমস্যা সৃষ্টি হয়। মনে রাখতে হবে :

(i) 'to be' Verb-গুলি হলো am, is, are, was, were.

(ii) 'to be' verb Auxiliary Verb ও Principal Verb হিসেবে ব্যবহৃত হয়।

(iii) 'to be' verb তখনই Auxiliary Verb হিসেবে গণ্য হয় যখন তার পরে কোন Principal Verb ব্যবহৃত হয়।

He was reading a book. (as auxiliary verb)

অন্যদিকে যখন কোন Sentece-এ 'To be' Verb ছাড়া আর কোন Verb থাকে না তখন 'To be' Verb- Principal Verb হিসেবে গণ্য হয়।

He is a student. (as principal verb)

(ii) Verb "To Have": Verb "To Have" Auxiliary ও Principal Verb-এ দু'ভাবে ব্যবহৃত হয়।

He has done the work. (Used as Auxiliary Verb)

He has a pen. (Used as Principal Verb)

FUNCTIONS OF AUXILIARY VERBS

- (i) Tense গঠন করতেঃ I have done the work.
- (ii) Negative Sentence গঠন করতেঃ He is not reading.
- (iii) Interrogative Sentence গঠন করতেঃ Did he go there?
- (iv) Passive Voice গঠন করতেঃ The book is read by him.
- (v) Mood গঠন করতেঃ I can do it.

TRANSITIVE AND INTRANSITIVE VERBS

Principal Verb দু'প্রকারঃ

- (1) Transitive Verb (সকর্মক ক্রিয়া)
- (2) Intransitive Verb (অসকর্মক ক্রিয়া)

Transitive Verb: যে Verb একাকী Sentence-এর অর্থ সম্পূর্ণ করতে পারেনা, অর্থকে সম্পূর্ণ করতে অন্য কোন Word এর সাহায্য গ্রহণ করতে হয় তাকে Transitive Verb বলে।

I drink. The boy eats.

উপরের Sentence দু'টিতে drink ও eats-এ Verb-দু'টি সম্পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে না। প্রশ্ন ওঠে “আমি কি পান করি” এবং “বালকটি কি খায়”। তাদের সম্পূর্ণ অর্থ প্রকাশ করার জন্য অন্য word-এর সাহায্য প্রয়োজন। যেমনঃ

I drink tea. The boy eats rice.

এখানে drink ও eat-এ verb দু'টি “tea ও rice” শব্দ দু'টি গ্রহণ করার পর সম্পূর্ণ অর্থ প্রকাশ করে। তাই drink ও eats-Transitive Verb এবং tea ও rice যথাক্রমে উক্ত Verb দু'টির Object.

Note: যে শব্দের সাহায্য নিয়ে Transitive Verb সম্পূর্ণ অর্থ প্রকাশ করে সে শব্দকে Object বলে। উল্লেখ্য অধিকাংশ Transitive Verb-এর Object থাকে।

যে সব Parts of speech—Transitive Verb-এর Object হিসেবে ব্যবহৃত হয়ে থাকে তাদের তালিকাঃ

(i) Noun/Noun Phrase: Asad bought a book.

উপরের Object-কে modify করে এভাবে লেখা যেতে পারেঃ

Asad bought an interesting book of poems yesterday.

উপরের উদাহরণে “book” এই Object-টির আগে an interesting এ determiner-টি “book” কে modify করেছে এবং পরে of poems এ prepositional phrase বসিয়ে তাকে modify করা হয়েছে। তাছাড়া এ উদাহরণে Object-এর শেষে “yesterday” Adverb of time বসানো হয়েছে এবং তা Transitive Verb-কে modify করেছে।

2. Pronouns: Noun-এর পরিবর্তে Pronoun ব্যবহার করা হয়। Pronoun-কে Object হিসেবে ব্যবহার করা যায়। যেমনঃ I received him heartily.

3. Infinitives: Infinitive/Infinitive Phrase-কে Transitive Verb-এর Object হিসেবে ব্যবহার করা যায়।

I like to read. I like to read novels.

উপরের Sentence দু'টিতে "to read" Transitive Verb "like" এর Object হিসেবে কাজ করেছে। উল্লেখ্য, দ্বিতীয় Sentence-এ "to read" Infinitive-টির পর novels—Object বসানো হয়েছে কারণ এ Infinitive-টি তৈরী হয়েছে Transitive Verb "read" থেকে।

যে সমস্ত Transitive Verb- এর পরে Infinitive বসে Object-এর কাজ করে তাদের সংক্ষিপ্ত তালিকা নীচে দেওয়া হলোঃ **begin, continue, hope, intend, learn, neglect, offer, plan, promise, refuse, remember, try** ইত্যাদি।

4. Infinitive with Subjects: কিছু Transitive Verb আছে যে গুলোর Transitive Verb ও Infinitive-এর Subject আলাদা। সে সব Transitive Verb-এর ক্ষেত্রে Infinitive-এর Subject-টি প্রদত্ত Transitive Verb ও Infinitive-এর মাঝে বসে।

The teacher advised the students to keep silent.

এখানে advised-এ verb- টির Subject "The teacher" এবং to keep silent-এ Infinitive Phrase-এর Subject হলো the students এবং এ subject -সহ Infinitive Phrase-টি অর্থাৎ the students to keep silent-advised এ verb-টির Object হিসেবে বসেছে।

Note: যদি Infinitive-এর Subject-টি Pronoun হয় তবে Pronoun-টির Object form বসে।

The teacher advised them (not they) to keep silent.

এভাবে ব্যবহৃত Transitive Verb-এর সংক্ষিপ্ত তালিকাঃ

allow, convince, encourage, force, instruct, invite, persuade, remind, teach, tell, help, beg.

আবার কতকগুলো Verb-কে (যেমনঃ expect, like, want.) দু'ভাবে ব্যবহার করা যায়। I like to read.

I like you to read.

He wants to go.

He wants me to go.

We expected to do the work.

We expected them to do the work.

5. Bare Infinitive with Subject: কতকগুলো Transitive Verb আছে যেগুলোর উপরের ৪নং নিয়মের মত ব্যবহার হবে।

তবে Infinitive-এর পূর্বে to বসবে না। যেমনঃ **make, let, hear, watch, see.**

He made me laugh. I let him go. She heard me sing. I saw him go. He watched me go.

6. Gerund: Verb-এর শেষে ing যোগ করলে যদি তা Verb ও Noun এর কাজ করে তাকে Gerund বলে। তখন তা Transitive Verb-এর Object হিসেবে কাজ করে। যেমনঃ He likes playing football. .

উপরের Sentence-টিতে playing শব্দটি play verb-এর সাথে ing যোগ হয়ে Gerund-এ পরিণত হয়েছে এবং তা like এর Object হিসেবে কাজ করেছে। Verb-টি Transitive বলে তারপর football-এ Object-টি বসানো হয়েছে। যে সব verb এভাবে ব্যবহৃত হয় তাদের সংক্ষিপ্ত তালিকাঃ

admit, appreciate, consider, deny, finish, postpone, start, try, intend.

INTRANSITIVE VERB

যে Verb অন্য কোন word এর সাহায্য ব্যতীত অর্থাৎ Object গ্রহণ না করে অর্থকে সম্পন্ন করতে পারে তাকে Intransitive Verb বলে। যেমনঃ

The girl sings.

Birds fly.

উপরের Sentence দু'টিতে sings এবং fly-verb দু'টি Sentence-এর কার্যকে সম্পূর্ণরূপে প্রকাশ করে। তাদের অর্থকে সম্পন্ন করতে কোন Object-এর সাহায্য গ্রহণ করতে হয় না। তাই তারা Intransitive Verb.

অতি প্রয়োজনীয় Intransitive Verb-এর একটি সংক্ষিপ্ত তালিকা নীচে দেওয়া হলোঃ

1. Verbs of Movement or Direction: Come, go, jump, boil, fly, get up, dance, float, swim, stroll, play, rise, move, travel.

2. Verbs of Sound: Cry, bleat, bark, laugh, neigh, howl, trumpet, shout, roar, whistle, twitter, sob, scream.

3. Verbs of Rest or Position: Arrive, live, lie, sleep, breathe, stop, stay, sit, stand, squat, rest.

Other Intransitive Verb: Glitter, fade, fail, break, close, drop, die, drown, disappear, appear, happen, sink, sparkle, smoke, surrender, open, rot.

উপরোক্ত তালিকাভুক্ত কিছু শব্দ Transitive Verb হিসেবেও ব্যবহৃত হয়।

Transitive Verb with Double Objects: কোন কোন Transitive Verb-এর একটি বস্তুবাচক (Indirect) এবং অপর একটি বস্তুবাচক (Direct) Object থাকে। এরূপ Transitive Verb-কে Transitive Verbs with Double objects বলে।

He gave me a pen.

উপরের Sentence-এ gave-এ Verb-টি দিয়ে প্রশ্ন করলে দু'টি প্রশ্ন পাওয়া যায়-

(i) কাকে দিয়েছিলেন? (ii) কি দিয়েছিলেন?

এ দু'টির প্রশ্নের উত্তর যথাক্রমে me (আমাকে) ও a pen (একটি কলম)। সুতরাং gave verb-টির দু'টি object রয়েছে- me ও a pen. এ Verb-টিকে বলা হয় Transitive Verb with Double Objects.

Note: "কি" প্রশ্নের উত্তরে যে শব্দটি পাওয়া যায় তা Direct Object. বস্তুবাচক Object-কে Direct object বলা হয়। উপরের Sentence-এ "a pen" Direct Object.
 "কাকে" প্রশ্নের উত্তরে যে শব্দ পাওয়া যায়, তা Indirect Object. ব্যক্তিবাচক Object-কে Indirect Object বলা হয়।

POSITION OF DIRECT AND INDIRECT OBJECT

Indirect Object সাধারণতঃ Direct Object-এর পূর্বে বসে।

He gave me a book.
 ↓ ↓
 Indirect Direct

কিন্তু যখন Indirect Object Direct object-এর পরে বসে তখন Indirect Object-এর পূর্বে to/for বসে।

He gave a book to me.
 ↓ ↓
 Direct Indirect

Note: Teach, show, tell, ask, give, lend, grant ইত্যাদি কতকগুলো Transitive Verb-এর Direct এবং Indirect দু'টি Object হয়।

TRANSITIVE VERB USED INTRANSITIVELY

(i) কোন Transitive Verb যখন এমনভাবে ব্যবহৃত হয় যে তার সম্পূর্ণ অর্থ প্রকাশের জন্য কোন Object-এর সাহায্যের প্রয়োজন হয় না, Object-হীন সহজে অনুমান করে নেওয়া যায়, এ ধরনের ব্যবহারকে Intransitive ব্যবহার বলে।

Transitive use

The boy flies a kite.
 He writes a letter.
 I shall see you tomorrow.
 I read a novel.
 He opened the door.
 The driver stopped the car.

Intransitive use

Birds fly.
 The pen writes well.
 The old man cannot see.
 He can not read.
 The door opened.
 The car stopped.

এ ধরনের Verb-এর উদাহরণঃ Run, boil, ring, walk, burn.

(ii) যখন Transitive Verb-এর Object- "Reflexive Pronoun" উহ্য থাকে তখন তার ব্যবহার Intransitive হয়।

Transitive use

Keep the book on the shelf

Intransitive use

Keep (yourself) safe from danger.

(iii) কোন Transitive Verb যখন আকারে Active Voice-এর মত হলেও Passive Voice-এর অর্থ প্রকাশ করে তখন তার ব্যবহার Intransitive হয়। এক্ষেপে ব্যবহৃত Transitive Verb-কে Quasi-Passive Verb বলে।

Note: Quasi শব্দের অর্থ half। সুতরাং Quasi Passive শব্দের অর্থ Half in Active এবং Half in Passive অর্থাৎ Active in form but passive in sense or meaning.

Transitive use

He prints a book.

They build a house.

She milks the cow.

He sells fish.

Intransitive use

The book is printing. (is being printed)

The house is building. (is being built)

The cow is milking. (is being milked)

Fish sells cheap now. (is sold)

INTRANSITIVE VERB USED TRANSITIVELY

(i) কোন Intransitive Verb-এর পর উক্ত Verb-এর ন্যায় অর্থ বিশিষ্ট Object ব্যবহার করা হলে তা তখন Transitive Verb হয়ে যায়। এরূপ Object-কে Cognate object বলে।

Intransitive use

He slept.

She sings.

I dreamt last night.

They fought.

Transitive use

He slept a sound sleep.

She sings a song.

I dreamt a good dream last night.

They fought a tough fight.

(ii) কোন Intransitive Verb যখন Causitive Verb রূপে ব্যবহৃত হয় অর্থাৎ উক্ত Verb-এর Subject নিজে কাজ না করে অন্যকে দিয়ে কার্য সম্পন্ন করার অর্থে ব্যবহৃত হয় তখন তা Transitive Verb হয়ে যায়।

Intransitive use

Birds fly

Water boils

Transitive use

The boy flies a kite.

Mother boils rice.

(iii) কতকগুলো Verb-তাদের পর Preposition বা Adverb-কে অবিশ্লেদ্য অংশ রূপে গ্রহণ করে একটি অখণ্ড অর্থ প্রকাশ করে, এরূপে ব্যবহৃত Intransitive Verb-কে Preposition বা Group Verb বলে।

Intransitive use

He laughs

He went there.

Transitive use

We should not laugh at the poor.

He went through the book.

CAUSITIVE VERB

কোন Verb-এর Subject যদি নিজে সরাসরি কাজ না করে অপরকে দিয়ে কাজ সম্পন্ন করায় তখন তাকে Causitive Verb বলে। এক্ষেত্রে Intransitive Verb করানো, ঘটানো, খাওয়ানো ইত্যাদি অর্থে Transitive রূপে ব্যবহৃত হয়। I fly a kite.

ব্যাখ্যাঃ উপরের Sentence-এ "fly" Transitive Verb এর কার্যটি Subject (a kite) দ্বারা সম্পন্ন হয়নি। তা সম্পন্ন হয়েছে "I" দ্বারা। তাই "fly" এখানে Causitive Verb.

নীচে কয়েকটি Causitive Verb-এর তালিকা দেওয়া হলোঃ

Simple Verb

Dive (ডুব দেয়া)
 Drink (পান করা)
 Fall (পতিত হওয়া)
 Know (জানা)
 Remember (মনে করা)
 Rise (ওঠা)
 Sit (বসা)
 Suck (স্তন্যপান করা)
 Lie (তয়ে পড়া)

Causitive Verb

Dip (তরল পদার্থে ডুবানো)
 Drench (ভিজানো)
 Fell (ভূপাতিত করা)
 Inform (জানানো)
 Remind (স্মরণ করানো)
 Raise (উঠানো)
 Set (স্থাপন করা)
 Suckle (স্তন্য পান করানো)
 Lay (রাখা)

Note: যে সকল Verb -এর স্বতন্ত্র Causitive Form নেই তাদের পূর্বে have, cause, get, make ইত্যাদি Verb বসিয়ে Causitive এর অর্থ প্রকাশ করা হয়।

Verb of Incomplete Predication

Intransitive Verb যখন অতিরিক্ত কোন শব্দের সাহায্যকারী ব্যতীত এবং Transitive Verb যখন তার Object থাকা সত্ত্বেও অতিরিক্ত অন্য কোন শব্দের সাহায্য ছাড়া সম্পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে না; তখন তাকে Verb of Incomplete Predication বলে।

Verb of Incomplete Predication সাধারণতঃ দু'প্রকারঃ

- (1) Intransitive Verb of Incomplete Predication or Copulative Verb.
- (2) Transitive Verb of Incomplete Predication or Factitive Verb.

COPULATIVE VERB

যখন কোন Intransitive Verb অতিরিক্ত word-এর সাহায্য ব্যতীত Sentence-এ অর্থ সম্পূর্ণ করতে পারে না, তখন তাকে Intransitive Verb of Incomplete Predication বা Copulative Verb বলে।

The flower is.

You look.

The flower is beautiful

You look happy.

উপরের বাম দিকের Sentence দু'টিতে is এবং look-এ Intransitive Verb দু'টো থাকা সত্ত্বেও তারা সম্পূর্ণ প্রকাশ করতে পারেনি। তাদের সম্পূর্ণ অর্থ প্রকাশ করবার জন্য অতিরিক্ত শব্দের (beautiful, happy) প্রয়োজন। তাই is এবং look Copulative Verb.

Intransitive Verb of Incomplete Predication বা Copulative Verb : যে verb অতিরিক্ত word-এর সাহায্য নিয়ে সম্পূর্ণ অর্থ প্রকাশ করে, তাকে Subjective Complement বলে। উপরের ডানদিকে Sentence দু'টির Intransitive Verb গুলির সহিত যথাক্রমে beautiful ও happy যুক্ত হয়ে তাদের অর্থ সম্পূর্ণ করেছে। তাই beautiful ও happy এখানে Subjective Complement.

FACTITIVE VERB

কোন Transitive Verb যখন Object থাকা সত্ত্বেও অতিরিক্ত word-এর সাহায্য ছাড়া অর্থ সম্পূর্ণ করতে পারে না তখন তাকে Transitive Verb of Incomplete Predication বা Factitive Verb বলে। যে অতিরিক্ত word যোগ করে Incomplete Transitive Verb-এর অর্থ সম্পূর্ণ করা হয় তাকে Object Complement বলে।

We elected him. We elected him captain.

ব্যাখ্যাঃ উপরে প্রথম Sentence-এ "elected" verb-টি Transitive কিন্তু তা দ্বারা সম্পূর্ণ অর্থ প্রকাশ পায় না। প্রশ্ন থাকে তাকে "কি" নির্বাচিত করলাম? তার অর্থ সম্পূর্ণ করতে একটি নূতন word (captain) যোগ করা হয়েছে। সুতরাং উপরের Sentence-এ "elected" Transitive Verb of Incomplete Predication/Factitive Verb এবং অতিরিক্ত শব্দটি (Complement) Objective Complement.

Note: (i) Name, think, call, appoint, make, select, elect, nominate ইত্যাদি Factitive Verb রূপে ব্যবহৃত হয়।

(ii) Objective Complement যুক্ত Sentence-এর Factitive Verb-টি যখন Passive Voice-এ রূপান্তরিত হয় তখন তা তখন তা Subject Complement-এ পরিণত হয় কারণ Object-টি তখন Subject হয়ে যায়। -

Objective Complement

We elected him captain (Active)

They made him chairman
(Active)

Subjective Complement

He was made captain by
us. (passive)

He was made chairman
by them. (passive)

GROUP VERBS

যে Intransitive Verb-এর পূর্বে বা পরে Preposition যুক্ত হয়ে Transitive হয় এবং তাদের অর্থের পরিবর্তন হয়, তাকে Group Verb বা Prepositional Verb বলে।

Intransitive

He runs fast. (দৌড়ায়)

He laughs. (হাসে)

Take the pen. (লওয়া)

Transitive

Don't run after money.

(টাকার পিছনে ছুটা)

The rich laugh at the poor.

The private car **overtook** (অতিক্রম করল)
the bus.

উপরের বাম দিকের Verb এর পূর্বে বা পরে Preposition যুক্ত হয়ে Transitive Verb গঠিত হয়েছে এবং তাদের অর্থেরও পরিবর্তন ঘটছে। তাই তারা Group Verb বা Prepositional Verb.

REFLEXIVE VERB

Transitive Verb-এর Subject এবং Object যদি একই ব্যক্তি বা বস্তু বুঝায় তখন তাকে Reflexive Verb বলে। Reflexive Verb-এর Object-রূপে Reflexive Pronoun ব্যবহৃত হয়। He fans himself.

উপরের Sentence-এ 'fan' Transitive Verb এবং তার Subject এবং Object একই ব্যক্তি। 'Fan' Verb এর Object হিসেবে Reflexive Pronoun ব্যবহৃত হয়েছে। তাই 'fan' এখানে Reflexive Verb.

Note: Kill, throw, hurt, absent, avail, conduct, fan, pride, enjoy ইত্যাদি Reflexive Verb হিসেবে ব্যবহৃত হয়।

RECIPROCAL VERB

যে Transitive Verb- Sentence-এর Subject এবং Object-এর মধ্যে পারস্পরিক ক্রিয়া ও প্রতিক্রিয়ার অর্থ প্রকাশ করে তাকে Reciprocal Verb বলে।

They help one another.

এখানে 'help' Verb-টি Subject এবং Object-এর মধ্যে পারস্পরিক ক্রিয়া সম্পন্ন হওয়া বুঝায়। এর অর্থ এখানে Subject শুধু কাজ করে না, Object-ও কাজ করে।

Note: Hate, love, quarrel, strike, fight, ইত্যাদি Reciprocal Verb.

IMPERSONAL VERB

Impersonal "it" কোন Verb-এর Subject হলে তাকে Impersonal Verb বলে।

It has been raining since morning. It dews in winter.

COGNATE VERB

যখন কোন Intransitive Verb তার সমজাতীয় Noun-কে Object-রূপে গ্রহণ করে Transitive-রূপে ব্যবহৃত হয় তখন তাকে Cognate Verb বলে। যেমনঃ

He ran a race,

উপরের Sentence-এ 'ran' Intransitive Verb-টির সমজাতীয় 'race' (Noun)-কে Object-রূপে গ্রহণ করে Transitive Verb-রূপে ব্যবহৃত হয়েছে। উক্ত Sentence-এ 'ran' Cognate Verb.

Father lived a happy life. They fought a fight. He dreamt a bad dream.
The girl sings a song.

CONJUGATION OF VERBS

ইংরেজী ভাষায় verb-এর তিনটি form আছে। যথা- Present, Past এবং Past Participle. Verb-এর Past Tense এর Past Participle গঠনের রীতি অনুসারে ৩৭ Verb তালিকে দু'ভাগে ভাগ করা যায়:

1. Strong verb ও 2. Weak verb

Strong Verb : যে সকল verb-এর অন্তর্গত Vowel পরিবর্তন করে Past Tense এবং অন্তর্গত Vowel পরিবর্তন করে অথবা n, en, ne যোগ করে Past Participle গঠন করা হয় তাদেরকে strong Verb বলে। যেমন-

Present	Past	Past Participle
Begin	began	begun
Know	knew	known

Weak Verb : যে সকল verb -এর শেষে d, ed, অথবা, t যোগ করে Past Tense এবং Past Participle করা হয় তাদেরকে Weak Verb বলে।

Present	Past	Past Participle
Ask	asked	asked
Want	wanted	wanted
Learn	learnt	learnt

Note : অনেক সময় Weak Verb -এ Past Tense ও Past participle রূপ গঠনের সময় d বা t যোগ না করে অন্তর্বর্তী vowel পরিবর্তন করে করা যায়।

Present	Past	Past Participle
Teach	taught	taught
Catch	caught	caught
Sell	sold	sold

Weak Verb সহজে চিনবার উপায়:

1. যে সকল Verb-এর - Present form-এর শেষে d বা t থাকে না, কিন্তু Past Tense করার সময় d বা t যোগ করতে হয় তা Weak Verbs. যেমন- Release-released; burn—burnt

2. যে সকল Verb-এর Present form-এর শেষ অক্ষর "d" Past Tense-এ "t" হয় তা Weak verbs. যেমন: Build—built, Spend—Spent.

3. যে সকল Verb এর Present form-এর সহিত d, বা ed যোগ করে Past Tense করা হয়। তা weak verbs. যেমন- walk-walked. believe—believed.

4. d বা t বিশিষ্ট verb এর Present form, Past Tense -এ রূপান্তরের সময় যদি তার মধ্যবর্তী Vowel-এর সংখ্যা হ্রাস করা হয় সেগুলো Weak Verbs.

Speed—Sped; Shoot—shot—shot; Meet—met.

5. শেষে d বা t বিশিষ্ট Verb- এর Present ও Past Tense -এর রূপ একই হলে তা Weak Verb. যেমন: Cost—Cost; Shed—Shed; Rid—rid.

STRONG VERBS

Present	Past	Past Participle
Abide (থাকা, বাস করা)	abode	abode.
Arise (উঠা)	arose	arisen.
Awake (জাগিয়া উঠা)	<u>awoke</u>	<u>awoke.</u>
Be (হওয়া)	<u>was, were</u>	been.
Bear (বহন করা)	<u>bore</u>	<u>bore.</u>
Bear (প্রশব করা)	bore	born
Beat (প্রহার করা)	beat	beaten.
Become (হওয়া)	became	become.
Befall (ঘটা)	befell	befallen.
Beget (উৎপন্ন করা)	begot	begot, begotten
Begin (আরম্ভ করা বা হওয়া)	began	begun.
Behold (দেখা)	beheld	beheld.
Bid (আদেশ করা, নিলাম ডাকা)	bade, bid	bidden, bid.
Bind (বাঁধা)	bound	bound
Bite (কামড়ান)	bit	bitten, bit.
Blow (বাতাস বহা)	blew	blown
Break (ভাঙ্গা)	broke	broken
Chide (তিরস্কার করা)	chid	chidden, chid.
Choose (পছন্দ করা)	chose	chosen.
Choose (পছন্দ করা)	chose	chosen.
Cleave (চিরিয়া ফেলা)	clove, cleft	cleft, cloven
Cling (লাগিয়া থাকা)	clung	clung.
Come (আসা)	came	come.
Dig (খনন করা)	dug	dug.
Do (করা)	did	did. <i>done</i>
Draw (টানা)	drew	drawn.
Drink (পান করা)	<u>drank</u>	drunk, drunken.
Drive (চালান)	<u>drove</u>	driven.
Eat (খাওয়া)	ate	eaten.
Fall (পতিত হওয়া)	fell	fallen.
Fight (যুদ্ধ করা)	fought	fought.

Present	Past	Past Participle
Find (দেখা, পাওয়া)	found	found.
Fling (ছুড়িয়া ফেলা)	flung	flung.
Fly (উড়া)	flew	flown.
Forbear (সহ্য করা)	forbore	foreborne.
Forbid (নিষেধ করা)	forbade	forbidden.
Forget (ভুলিয়া যাওয়া)	forgot	forgotten.
Forgive (ক্ষমা করা)	<u>forgave</u>	forgiven.
Forsake (ত্যাগ করা)	<u>forsook</u>	<u>forsaken.</u>
Freeze (জমিয়া যাওয়া)	froze	frozen.
Get (পাওয়া)	got	gotten.
Go (যাওয়া)	went	gone.
Grind (ঘষে চূর্ণ করা)	ground	ground.
Grow (জন্মা, জন্মান)	grew	grown.
Hang (ঝুলান)	hung	hung.
Hide (লুকান)	hid	hid, <u>hidden.</u>
Hold (ধরা, ধারণ করা)	held	held.
know (জানা)	knew	known.
Lie (শয়ন করা)	lay	<u>lain.</u>
Mistake (ভুল করা)	mistook	mistaken.
Partake (অংশ নেওয়া)	partook	partaken.
Ride (যোড়ায় চড়া)	rode	ridden.
Ring (ঘন্টা বাজান)	rang	rung.
Rise (উঠা)	rose	risen.
Run (দৌড়ান)	ran	run.
see (দেখা)	saw	seen.
Seethe (সিদ্ধ হতে থাকা)	seethed, <u>sod</u>	seethed, sodden
Sew (সেলাই করা)	sewed	sewed, <u>sewn.</u>
Shake (নাড়া)	<u>shook</u>	<u>shaken.</u>
Shave (দাঁড়ি চাঁচা)	shaved	<u>shaven.</u>
Shine (কিরণ দেওয়া)	<u>shone</u>	<u>shone.</u>
Shrink (কুঁচকানো)	<u>shrank</u>	<u>shrank,</u> shrunken.

Present	Past	Past Participle
Sing (গান করা)	<u>sang</u>	<u>sung.</u>
Sink (ডুবে যাওয়া)	<u>sank</u>	<u>sunk, sunken.</u>
Sit (বসা)	sat	sat.
Slay (হত্যা করা)	slew	<u>slain</u>
Sling (নিক্ষেপ করা)	<u>slung</u>	<u>slung.</u>
Slide (পিছলিয়ে যাওয়া)	<u>slid</u>	slid.
Slink (সরে পড়া)	<u>slunk</u>	<u>slunk.</u>
Smite (আঘাত করা)	<u>smote</u>	smitten.
Speak (কথা বলা)	spoke	spoken.
Spin (সূতা কাটা, পাকানি)	<u>spun</u>	<u>spun.</u>
Spring (লাফ দেওয়া)	<u>sprang</u>	<u>sprung.</u>
Stand (দাঁড়ান)	stood	stood.
Steal (চুরিকরা)	<u>stole</u>	stolen.
Stick (লেগে থাকা)	stuck	stuck.
Stink (দুর্গন্ধ ছাড়া)	stank	stunk.
Sting (হল ফুটানো)	stung	stung.
Strew (ছড়াও)	<u>strewed</u>	<u>strewed, strewn</u>
Stride (লম্বা পা ফেলে চলা)	<u>strode</u>	stridden.
Strike (আঘাত করা)	<u>Struck</u>	<u>struck, stricken.</u>
String (তার লাগানো)	strung	strung.
Strive (চেষ্টা করা)	<u>strove</u>	striven.
Swear (শপথ করা)	<u>swore</u>	<u>sworn.</u>
Swell (স্ফীত হওয়া)	<u>swelled</u>	<u>swelled,</u>
Swim (সাতার কাটা)	<u>swam</u>	<u>swum</u>
Swing (দোল খাওয়া)	swung	swung.
Take (লওয়া)	took	taken.
Tear (ছিড়ে ফেলা)	<u>tore</u>	<u>torn.</u>
Thrive (সতেজ হয়ে উঠা)	throve	thriven.
Throw (নিক্ষেপ করা)	threw	thrown.
Tread (পা দিয়ে মাড়ান)	<u>trod</u>	<u>trod, trodden,</u>
Wake (জাগা)	<u>woke</u>	<u>woke.</u>
Wear (পরিধান করা)	<u>wore</u>	<u>worn.</u>

Present	Past	Past Participle
Weave (বোনা)	<u>wove</u>	<u>woven..</u>
Win (জয় লাভ করা)	won	won.
Wind (ওটানো, দমদেয়া)	<u>wound</u>	<u>wound.</u>
Wring (মোচড়ানো)	Wrung	wrung.
Write (লেখা)	wrote	written.

নিম্নলিখিত Verb-এর formগুলি সাধারণত: **Attributive Adjective** রূপে ব্যবহৃত হয়।

1. **Bounden.** (অবশ্যকরণীয়): It is our bounden duty to obey our parents.
2. **Cloven** (বিধা বিভক্ত): The cow has cloven hoofs.
3. **Drunken** (মাতাল): Everybody hates a drunken man.
4. **Gotten** (প্রাপ্ত): Ill-gotten wealth can not give peace to anybody.
5. **Hidden** (সুপ্ত): What is the hidden motive behind his coming here?
6. **Shrunken** (কোঁচকানো): He has a shrunken face.
7. **Stricken** (স্ত্রিষ্ট): We should come forward to help the poverty stricken people.
8. **Sunken** (কোঠরাগত বা ডুবন্ত): He has sunken eyes. They tried to salvage the sunken ship.
9. **Sewn** (সেলাইকৃত): It is a well-sewn shirt.
10. **Trodden** (পদদলিত): None stands for the down trodden.

Weak Verbs

Present	Past	Past Participle
Agree (সম্মত হওয়া)	agreed	agreed.
Allot (বন্টন করা)	allotted	allotted.
Apply (প্রয়োগ করা)	applied	applied.
Awake (জাগান)	awoke	awoke.
Believe (বিশ্বাস)	<u>believed</u>	believed.
Bend (নোয়ান).	bent	bent, bended.
Bereave (মৃত্যু দ্বারা বিচ্ছিন্ন করা)	bereft bereaved	<u>bereft</u> , bereaved
Beseech (মিনতি করা)	<u>besought</u>	<u>besought</u>
Bleed (রক্তপাত হওয়া বা করা)	<u>bled</u>	<u>bled</u>
Boil (সিদ্ধ করা)	<u>boiled</u>	<u>boiled</u>
Borrow (ঋণ করা)	<u>borrowed</u>	<u>borrowed</u>

Present	Past	Past Participle
Breed (জন্য দেওয়া, পালন করা)	bred	bred
Bring (আনয়ন করা)	brought	brought.
Build (নির্মাণ করা)	built	built.
Burn (গোড়ান বা গোড়া)	burned, burnt	burned, burnt
Bury (কবর দেওয়া)	buried	buried.
Buy (ক্রয় করা)	bought	bought
Call (ডাকা)	called	called.
Can (পারা)	could	could
Carry (বহন করা)	carried	carried.
Cast (নিষ্ক্ষেপ করা)	cast	cast.
Catch (ধরা)	caught	caught
Chew (চর্বন করা)	chewed chewed,	chewed, <u>chewn</u> .
Clap (হাততালি দেয়া)	clapped	clapped.
Clothe (কাপড় পরা বা পরান)	<u>clothed</u> , <u>clad</u>	<u>clothed</u> , <u>clad</u> .
Cost (খরচ বা দাম লাগা)	cost	cost.
Creep (বুকে ঘেটে চলা)	crept	crept.
Cry (চীৎকার করা)	cried	cried.
Cut (কাটা)	cut	cut.
Dance (হত্যা করা)	danced	danced
Dare (যুদ্ধার্থে আহ্বান করা, সাহস করা)	dared	dared.
Deal (ব্যবহার করা, ব্যবসা করা)	dealt	dealt.
Die (মরা)	died	died.
Do (করা)	did	done
dream (বপ্ন দেখা)	dreamed, dreamt,	dreamed, dreamt.
Dwell (বাস করা)	dwelt	dwelt.
Dye (রং করা)	dyed	dyed
Feed (খাওয়ান)	fed	fed.
Feel (অনুভব করা)	felt	felt.
Fell (পতিত করা)	felled	felled
Flee (পলায়ন করা)	fled	fled
Flow (প্রবাহিত করা)	flowed	flowed.
Found (স্থাপন করা)	founded	founded.

Present	Past	Past Participle
Gild (সোনা দিয়ে গিলটি করা)	gilt, gilded	gilded, gilt.
Grave (খোদাই করা)	graved	graved, graven.
Hang (ফাঁসি দেয়া)	hanged	hanged.
Have (আছে)	had	had
Hear (শুনা)	heard	heard.
Hew (কুপিয়ে কাটা)	<u>hewed</u>	<u>hewed, hewn</u>
Hit (আঘাত করা)	hit	hit.
Hurt (আঘাত বা ব্যাথা দেওয়া)	hurt	hurt.
Keep (রাখা)	kept	kept.
Kneel (জানুপেতে বসা)	knelt	knelt.
Knit (বোনা)	knit, knitted	knit, knitted.
Knock (ধাক্কা দেওয়া)	knocked	knocked
Lay (স্থাপন করা)	laid	laid.
Lead (পরিচালনা করা)	led	led.
Lean (হেলান দেওয়া)	leant, leaned	leant, leaned.
Learn (শিক্ষা দেওয়া)	learnt, learned	learnt, learned
Leave (পরিভ্যাগ করা)	left	left.
Lend (ধার দেওয়া)	lent	lent.
Lie (মিথ্যা বলা)	lied	lied.
Light (আলো জ্বালান)	lighted, lit	lit, lighted.
Load (বোঝাই করা)	loaded	loaded, <u>laden.</u>
Loose (ঢিলে করা, খুলে দেওয়া)	loosed	loosed.
Lose (হারান)	lost	lost.
Make (তৈরী করা)	made	made.
May (পারা)	might	might
Mean (বুঝান)	meant	meant.
Meet (সাক্ষাৎ করা)	met	met.
Melt (গলান)	melted	melted, <u>melten.</u>
Mow (ঘাস কাটা)	mowed	mowed, <u>mown.</u>
Nip (টিপে মারা)	nipped	nipped
Owe (ঋণী হওয়া)	owed	owed.

CONJUGATION OF VERBS

Present

Pass (যাপন করা, চলা)

Pay (প্রদান করা)

Pen (লেখা, খোঁয়াকে বন্ধ করা)

Put (রাখা)

Quit (ছেড়ে যাওয়া)

Read (পড়া)

Rid (অব্যাহতি দেওয়া)

Rent (বিদীর্ণ করা)

Say (বলা)

Seek (অনুসন্ধান করা)

Sell (বিক্রয় করা)

Send (পাঠান)

Shall

Shoe (জুতা পরা বা পরানো)

Shed (খেড়ে ফেলা)

Shear (কাঁচি দিয়ে কাটা)

Shoot (তুলি করা)

Shut (বন্ধ করা)

Sleep (সুমান)

Slip (পা পিছলানো)

Slit (লম্বালম্বি বা ফালি কাটা)

Smell (স্বাপ নেয়া)

Sow (বপন করা)

Speed (তাড়াতাড়ি চলা)

Spell (উচ্চারণ করা)

Spend (খরচা বা অতিবাহিত করা)

Spit (থুতু ফেলা)

Spill (তরল জিনিস ফেলা)

Split (বিদীর্ণ করা)

Spoil (নষ্ট করা)

Spread (ছড়ান, বিস্তৃত করা)

Past

passed

paid

penned

put

quit, quitted

read (রেড)

rid

rent

said

sought

sold

sent

should

shod

shed

sheared

shot

shut

slept

slipped

slit

smelt

sowed

sped

spelt

spent

spit

spilt

split

spoilt, spoiled

spread

Past Participle

passed, past.

paid.

penned

put.

quit, quitted.

read (রেড)

rid.

rent.

said.

sought.

sold

sent

should

shod

shed.

sheared, shorn.

shot.

shut.

slept.

slipped.

slit.

smelt.

sowed, sown

sped.

spelt.

spent.

spit.

spilt.

split.

spoilt, spoiled.

spread.

Present	Past	Past Participle
Sweep (ঝাঁট দেওয়া)	swept	swept.
Teach (শিক্ষা দেওয়া)	taught	taught.
Tell (বলা)	told	told.
Think (চিন্তা করা)	thought	thought.
Thrust (ঠেলা দেওয়া)	thrust	thrust
Wake (জাগান)	waked	waked.
Wed (বিবাহ করা)	wed, wedded	wed wedded,
Weep (কাঁদা)	wept	wept.
Will	would	would.
Work (কাজ করা)	worked	worked.
Writhe (যন্ত্রণায় কাতরান)	writhed	writhed.

কিছু Weak Verbs আছে যার তিনটি form-ই একই রকম :

Present	Past	Past Participle
Bet	bet	bet
Burst	burst	burst
Cast	cast	cast
Cost	cost	cost
Cut	cut	cut
Hit	hit	hit
Hurt	hurt	hurt
Let	let	let
Put	put	put
Read	read	read
Rid	rid	rid
Set	set	set
Shed	shed	shed
Shut	shut	shut
Split	split	split
Slit	slit	slit
Spread	spread	spread
Thurst	thurst	thurst
Wed	wed	wed

SOME CONFUSING VERBS

Present	Past	Past Participle.
Awake (জাগরিত হওয়া)	awoke	awoke
Awake (জাগরিত করা)	awoke	awaked
Hang (ঝুলান)	hung	hung
Hang (ফাঁসি দেওয়া)	hanged	-hanged
Lie (শয়ন করা)	lay	lain
Lie (মিথ্যা বলা)	lied	lied
Lay (স্থাপন করা, ডিমপাড়া)	laid	laid
Fall (পতিত হওয়া)	fell	fallen
Fell (কাটিয়া তৃ-পতিত করা)	felled	felled
Bear (বহন করা)	bore	borne
Bear (জন্মান)	bore	born
Fly (উড়া)	flew	flown
Flow (প্রবাহিত হওয়া)	flowed	flowed
Flee (পলায়ন করা)	fled	fled
Strike (আঘাত করা)	struck	struck, stricken
Stroke (হাত বুলাইয়া দেওয়া)	stroked	stroked



Id: www.facebook.com/tanbir.cox



Page: www.facebook.com/tanbir.ebooks



Web: www.tanbircox.blogspot.com

VERBALS

Verb -এর যে আকার বা রূপ কোন নির্দিষ্ট Subject-এর Person ও Number দ্বারা নির্ধারিত হয় না এবং এক সাথে Verb, Noun বা Adjective -এর মত ব্যবহৃত হয় তাকে Verbal বলে।

I drink tea.

I like to drink tea.

I started drinking tea.

I saw him drinking tea.

ব্যাখ্যা : উপরের প্রথম Sentence-এ drink-এ Verb-টি তার Subject 'I' এর Number ও Person দ্বারা নিয়ন্ত্রিত হয়েছে। সুতরাং "drink" এখানে Finite Verb.

দ্বিতীয় Sentence-এ "to drink" Verb হলো ও তা "like" verb-এর Object হিসেবে ব্যবহৃত হয়েছে। "to drink" এখানে একই সাথে Noun ও Verb-এর কাজ করছে এবং তা Finite Verb নয়। তাই "to drink" Verbal.

তৃতীয় Sentence-এ "drinking" মূল Verb "drink" এর সাথে ing যোগ হয়ে গঠিত হয়েছে। তা "started" Verb-টির Object-রূপে ব্যবহৃত হয়েছে। drinking এখানে একই সাথে Verb ও Noun এর কাজ করছে। তাই "drinking" Verbal.

চতুর্থ Sentence-এ "drinking" মূল Verb "drink" থেকে গঠিত। তা Finite Verb নয়। drinking এখানে "him" Pronoun-কে qualify করে এবং তা Adjective-এর মত ব্যবহৃত হয়। drinking একই সাথে Verb ও Adjective -এর কার্য সম্পাদন করে। তাই "drinking" Verbal.

Verbal তিন প্রকার: (1) Gerund (2) Participle (3) Infinitive.

1. Gerund: Verb-এর present form সাথে ing যুক্ত হয়ে যদি তা Noun ও Verb-এর কাজ এক সংগে সম্পন্ন করে তাকে Gerund বলে।

Swimming is a good exercise.

He started reading.

প্রথম Sentence-এ 'swim' এর সাথে ing যোগ করে swimming গঠিত হয়েছে। swimming দ্বারা এখানে "সাতার কাটা" কাজটি বুঝায় এবং তা is verb-এর subject অর্থাৎ 'swimming' এখানে Noun এর কার্য সম্পন্ন করছে। যেহেতু প্রথম Sentence-এ "swimming" একই সাথে Noun ও Verb-এর কার্য সম্পাদন করে তাই তা Gerund.

দ্বিতীয় Sentence-এ "reading" Verbal-টি Verb "read" এর সাথে ing যুক্ত হয়ে গঠিত হয়েছে। reading দ্বারা "পড়া" কার্যটি সম্পাদন করেছে। অন্যদিকে "reading" started Verb-টির Object হিসেবে বসেছে। তাই "reading" Noun-এর কাজ সম্পন্ন করেছে। যেহেতু reading একই সাথে Noun ও Verb-এর কাজ সম্পাদন করে তাই "reading" উক্ত Sentence-এ Gerund.

USES OF GERUND

(a) Verb-এর Subject রূপে: Walking is a good exercise.

(b) Verb-এর Object রূপে: I like reading.

(c) Preposition-এর Object রূপে: He is fond of reading.

(d) Verb-এর Complement রূপে: My hobby is gardening.

(e) Nominative Absolute রূপে: Gambling being a crime, everyone should avoid it.

(f) Compound Noun-এর অংশ রূপে: This is my reading room.

এ ধরনের Compound Noun-এর আরো উদাহরণ:

Drinking water, laughing gas, a sleeping room, a walking stick.

Note: (i): Gerund-এর Object থাকতে পারে।

I am fond of playing football.

এখানে "playing" Gerund-টির পরে football Object হিসেবে এসেছে।

(ii) Gerund এবং Participle Adjective-এর মধ্যে পার্থক্য রয়েছে। যেমন:

He threw a stone at the sleeping dog. (Participle Adjective)

This is a sleeping room (room for sleeping) → Gerund.

ব্যাখ্যা : প্রথম Sentence-এ sleeping এর সাথে ing যোগ হওয়ার পরেও তা Gerund-এর কাজ না করে Adjective-এর কাজ সম্পন্ন করেছে। sleeping শব্দটি এখানে কুকুরটি কি অবস্থায় আছে তা নির্দেশ করে। তাই তা sleeping এখানে Participle Adjective.

দ্বিতীয় Sentence-এ "sleeping" room-এর সাথে যুক্ত হয়ে Compound Noun-এর অংশ হিসেবে কাজ করেছে। তাই তা Gerund.

(iii) Preposition-এর অর্থ প্রকাশের জন্য অনেক সময় Gerund-এর পূর্বে on এর সংক্ষিপ্ত রূপে 'o' এর মাধ্যমে প্রকাশ করা হয়।

He went a hunting (on hunting).

Gerund with Possessive: Gerund-এর পূর্বে Possessive Case-এর Noun বা Pronoun ব্যবহৃত হতে পারে।

I don't like his/doing this.

I insisted on Habib's doing this.

উল্লেখ্য Possessive Case-এর Noun বা Pronoun-এর পরিবর্তে শুধু Pronoun ব্যবহৃত হতে পারে। I insisted on his doing this.

কিন্তু যে Pronoun-এর Possessive form নেই তার পরে ব্যবহৃত ing যুক্ত Verb-টি Gerund রূপে গণ্য না হয়ে Participle-রূপে গণ্য হয়।

Please favour me by doing the work.

(iv) Possessive Case-এর অর্থ সম্পাদন করতেপারে এ ধরনের Noun যদি Gerund-এর পূর্বে ব্যবহৃত হয় তবে তার Possessive form হয়।

I am glad at your son's passing the examination.

(v) অনেক সময় Possessive Case-এর Noun বা Pronoun এবং Gerund ব্যবহার না করে **Participle** কে Adjective-এর ন্যায় ব্যবহার করতে হয়।

(a) Noun-টি দ্বারা যখন কোন জড়পদার্থ বুঝায়:

He is sure of his pen writing well.

(b) Plural Noun-এর শেষে s থাকলে

I don't like the boys playing here.

কিন্তু যে সকল Plural Noun-এর শেষে s থাকে না সেগুলির সাথে Apostrophe ('s) যোগ করতে হয়।

I don't like women's gossiping here.

(v) Verbal-টি Passive Voice-এর হলে:

I hate being disturbed.

He is tired of having worked long.

কিন্তু ব্যক্তির নামের ক্ষেত্রে নিম্নের দু'ধরনের ব্যবহার প্রযোজ্য:

GERUNDIVE PARTICIPLE

Participle কখনও কখনও Noun-কে qualify করা ছাড়াও Gerund বা Gerundial Noun-এর অর্থ প্রদান করে। এ ধরনের ব্যবহারকে Gerundive Participle বলে। The workers depend on the salary being given by the firm.

THE PERFECT GERUND

অতীতের কোন কার্য বুঝাতে Gerund-এর Present form-এর পরিবর্তে Perfect Gerund ব্যবহার করা যায়। তবে Present form-এর ব্যবহারই অধিক।

The criminals were accused of leaving the prison.

Or, The criminals were accused of having left the prison.

উল্লেখ্য: Perfect Gerund "deny" Verb-টির পরে বেশী ব্যবহৃত হয়।

He denied having taken the money.

ইংরেজিতে যে সকল Verb সাধারণত Gerund হিসেবে ব্যবহৃত হয় তাদের একটি তালিকা :

admit, anticipate, appreciate, avoid, consider, defer, delay, deny, detest, dislike, dread, enjoy, escape, excuse, fancy, (imagine), finish, forgive, involve, keep (= continue) loath, mean= (involve), mind (= object), miss, pardon, postpone, practice, prevent, propose (suggest), recollect, rememembers, (= recollect), resent, resist, risk, stop, suggest, understand.

VERBAL NOUN

Gerund-এর পূর্বে the এবং পরে of ব্যবহৃত হলে তাকে Verbal Noun বলে। তাই Gerund এবং Verbal Noun-এর আকার এবং অর্থ এক। শুধু পার্থক্য এই যে, Gerund দ্বারা Verb-এর কার্য সম্পন্ন হয় কিন্তু Verbal Noun দ্বারা Noun-এর কার্য সম্পন্ন হয়।

The reading of history is interesting.

ব্যাখ্যাঃ উপরের Sentence-এ "reading" Gerund-টির পূর্বে the এবং পরে of ব্যবহৃত হয়েছে। এখানে ইহা Verb কার্য সম্পাদন না করে Noun-এর কার্য সম্পন্ন করে। তাই reading এখানে Verbal Noun.

Note: Gerund-এর Object থাকতে পারে। যেমনঃ

I like reading history.

কিন্তু Verbal Noun-এর Object থাকে না। যেমনঃ

The reading of history is interesting.

PARTICIPLES

Verb-এর যে form এক সংগে Verb এবং Adjective-এর কাজ করে তাকে Participle বলে। যেমন-

Don't put your hand into boiling water.

We should not eat rotten eggs.

প্রথম Sentence-এ "boil" এ Verb-এর সংগে ing যুক্ত হয়ে "boiling" এই Verb-টি গঠিত হয়েছে। ইহা "ফুটতেছে" এ কাজটি বুঝায় অর্থাৎ Verb-এর কাজটি সম্পন্ন করতেছে। আবার ইহা water-এ Noun-টির পূর্বে বসে তার অবস্থা বুঝাচ্ছে অর্থাৎ Adjective-এর কাজ সম্পন্ন করতেছে। অতএব, boiling-এ Verb form-টি Participle.

দ্বিতীয় Sentence-এ "rot"-এ Verb-টির Past Participle form "rotten". ইহা "পচে গিয়েছে" এ কাজটি সম্পন্ন করতেছে। আবার ইহা things-এ Noun-টির পূর্বে বসে তার অবস্থা বুঝাচ্ছে অর্থাৎ Adjective-এর কাজ সম্পন্ন করতেছে। অতএব, "rotten" এ Verb form-টির নাম Participle.

Participle তিন প্রকারঃ

1. Present Participle.
2. Past Participle.
3. Perfect Participle.

1. Present (or active) Participle: Verb-এর Present form-এর সাথে ing যুক্ত হয়ে যদি একই সাথে Verb এবং Adjective-এর কাজ করে তাকে Present Participle বলে। Present Participle দ্বারা কাজটি চলতেছে বুঝায়। যেমনঃ

I saw a boy playing football.

Don't get down from a running train.

যেহেতু Present Participle Verb এবং Adjective-এর কাজ করে, তাই

(i) Verb-এর মত Object গঠন করতে পারে।

Closing the door, I went out.

উপরের Sentence-এ closing Participle-টির Object "the door"

(ii) Verb-এর মত Adverb দ্বারা modified হতে পারে। যেমনঃ Silently opening the door, he went away.

এখানে "opening" Participle-টি Verb-এর ন্যায় Adverb দ্বারা modified হয়েছে।

(iii) কখনও কখনও ইহা Adjective-এর মত কোন Noun equivalent-কে qualify করে।

A barking dog seldom bites.

এখানে "barking" Present Participle-টি "dog" Noun-টিকে Adjective-এর ন্যায় qualify করতেছে।

(iv) Adjective-এর মত Present Participle-এর Comparison হতে পারে।

The lady guest is the most interesting character, I have ever read.

(v) Adjective-এর মত কোন Adverb দ্বারা বিশেষিত হতে পারে।

The film was not so entertaining.

USES OF PRESENT PARTICIPLES

1. Continuous Tense গঠন করতেঃ

She is singing. He was playing.

2. Attributive Adjective-এর ন্যায়ঃ

This is a charming scenery.

3. Predicative Adjective-এ ন্যায়ঃ

The scenery is charming.

4. Verb "to have" + Object এর পরঃ

We have students waiting outside the campus.

5. Relative Pronoun-এর পরিবর্তেঃ

The sunlight that falls on the pond can heat the brine.

The sunlight falling on the pond can heat the brine.

6. See, hear, feel, smell, listen (to) notice, watch-এ Verb ওলির Object + Present Participle ব্যবহৃত হয়ঃ

I saw him playing football.

I heard her singing.

Note: See, hear, feel এবং কখন কখনও listen (to), notice, watch-এ Verb-ওলির পর Objective + bare infinitive ব্যবহৃত হয়।

I saw him write.

7. Absolutely বা finite verb-এর সংগে সম্পর্কহীন ভাবেঃ The feast being over, the guests went away.

8. কখনও কখনও Preposition- এর ন্যায়ঃ

considering, supposing, concerning, judging, according (to), granting, accepting, pending, regarding, respecting, owing (to) যেমনঃ

Cosidering his age, he was not lined.

9. Principal Clause-এর পরিবর্তে

(A) একই কর্তা যখন একই সাথে দুটি কাজ করে তখন যে কোন একটিকে Present Participle -এ রূপান্তরিত করা যায়।

The dog held the boy between his teeth and swam ashore.

= The dog swam ashore holding the boy between his teeth.

(B) একই কর্তা কর্তৃক সম্পাদিত দুটি কাজের মধ্যে যে কাজটি অপেক্ষাকৃত পূর্বে সম্পন্ন হয় সেটির Present Participle হয়। যেমনঃ

I closed the door and went out.

= Closing the door, I went out.

(C) একই কর্তা কর্তৃক সম্পাদিত দুটি কাজের মধ্যে দ্বিতীয় কাজটি যদি প্রথম কাজের অংশ বিশেষ বা ফল হয়, তখন দ্বিতীয়টির Present Participle হয়।

The soldiers fired, killing the enemies.

10. Since/As/Because + Subject + Verb যুক্ত Subordinate Clause -এ Present Participle -এ রূপান্তর করা যায়।

I paid his fare. (as) I knew that he was poor.

= I paid his fare knowing that he was poor.

Note: কারণ অর্থ প্রকাশ করতে am, is, are, was, were এর পরিবর্তে Sentence-এর শুরুতে Being দ্বারা Present Participle প্রকাশ করা যায়।

(As/Since) Della was slender. She mastered the art.

Being slender, Della mastered the art.

11. দু'টি Sentence-এর Subject এক না হয়ে ভিন্ন হলে Present Participle ব্যবহৃত হতে পারে।

The water is cold. I can not drink it.

The water being cold, I can not drink it.

12. বাংলায় 'ইতে' থাকলে:

আমি তাকে যাইতে দেখিলাম— I saw him going.

13. কোন adverb ইহাকে modify করতে পারে:

The boy was rescued in an almost collapsing state.

14. কোন Noun বা Noun equivalent-কে qualify করে:

Being tired of playing, Aura (she) left the field. (এখানে Aura (she) কে modify করে)

PAST PARTICIPLE

Verb-এর সাথে d, ed, t, ne, en যুক্ত Verb form যদি একই সাথে Verb এবং adjective-এর কাজ সম্পন্ন করে তাকে Past Participle বলে। Past Participle দ্বারা অতীত সময়ে কাজটি সম্পন্ন হয়েছে বুঝায়।

The car made in Japan is running well.

ব্যাখ্যা: আমরা জানি Past Participle-Verb-এর Past Participle form এবং তা Sentence-এর মধ্যে adjective-এর কাজ করে। উপরের Sentence-টিতে "made" make verb এর Past Participle এবং তা উক্ত Sentence-এ car-এ Noun-টিকে modify করে adjective-এর কার্য সম্পন্ন করে। তাই made এখানে Past Participle.

Past Participle-এর ব্যবহার

1. **Adjective হিসেবে:** a broken chair, a written statement, fallen trees, rotten fish, boiled water, torn shirt, ragged dress, tired travellers, stolen articles, patched cloths.

2. **Perfect tense, Perfect Infinitives, Perfect Participle এবং Passive Voice গঠন করতে:**

I have done the work.

I was too young to have learnt to say "no" to a woman.

Having got the news, he started for home.

The book was stolen.

3. Plural Common Noun রূপে:

We should have sympathy for the oppressed.

4. Degree of Comparison রূপে:

He is more annoyed than his brother.

5. Subject + Passive Verb-এর পরিবর্তে:

I was awakened by the sound of chopping and left my bed.

= Awakened by the sound of chopping, I left my bed.

6. Relative Pronoun-এর পরিবর্তে:

The car that was made in Japan is running well.

= The car made in Japan is running well.

PERFECT PARTICIPLE

Structure: Having + Past Participle

Verb-এর Past Participle এর পূর্বে having যুক্ত হওয়ার পর যদি তা একই সাথে

Verb ও Adjective-এর কাজ করে তাকে Perfect Participle বলে।

Having forgotten him, I went outside the cabin.

ব্যবহার:

1. সম্পন্নকৃত দু'টি কাজের মধ্যে বিরতি থাকলে:

Having got no answer from him for long time, I stopped writing to him.

2. অতীতে সংঘটিত দু'টি কাজের মধ্যে যে কাজটি (Period of time) ব্যাপক

সময় ধরে চলেছিল বুঝাতে:

Having been Headmaster for a long time, he was not in a position to obey others' order.

MISRELATED PARTICIPLES

1. Participle যে Noun বা Pronoun-কে qualify করে, সে Noun বা Pronoun-এর সাথে সংগতি রক্ষা করে তাকে Sentence-এ ব্যবহার করতে হয়। যদি সংগতি রক্ষা না করা হয় তখন তা Misrelated হয় এবং Sentence-টি ভুল হয়।

Inc: Loitering in the campus, the Headmaster does not like the students.

Cor: The Headmaster does not like the students loitering in the campus.

Inc: Made in Bangladesh, the shirt is fine.

Cor: The shirt made in Bangladesh is fine.

PERFECT INFINITIVE

Form: To have + Past Participle

He seems to have seen better days.

ব্যবহার

1. **Unfulfilled plan** বা **arrangement** বুঝাতে **was/were** এর সাথেঃ

The book was to have been published today.

2. **Perfect Conditional** গঠন করতে **should, would, might** এবং **could** এর সাথেঃ

If I had seen him, I would have told him the news.

3. **Unfulfilled obligation** বুঝাতে **should** এবং **ought to** এর সাথেঃ

You should have done the work (but you did not)

4. **Unfulfilled wish** প্রকাশ করতে **should** এবং **would like** এর সাথেঃ

He would have liked to buy it.

5. **Past inability/past possibility** বুঝাতে **could/might** এর সাথেঃ

I might have done the work. He could have phoned me.

6. কোন কাজ না করার কারণে বক্তার বিরক্তি প্রকাশের ক্ষেত্রে **might** বা **could** এর সাথেঃ

You could/might have informed me (I am annoyed that you did not inform me)

7. **Negative অনুমান** বুঝাতে **can't/couldn't** এর সাথেঃ

He can't/couldn't have carried the load himself.

8. **Affirmative deduction** বুঝাতে **must**-এর সাথেঃ

He must have written this; here is his hand writing.

9. **Unnecessary past action** বুঝাতে **needn't** এর সাথেঃ

You needn't have come. We could have managed.

10. **Unfulfilled success** বুঝাতে **wish, hope, desire, command, intend** বুঝাতে **verb**-এর **Past tense** এর সাথেঃ

He hoped to have won the first prize but failed.

11. **Principal Verb** যে সময়ে সমাধা হয়েছে তার পূর্বে কাজ সম্পন্ন হয়েছে বুঝাতেঃ **see, appear, happen, pretend, seem**-এর সাথেঃ

He pretended to have read the book.

12. **Passive Voice** এর ক্ষেত্রে নিম্নলিখিত **Verb**-এর সাথেঃ **acknowledge, believe, consider, find, know, report, say, suppose, think, understand** ইত্যাদি। They were believed to have possessed strange power.

The Perfect Infinitive Continuous

Form: to have been+ Present Participle

He appears to have been waiting for a long time.

ব্যবহার

1. প্রধানতঃ ইহা auxiliary verb এবং appear ও seem এর পরে বসে। তবে happen, pretend এর পরেও বসে। passive voice এর ক্ষেত্রে believe, know, report, say ও understand এর পরে বসে।

He could not have been talking to her.

He pretended to have been studying.

Split Infinitive

Infinitive-এর "to" verb এর মধ্যে কোন adverb বা adverb phrase ব্যবহৃত হলে তাকে split infinitive বলে।

The teacher advised the student to always speak the truth.

Split ব্যবহারে ভাষার মাধুর্য্য নষ্ট হয়। তাই Split infinitive ব্যবহার না করাই শ্রেয়।

THE CONTINUOUS INFINITIVE

Form: to be+ Present Participle

appear, happen, pretend, seem ইত্যাদি Verb-এর পর continuous infinitive ব্যবহৃত হয়।

They seem to be following us=

(i) **A Subject to a verb (verb এর Subject রূপে) :** Noun Clause যখন Verb এর Subject হিসাবে কাজ করে তখন ইহা সাধারণতঃ that, what, how, when, why, whether ইত্যাদি শব্দ দিয়ে শুরু হয়। উল্লেখ্য যে এক্ষেত্রে Noun Clause প্রায়ই be verb (am, is, are, was, were) এর Subject হিসাবে ব্যবহৃত হয়। এ জাতীয় Sentence-এ be verb /Linking Verb এর পূর্বের অংশ Noun Clause এবং be verb বা Linking verb থেকে পরের অংশ Principal Clause.

Structure: Noun Clause + be verb + বাকী অংশ (Principal Clause),

Examples : 1. That he stole the pen is clear .

Subordinate Noun Clause + Principal Clause

ব্যাখ্যা : উপরোক্ত Sentence টিতে **that he stole the pen** -Noun Clause কারণ তা that দ্বারা শুরু হয়েছে এবং Verb 'is' এর Subject হিসাবে ব্যবহৃত হয়েছে। এ জাতীয় Complex Sentence -এ Principal Clause কে Subordinate Clause থেকে আলাদা করতে হলে Principal Clause এর Subject হিসেবে it ব্যবহার করতে হয়।
যেমনঃ That he stole the pen is clear.

এ Sentence টিতে Principal Clause আলাদা করে লিখলে তখন Principal Clause টি হবে "It is Clear"

Why he has done this	is mysterious
Noun Clause	principal Clause

1. When he will leave the country is unknown .
2. What he did was praise worthy
3. Whether you will succeed in the examination is uncertain.
4. How he passed the examination was a wonder .
5. Who has done this is a fool.

(ii) **An object to a verb (verb এর Object রূপে):** Noun Clause যখন verb এর object হিসেবে কাজ করে তখন তা সাধারণত: That, Wh words : what , when, where, who, why, whether, how এবং if দিয়ে শুরু হয়। Noun Clause প্রায়ই Transitive Verb এর object হিসেবে কাজ করে।

Structure : Principal Clause + Noun Clause as object

Note: Transitive Verb (সকর্মক ক্রিয়া) : যে Verb Subject এর মধ্যে সীমাবদ্ধ না থেকে অর্থ সম্পূর্ণরূপে প্রকাশ করার জন্য পরবর্তী word বা Object এর আশ্রয় গ্রহণ করে তাকে Transitive Verb বলে।

(a) Birds fly

(b) He flies a kite.

প্রথম Sentence টিতে fly এই verb-টি সম্পূর্ণ অর্থ প্রকাশ করে। কিন্তু দ্বিতীয় Sentence-এ flies এই verb টি সম্পূর্ণ অর্থ প্রকাশ করে না। তাই সম্পূর্ণ অর্থ প্রকাশ করার জন্য "a kite" এই objectটি ব্যবহার করা হয়েছে তাই ইহা transitive verb

1. I know that he has done the work

ব্যাখ্যা : উপরোক্ত (Sentence) এ- that he has done the work- Noun Clause কারন ইহা নিয়ম অনুযায়ী that দ্বারা শুরু হয়েছে এবং know এই transitive verb-এর object হিসেবে ব্যবহৃত হয়েছে। উল্লেখ্য Noun Clause যখন transitive verb এর object হিসেবে that দিয়ে শুরু হয় তখন that বাদ দেয়া যায়।

1. I forgot who told me this.
2. I can't think how he failed in the examination.
3. I doubt if he can succeed
4. Nobody knows what caused the accident
5. I wonder when he will come back
6. I know where he lives

Note: অনেক Transitive verb এর পরে Noun Clause ব্যবহৃত হয়। অধিক ব্যবহৃত Transitive verb এর একটি তালিকা নিম্নে দেয়া হলো।

acknowledge	find (wh)	remind
admit	forget (wh)	request
advise	guarantee	resolve

agree	happen	reveal (wh)
allege	hear (wh)	say
announce	hope	see
appear	imagine (wh)	seem
arrange (wh)	imply	show
ask (wh)	indicate (wh)	state
assume	inform	stipulate
assure	know (wh)	suggest
beg	learn	suppose
believe (wh)	occur	teach
command	mean	tell
confess	observe	think
consider	to +object	threaten
declare	order	turn out
decide (wh)	perceive	understand
demand	pretend	urge
demonstrate	promise	know
determine	propose	warn
discover	prove (wh)	wish
doubt	realize (wh)	wonder(wh)
estimate (wh)	recognize	
expect	recommend	
fear	remark	
feel	remember	

Reference: A Practical English Grammar by A. J. Thomson and A. V. Martinet .

(iii) A Complement to an object (object এর Complement রূপে) : Noun Clause যখন object এর Complement রূপে ব্যবহৃত হয় তখন সাধারণত ; That, what, why, how, whateverif ইত্যাদি শব্দ দ্বারা শুরু হয়। এক্ষেত্রে প্রদত্ত Sentence টির প্রথম থেকে ব্যক্তিবাচক Object পর্যন্ত Principal clause এবং বাকী অংশ Noun Clause.

Structure: Subject + verb + object + Noun Clause as complement to object .

Example :

I told him what he wanted to know

Sub + verb + object + noun clause complement to object,

ব্যাখ্যা : উপরের sentence এ I told him আমি তাকে বললাম দ্বারা সম্পূর্ণ অর্থ প্রকাশ পায় না। আমি তাকে কি বললাম? এ প্রশ্নটি থেকে যায়। তাই সম্পূর্ণ অর্থ প্রকাশ করার জন্য what he wanted to know from me এই Clause টি object form এর Complement হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং ইহা Noun Clause

1. You can give me what I want

3. I may show you whatever you like

Note: Complement দু'প্রকার। যথা: (i) Subjective Complement (ii) Objective Complement.

(i) Subjective Complement : কোন Sentence এর Subject-এর সম্পূর্ণ অর্থ প্রকাশ করার জন্য যে অতিরিক্ত শব্দ বা শব্দ সমষ্টি যোগ করা হয় তাকে Subjective complement বলে।

(i) The boy is good.

ব্যাখ্যা : এখানে the boy is দ্বারা সম্পূর্ণ অর্থ প্রকাশ পায় না। বালকটি কেমন প্রশ্নটি থেকে যায়। good (ভাল) এ শব্দটি যোগ করার পর অর্থ সম্পূর্ণ হয় অর্থাৎ বালকটি ভাল। The boy is good.

(ii) Objective Complement : কোন Sentence এর object এর অর্থ সম্পূর্ণ প্রকাশ করার জন্য যে অতিরিক্ত শব্দ বা শব্দ সমষ্টি যোগ হয় তাকে Objective Complement বলে।

We found him tired

এখানে We found him দ্বারা সম্পূর্ণ অর্থ প্রকাশ পায় না। আমরা তাকে কিরূপ দেখেছিলাম প্রশ্নটি থেকে যায়। tired (ক্লান্ত) এ শব্দটি যোগ করার পর অর্থ সম্পূর্ণ হয় অর্থাৎ আমরা তাকে ক্লান্ত দেখেছিলাম। We found him tired.

(iv) A complement to a Subject (Verb এর Subject এর Complement) রূপে: Noun Clause যখন Subject এর Complement রূপে কাজ করে তখন সাধারণতঃ what, that, why, how, where, ইত্যাদি শব্দ দিয়ে শুরু হয়। তখন Noun Clause এর আগে একমাত্র be verb ব্যবহৃত হয়। এক্ষেত্রে প্রদত্ত Sentence টির প্রথম থেকে 'be verb' পর্যন্ত Principal clause এবং বাকী অংশ Noun Clause.

Structure: Subject + be verb+ Noun Clause Complement to Subject

Example

The truth is that he was very shy

Sub +- be verb+ Noun Clause as Complement to Subject

ব্যাখ্যা : উপরোক্ত, Sentence এ The truth is দ্বারা Subject (The truth) এর অর্থ সম্পূর্ণ প্রকাশ পায় না। তাই সম্পূর্ণ অর্থ প্রকাশ করার জন্য that he was very shy এই

Clause টি Complement হিসেবে কাজ করেছে এবং তা নিয়ম অনুযায়ী be verb এর পরে এসেছে। তাই ইহা Noun Clause। Noun Clause যখন be verb এর পরে এসে Subject এর Complement হিসেবে কাজ করে তখন that কে বাদ দেয়া যেতে পারে।

- 1 This is what he said
2. The fact is that he stole the pen .
- 3 The important matter is how we can solve the problem
4. That is why I came early.
5. This is where I live.

(iii) An object to a preposition (preposition এর object রূপে) : Noun Clause যখন preposition এর object রূপে কাজ করে তখন তা সাধারণত: that, wh- words (what, where, who ইত্যাদি) এবং how দিয়ে শুরু হয়। এক্ষেত্রে প্রদত্ত Sentence টির preposition থেকে শেষ পর্যন্ত বা preposition থেকে কমা পর্যন্ত Noun Clause এবং বাকী অংশ Principal Clause.

Structure : Principal Clause + Preposition + Noun Clause as object to preposition

Note: অনেক সময় Preposition+ Noun Clause, Principal Clause এর পূর্বে এসতে পারে।

Example

It depends on what you really mean

Principal Clause +Preposition + Noun Clause as object to a preposition

ব্যাখ্যা : উপরোক্ত , Sentence এ what you really mean -Noun Clause কারন তা নিয়ম অনুযায়ী Wh-word What, দ্বারা শুরু হয়েছে এবং তা Preposition "on" এর পরে object হিসেবে এসেছে।

2. From what he told me, I can say that he is a cheat
3. He has come from where I worked .
- 4 I have no knowledge of who did it.
5. The development of our country depends on how our people work.
6. He informed me of that he would help me.

(vi) In Apposition to a Noun or the Pronoun "It" (Noun বা it Pronoun এর Apposition রূপে) : Noun Clause যখন Noun এর Apposition রূপে ব্যবহৃত হয় তখন সাধারণত: ইহার that দিয়ে শুরু হয়। Noun Clause সাধারণত fact, truth, explanation, rumour, news, word, belief, statement, report, word. ইত্যাদি Noun শব্দ এর পর Apposition রূপে বসে।

Structure: Sub+ Verb + Noun + Noun Clause as Apposition

Note: Apposition: যে Noun পূর্ববর্তী Noun সম্পর্কে অতিরিক্ত তথ্য সরবরাহ করে তাকে Noun in Apposition বলে। এক্ষেত্রে দু'টি Noun পাশাপাশি বসে।

Example : (1) There is a rumour that he has left the country.

ব্যাখ্যা : উপরের Sentence টিতে is a rumour (গুজব আছে) দ্বারা সম্পূর্ণ অর্থ প্রকাশ পায় না আরো তথ্যের প্রয়োজন হয়। that he has left the country— Clause টি দ্বারা rumour এই Noun টি সম্বন্ধে অতিরিক্ত তথ্য সরবরাহ করে সম্পূর্ণ অর্থ প্রকাশ করে। তাই এখানে that he has left the country-Noun in apposition এর কাজ করে। তাই ইহা Noun Clause.

2. You must face the fact that you have spent all our money
3. His belief that some day he would succeed made us all laugh.
4. The news that he is dead is false.

ADJECTIVE CLAUSE

1. Adjective এর ন্যায় Adjective clauseও Noun-কে modify করে। Adjective সাধারণতঃ Noun এর আগে অথবা linking verb এর পরে বসে। কিন্তু Adjective clause সর্বদা Noun এর পরে বসে।

2. Adjective clause এক কতকগুলো Relative Pronoun ব্যবহার করা হয়। উক্ত Relative pronoun গুলো Subject, Object এবং Possessive এ তিন form-এ হতে পারে।

3. Adjective clause এর পূর্বে Antecedent থাকে।

4. **Adjective clause** সাধারণতঃ Relative pronoun হিসেবে who, which, that, whom, whose, of which এবং Relative Adverb হিসেবে why, where, when, how, as ইত্যাদি দ্বারা শুরু হয়। তবে Relative pronoun যখন Adjective clause এবং transitive verb এর object হিসেবে কাজ করে তখন তা বাদ দেওয়া যায়।

The forms of Relative Pronouns are as follows

	Subject form	Object form	Possessive form
For persons	who that	whom/who that	whose which
For Things	which that	whose / that	of which

This is the boy who stood first.

ব্যাখ্যা : Who stood first Adjective clause কারণ তা antecedent রূপে ব্যবহৃত "the boy"-কে modify করেছে এবং নিয়ম অনুযায়ী তা the boy -এ noun টির পরে বসে।

Note: Antecedent: Relative Pronoun পূর্বোল্লিখিত যে Noun বা Pronoun কে নির্দেশ করে তাকে Antecedent (Ante = পূর্বে; cedent গমন করছে) বলে।

Relative Pronoun এর form এবং অবস্থান অনুযায়ী Adjective clause কে কয়েকটি ভাগে ভাগ করা হয়েছে।

(i) Adjective clause with relative pronoun as subjects: এ ক্ষেত্রে Relative pronoun এর Subjective form (who, which, that) Adjective clause এর Subject হিসেবে ব্যবহৃত হয়।

Jerry was a poor boy who lived in the orphanage.

ব্যাখ্যা : উপরের Sentence-এ who lived in the orphanage-Adjective clause কারণ who এ Relative Pronoun টি Subject হিসেবে রয়েছে এবং তার পূর্বে "boy" who এর Antecedent হিসেবে বসেছে। উল্লেখ্য, who lived in the orphanage, Adjective Clause টি "boy" Noun টিকে modify করেছে।

I bought a pen which was black.

The writer took a cabin that was small.

Note: Relative Pronoun হিসেবে ব্যক্তির ক্ষেত্রে who, বস্তুর বা ইতর প্রাণীর ক্ষেত্রে which এবং ব্যক্তি বস্তু ও প্রাণীর সকলের ক্ষেত্রে that বসে।

Adjective clause কে Main clause এর মাঝেও বসানো যায়।

The lady who ate many items was greedy.

ব্যাখ্যা : Who ate many items -Adjective clause কারণ তা নিয়ম অনুযায়ী Principal clause এর Subject "the lady" এবং predicate "was greedy" এর মাঝে বসেছে। তাছাড়া 'Who' subjective relative pronoun টি Adjective Clause এর Subject হিসেবে বসেছে এবং তার পূর্ববর্তী Antecedent "the lady" কে modify করেছে। আমরা জানি Adjective clause -Noun এর পরে বসে এবং এখানেও Adjective clause টি "the lady" এই Noun টির পরে বসেছে।

The writer who was poor could not taste caviare.

The porter who was a young bachelor lived in the city of Bagdad.

The pen which was given to him was costly.

The shirt that was bought was costly.

(ii) Adjective Clause with Relative Pronoun as Object: এ ক্ষেত্রে Relative pronoun এর objective form (whom, which, that, adjective, clause এর object হিসেবে বসে এবং তা adjective clause এর subject এর পূর্বে বসে। The boy whom we helped was very helpless.

ব্যাখ্যা : উপরের Sentence এ whom we helped-Adjective Clause কারণ তা নিয়ম অনুযায়ী Antecedent রূপে ব্যবহৃত "The boy" Noun টির পরে বসেছে। তাছাড়া "whom" Relative pronoun এর objective form টি Adjective clause এর object হিসেবে বসেছে এবং তা Subject "we" এর পূর্বে বসেছে।

Note: Relative pronoun যখন Adjective clause এ transitive verb এর object হিসেবে কাজ করে তখন তা বাদ দেওয়া যায়।

This is the book (which) I bought yesterday.

উপরের sentence এ "Which" এখানে Adjective clause এর transitive verb "bought" এর object হিসেবে কাজ করেছে।

(III) Adjective Clause with Relative Pronoun as object of preposition:

(a) এ ক্ষেত্রে Relative pronoun -preposition এর object হিসেবে কাজ করে।
(উল্লেখ্য এসব ক্ষেত্রে preposition-এর পরে যে relative pronoun বসে তা preposition এর object হিসেবে কাজ করে।

(b) preposition +উক্ত object টি Adjective Clause এর Subject এর পূর্বে বসে।

This is the boy about whom I told you.

ব্যাখ্যা : উপরের sentence এ about whom I told you —Adjective Clause কারণ তা নিয়ম অনুযায়ী "about" Preposition টির পরে about-এর object হিসেবে কাজ করেছে। তাছাড়া Adjective Clause যখন preposition এর object হিসেবে বসে তখন তা Adjective Clause এর subject-এর পূর্বে বসে এবং এখানেও তা about whom (preposition+object) Adjective clause এর Subject "I" এর পূর্বে বসেছে।

The flat in which they live in is very gorgeous.

The man to whom I gave the news was very reliable.

Note: অনেক ক্ষেত্রে Relative Pronoun কে বাদ দিয়ে preposition কে verb এ পরে বসানো যায়।

The flat they live in is very gorgeous.

This is the boy I told you about.

(IV) Adjective Clause with Relative Pronoun as Possessive:

(a)এ ক্ষেত্রে Relative Pronoun এর possessive form (whose/of which) ব্যবহৃত হয়।

(b) Relative pronoun এর possessive form Antecedent রূপে ব্যবহৃত Noun-এর পরে বসে।

The boy whose pen was lost was poor.

ব্যাখ্যা : উপরোক্ত Sentence এ 'whose pen was lost' Adjective Clause কারণ তা Relative pronoun এর possessive form "whose" দ্বারা গঠিত হয়েছে এবং তা Antecedent রূপে ব্যবহৃত the boy noun-এর পরে বসেছে।

The man whose pocket was picked fell into trouble.

The building whose roof was repaired is not suitable to live in.

He has a house whose colour is white.

Note: "Whose" Relative pronoun টি ব্যক্তি, বস্তু ও প্রানী সবার ক্ষেত্রে প্রযোজ্য।

(ii) বস্তু এবং প্রানীর ক্ষেত্রে whose এর পরিবর্তে of which ব্যবহার করা যেতে পারে। The building, the roof of which was repaired is not suitable to live in.

(v) Adjective Clause with Relative Adverb: এ ক্ষেত্রে Adjective Clause এ Relative Adverb হিসেবে Where, why, when, as, how ব্যবহৃত হয়।

(i) উক্ত Relative Adverb গুলি Adjective Clause-এর শুরুতে বসে।

Relative Pronoun এর ন্যায় Relative Adverb গুলি Antecedent রূপে ব্যবহৃত Noun কে modify করে।

I know the place where he lives.

ব্যাখ্যা : উপরের Sentence এ where he lives Adjective Clause কারণ where এখানে Relative Adverb হিসেবে ব্যবহৃত হয়েছে এবং তা তার Antecedent "that place" কে modify করেছে। তা ছাড়াও Adjective Clause-টি নিয়ম অনুযায়ী Relative Adverb দ্বারা শুরু হয়েছে।

Adjective clause with 'But' as Relative pronoun.

There is no mother but loves her child.

There is none but wishes to be happy.

এক্ষেত্রে but থেকে শেষ পর্যন্ত Adjective clause এবং বাকী অংশ Principal clause.

Adjective clause with 'The same—as/ that.

এক্ষেত্রে প্রদত্ত Sentence-টির প্রথম থেকে as/ that এর পূর্ব পর্যন্ত Principal clause এবং as/ that থেকে শেষ পর্যন্ত Subordinate Adjective clause.

যেমন : This is the same book as (or, that) I lost.

Adjective Clause with "Such—as" :

এ ক্ষেত্রে প্রদত্ত Sentence টির প্রথম থেকে as এর পূর্ব পর্যন্ত Principal Clause এবং as থেকে শেষ পর্যন্ত Subordinate Adjective Clause. যেমনঃ We want such boys as are honest.

DEFINING RELATIVE CLAUSE:

(i) এ জাতীয় Clause তার পূর্বে Antecedent রূপে ব্যবহৃত Noun-এর সীমাকে সংকীর্ণ করে।

(ii) এ জাতীয় Clause সাধারণত : who, which, that, দ্বারা শুরু হয়। who ব্যক্তির পরিবর্তে এবং which ও that বস্তু বা ইতর প্রানীর পরিবর্তে বসে।

(iii) Defining Relative Clause এর পূর্বে সাধারণতঃ the+ Noun ব্যবহৃত হয়। তবে the + noun এর পরিবর্তে a /an+ Noun ব্যবহৃত হতে পারে। উল্লেখ্য Antecedent রূপে ব্যবহৃত Noun টি যদি plural হয় তবে উক্ত Noun টি পূর্বে The বসে না। Noun

ছাড়াও Antecedent রূপে all none, anybody, somebody ইত্যাদি pronoun গুলি বসে এবং those বসে।

এ ক্ষেত্রে Noun or pronoun গুলি verb বা preposition এর object রূপে ব্যবহৃত হয়।

The boy who came here is my brother.

I saw some body who was walking beside the lake.

ব্যাখ্যা : উপরের প্রথম sentence -এ who came here "the boy" Noun টির সীমাকে সংকুচিত করেছে। তাছাড়া উক্ত Clause-টি নিয়ম অনুযায়ী "Who" দ্বারা শুরু হয়েছে এবং Antecedent রূপে ব্যবহৃত Noun "boy" এর পূর্বে বসেছে।

দ্বিতীয় Sentence এ who was walking beside the lake. Defining Relative Clause কারণ তার পূর্বে Antecedent রূপে "somebody" Pronoun টি বসেছে। Defining Relative Clause এ Antecedent রূপে ব্যবহৃত pronoun Principal Clause এবং verb object হিসেবে ব্যবহৃত হয়। এখানে "some body " pronoun টি "saw " verbটির পরে object হিসেবে ব্যবহৃত হয়েছে।

The story is about a boy who is an orphan. The stone that he threw hit the boy seriously. The pen which he bought writes well.

Note: অনেক সময় Defining Relative Clauseকে তার Antecedent রূপে ব্যবহৃত Noun বা Pronoun থেকে word or phrase দ্বারা আলাদা করা যায়।

I saw a man in the street who was begging

ব্যাখ্যা : এখানে Who was begging -Defining Relative Clause টি তার Antecedent "a man থেকে আলাদা করা হয়েছে " in the Street " phrase টি ব্যবহার করে।

NON DEFINING RELATIVE CLAUSE

(1) Non Defining Relative Clause তার পূর্বে Antecedent রূপে ব্যবহৃত Noun এর সীমাকে সংকুচিত করে না, কেবল Sentence কে দীর্ঘতর করার জন্য ব্যবহৃত হয়।

(ii) এ জাতীয় Clause এর শুরুতে Subject রূপে who, which;, object রূপে whom, which, এবং Possessive রূপে whose, of which, ব্যবহৃত হয়।

(iii) এ জাতীয় Clause-Sentence-এ অপরিহার্য নয় তাই তা Sentence থেকে বাদ দেওয়া যেতে পারে।

(iv) Antecedent রূপে ব্যবহৃত Noun থেকে Clause কে কমা, (Comma) বসিয়ে আলাদা করা যায়।

(v) এ জাতীয় Clause এ Pronoun কে বাদ দেওয়া যায় না।

Our headmaster, who is a very learned man, teaches us English.

ব্যাখ্যা : এখানে Who is a very learned man, Non- Defining Clause কারণ তা Antecedent রূপে ব্যবহৃত Nounটি (Our Head master) সংকুচিত না করে বরং বৃদ্ধি করেছে। তা ছাড়া উক্ত Clause টি মূল Sentence থেকে বাদ দিলে Sentence এর অর্থের

কোন ক্ষতি হয় না। নিয়ম অনুযায়ী উক্ত Clause টি who দ্বারা শুরু হয়েছে এবং তার পূর্বে এবং পরে কমা (Comma) বসিয়ে মূল Sentence থেকে আলাদা করেছে।

The boy, who had been reading all day long, grew tired.

The shirt which my father bought for me, suits me well.

The boy, whose pen was lost on the way, is very poor.

Note: Non -Defining Relative Clause- Preposition এর object হিসাবে বসে।

His car, for which he spent 50,000 taka, is now out of order.

CONNECTIVE RELATIVE CLAUSE

(i) এ Clause-এ who, whom, whose, which pronoun গুলি ব্যবহৃত হয়।

(ii) এ Clause তার পূর্বে ব্যবহৃত Noun কে বর্ণনা না করে Sentence বৃদ্ধিতে

সাহায্য করে।

(iii) এ Clauseটি Main Clause এর Verb এর Object এর পরে বসে বা Preposition + Noun এর পরে বসে।

(iv) এ Clause এর পূর্বে কমা (Comma) বসে।

I told Rahman, who informed it was not his duty.

I gave the book to Rahim, who gave it to Anis.

CLEFT SENTENCES WITH DEFINING CLAUSE

(i) প্রথমে It বসে+

(ii) "Be verb" বসে+

(iii) Noun / pronoun বসে+

(iv) Defining Relative Clause বসে।

It was Jerry who steadied the loose stone.

It is you who have taken the pen

ADVERBIAL CLAUSE

যে সকল Clause দ্বারা Adverb এর কার্য সম্পন্ন হয় অর্থাৎ যা সাধারণতঃ verb কে modify করে তাকে Adverbial Clause বলে। তবে মাঝে মাঝে ইহা Adjective ও অন্য Adverb-কেও modify করে।

Adverbial Clause অনেক প্রকারের হয়। তার মধ্যে নিম্নলিখিত Adverbial Clause গুলি গুরুত্বপূর্ণ।

(a) Adverbial clauses of time

(b) Adverbial clauses of place

(c) Adverbial clauses of reason.

(d) Adverbial clauses of manner.

- (e) Adverbial clauses of condition.
- (f) Adverbial clauses of degree/ comparison
- (g) Adverbial clauses of result / consequence
- (h) Adverbial clauses of purpose.
- (i) Adverbial clauses of concession.

(a) Adverbial clause of time : এ Clause, principal clause এর কার্য সম্পাদনের সময়কে নির্দেশ করে।

Adverbial clauses of time নিম্ন লিখিত conjunctions of time দিয়ে শুরু হয় :

As, as soon as, before, after, hardly ---when, no sooner-- than, since, the sooner, till, until, when, where, while, scarcely -----when, ইত্যাদি। এগুলো থেকে শুরু করে কমা পর্যন্ত বা এগুলো থেকে শুরু করে শেষ পর্যন্ত Adverbial clause এবং বাকী অংশ Principal clause.

Adverbial Clauses of Time, Principal Clause এর আগে বা পরে বসনো যায়। আগে বসালে Clause এর শেষে কমা বসে, পরে বসলে কমা বসে না।

I met Ahsan when I was at school.

ব্যাখ্যা : উপরের Sentence + টিতে When I was at school, Adverbial Clause of time কারণ তা নিয়ম অনুযায়ী conjunction of time "when" দ্বারা শুরু হয়েছে এবং principal clause এর কার্য সম্পাদনের সময়কে নির্দেশ করেছে।

1. I met Ahsan whenever I went to town .

2. As soon as the teacher entered the class room, the students stood up,

3, While I was walking in the garden, a snake bit me.

4. Wait here till I come.

Note: Complex Sentence-এর time clause এ যখন ভবিষ্যৎ কালের উল্লেখ থাকে ,তখন principal Clause এ future tense ব্যবহার হয় কিন্তু subordinate clause এ future tense ব্যবহৃত হয় না।

~~Incorrect:~~ Mr samad will telephone you as soon as he will return.

Correct: Mr. Samad will telephone you as soon as he returns

ব্যাখ্যা : ভবিষ্যতের উল্লেখ থাকা সত্ত্বেও উপরের Sentence-এ he will return এর পরিবর্তে he returns ব্যবহার হয়েছে কারণ Time Clause এ Future Tense ব্যবহার হয় না।

(ii) Time Clause এ Future perfect tense ব্যবহৃত না হয়ে present perfect tense ব্যবহৃত হয়। এ ক্ষেত্রে principal clause এ Future tense ব্যবহৃত হয়।

Incorrect: I will return your book on Monday when I will have read it.

Correct: I will return your book on monday when I have read it.

(b) **Adverbial clauses of place:** এ Clause দ্বারা Principal Clause এর কার্য সম্পাদনের স্থান বুঝায়। Adverbial clauses of place নিম্নলিখিত Conjunctions of place দ্বারা শুরু হয়।

Where, wherever, whence ইত্যাদি। এগুলো থেকে শুরু করে কমা পর্যন্ত বা এগুলো থেকে শুরু করে শেষ পর্যন্ত Adverbial clause এবং বাকী অংশ Principal clause. Adverbial Clauses of place, Principal Clause এর আগে পরে বসতে পারে। Principal Clause এর পূর্বে বসলে কমা বসে আর পরে বসলে কমা বসে না।

Examples: (1) I shall go where he lives.

ব্যাখ্যা : উপরোক্ত Sentence-এ where he lives, adverbial clause of place কারণ তা নিয়ম অনুযায়ী Conjunction of Place "where" দিয়ে শুরু হয়েছে এবং তা principal clause এর কার্য সম্পাদনের স্থান নির্দেশ করেছে।

(2) You may park your car wherever you like

(3) Go quickly whence you come.

Note: where দ্বারা নির্দিষ্ট জায়গা বুঝায় এবং wherever দ্বারা অনির্দিষ্ট জায়গা বুঝায়।

(c) **Adverbial Clause of reason:** এ clause দ্বারা principal clause এর কোন কার্যসম্পাদন হওয়া বা না হওয়ার কারণ বুঝায়। এ Clause সধারণতঃ as, since, for, because, that, ইত্যাদি Conjunctions দিয়ে শুরু হয়। এগুলো থেকে শুরু করে কমা পর্যন্ত বা এগুলো থেকে শুরু করে শেষ পর্যন্ত Adverbial clause এবং বাকী অংশ Principal clause. Adverbial Clause of Reason, Principal Clause এর পূর্বে বসলে কমা বসে আর পরে বসলে কমা বসে না।

Examples

(1) He was absent as he was ill.

ব্যাখ্যা : উপরের Sentence এ "as he was ill" Adverbial Clause of reason কারণ তা Conjunction of reason "as" দিয়ে শুরু হয়েছে এবং তা principal clause এর কার্য সম্পাদনের কার্য সম্পাদন না হওয়ার কারণ নির্দেশ করেছে,

2. I dislike him because he is lazy.

3. You failed for you were not sincere.

4. Since he is strong, he can carry the load.

Note: (1) Since এবং as এর পরিবর্তে seeing that ব্যবহার করা যেতে পারে যখন তা দ্বারা in view of the fact এর অর্থ প্রকাশ প্রায়। The hall is already full, the meeting may begin now,

or, Seeing that the hall is already full, the meeting may begin now.

(ii) So যোগ করে Adverbial clause of reason যুক্ত complex sentence কে দুটি principal clause এ প্রকাশ করা যায়।

Example : Since it was too dark to go on, we camped there.

It was too dark to go on, so we camped there.

(d) **Adverbial Clauses of Manner** (i) এ Clause দ্বারা Principal Clause এর কার্য কি ভাবে সম্পন্ন হয় তা নির্দেশ করে।

(ii) এ Clause সাধারণত : as, like, how, however ইত্যাদি দ্বারা শুরু হয়।

(iii) অধিকাংশ ক্ষেত্রে উপরোক্ত Subordinating Conjunction গুলো principal clause এর পরে বসে।

Do as you like

You can not work like your father does.

Tell us how you escaped.

You can travel however you like.

(E) **Adverbial Clauses of Condition:** এ Clause দ্বারা শর্ত আরোপ করা হয় এবং এ Clause সাধারণতঃ if অথবা একই অর্থ বোধক এ জাতীয় Conjunction যেমন even, if, whether, unless, but, for, otherwise, provided, suppose ইত্যাদি দ্বারা শুরু হয়। ইহা সাধারণতঃ Principal Clause এর পূর্বে বা পরে ব্যবহৃত হয়। পূর্বে ব্যবহৃত হলে Clause এর শেষে কমা বসে। আর পরে ব্যবহৃত হলে কমা বসে না।

এ Clause কে পাঁচ ভাগে বিভক্ত করা যায়। যেমনঃ-

(i) Three basic types

(ii) A natural type

(iii) A mixed group

THREE BASIC TYPES

Type 1 : এ ধরনের Conditional Clause -এ ভবিষ্যৎ ঘটনার উল্লেখ থাকে এবং তাতে একটি শর্ত আরোপিত হয় যা পূরণ হতে পারে বা নাও পারে। তবে শর্ত পূরণের সম্ভাবনা বেশী থাকে। এ ধরনের Clause Simple Present Tense এবং Principal Clause এ Future Tense বা Imperative ব্যবহৃত হয়।

Structure : If/ unless + present + future (Imperative)

Example : If you want, I shall help you

2. Unless you walk fast, you will not be able to get the train.

3. If you want to reach the college in time, start earlier.

POSSIBLE VARIATIONS OF THIS FORM.

(i) If + present + may / might (possibility) সম্ভাব্যতা বুঝাতে-If the fog gets thicker, the train may/might delay.

(ii) If + present + may/can (permission/ability)-If it stops raining, we may go out. If your papers are ready, you can get a visa.

(iii) If + present + must, should or any expression of command, request, advice.

If you want to maintain a good health, you must /should obey the rules of health.

✓ If you want to maintain a good health, you had better eat less.

If you want to maintain a good health, eat less. If you see him tomorrow, would/ could you ask him to phone me.

(iv) If+ present Continuous, to indicate a present action or a future arrangement.

(i) If you are waiting for a bus (present action)

you had better join the queue.

If you are looking for Mr. Khan (present action), you will find him in the staff room.

(v) If+ present perfect

If you have written the letter, I shall post it.

Type-2 এ জাতীয় Conditional Clause এ ভবিষ্যৎ ঘটনার উল্লেখ থাকে এবং তাতে যে শর্ত আরোপিত হয় তা পূরন হওয়া অসম্ভব না হলেও পূরন হওয়ার সম্ভাবনা খুব কম। এ জাতীয় Conditional Clause এ past Indefinite Tense থাকে এবং Principal Clause এ Past Conditional+should/ would/might + verb এর present form ব্যবহৃত হয়।

Structure : If + Past Indefinite+ Principal Clause.

Example:

If he came, I would go (আসলে সে আসেনি।)

If + Conditional Clause+ Principal Clause.

1. If I were you, I would not do the work.

2. If I were a bird, I would fly.

Note: এ জাতীয় Clause এ সকল person এ were ব্যবহৃত হয়। এ ক্ষেত্রে If এর পরিবর্তে Conditional এর শুরুতে were + subject ব্যবহার করা যায়।

Type 3: এ জাতীয় Clause এ যে শর্ত আরোপিত থাকে তা সম্পূর্ণ হতে পারে না কারণ এ Clause এর কার্য বাস্তবে সংঘটিত হয় না। এ ক্ষেত্রে Conditional Clause টিতে Past Perfect Conditional (subject should have/ would have /might have/ could have + Verb এর Past Participle) হয়।

If I had seen him, I would have told him the matter. (বাস্তবে আমি তাকে দেখিনি)

উপরের ১নং উদাহরণটি ব্যাখ্যা করলে ইহার অর্থ দাঁড়ায় যে যদি আমি তাকে দেখে থাকতাম, আমি তাকে ব্যাপারটি বলে থাকতাম” কিন্তু প্রকৃতপক্ষে আমি তাকে দেখিনি।

Note: অনেক সময় এ ধরনের Conditional-এ Subordinate Conjunction 'if' এর পরিবর্তে Sentence এর শুরুতে had ব্যবহার করা যায় যেমন :

Had I seen him, I would have told him the matter

(ii) Adverbial Clause of Condition অনেক সময় Relative Pronoun বা Adverb দ্বারা শুরু হয়।

Whatever happens, attend the meeting.

Don't disturb me whatever you do.

However dilligently you work, you will not succeed.

Whichever systems you adopt you will not be able to reach your goal.

MIXED CONDITIONALS

কিছু ব্যতিক্রম ধর্মী Conditionals

1. Polite request বুঝাতে If you will /If you would ব্যবহৃত হয়। তবে If you would এই structure টি অধিকতর ব্যবহৃত polite form.

If you will /would help me, I shall be grateful to you.

(please help অর্থে)

2. বক্তা যখন ধরে নেয় যে শ্রোতা তার শর্ত। অনুরোধ রক্ষা করবে তখন If you could +verb এর present form দ্বারা এ clause শুরু হয়। তবে এক্ষেত্রে principal clause উহ্য থাকে।

If you would fill up this form (in an office)

If you would open your books (in a class room)

3. If + want /wish এর পরিবর্তে would like/care ব্যবহার করে Conditional Clause গঠন করা যায়।

If you want to come, I will wait for you .

If you would like to come, I will wait for you,

3. Would like এর পরে object না থাকলে তখন would বাদ দেয়া যায়।

If you come, I shall wait for you. কিন্তু would like এর পরে object থাকলে would বাদ দেওয়া যায় না। If you would like to buy a ticket, I shall manage one for you.

(f) **Adverbial Clauses of Comparison /Degree:** এ Clause দু'টি জিনিষের মধ্যে তুলনা বুঝায়। এ জাতীয় Clause এ than, as ...as so...as, the same..... as, the ব্যবহৃত হয় এবং Principal Clause এর পরে বসে।

Rama is taller than Rumi (is),

ব্যাখ্যা : উপরের Sentence টিতে than Rumi (is) Adverbial Clause of comparison/ Degree কারন ইহা নিয়ম অনুযায়ী than দিয়ে শুরু হয়েছে এবং তা principal clause এর পরে বসে রানা ও রুমির মধ্যে তুলনা নির্দেশ করেছে।

Note: Adverbial Clause of Comparison/ Degree-তে verb উহ্য থাকে।

(ii) Negative Sentence এ "as" Conjunction এর পরিবর্তে so ব্যবহৃত হয়।

They did not play as well as we expected .

The more you read , the more you learn.

He is not as clever as we think.

Rubel is not so fast as Sohel (is)

You work harder than him.

He is not so intelligent as you(are)

(G) Adverbial Clauses of Result / Consequences:

(i) এ জাতীয় Clause এর কাজ হলো principal clause এর result বা ফল প্রকাশ করা।

(ii) এ জাতীয় Clause সাধারণত "that " Conjunction দিয়ে শুরু হয়

(iii) এ জাতীয় Clause -main Clause এ ব্যবহৃত so /such Adverb কে modify করে।

He is so weak that he can not carry the load.

ব্যাখ্যা : উপরের Sentence এ "that he can not carry the load"- Adverbial

Clause of result কারণ তা Conjunction that দ্বারা শুরু হয়েছে এবং Main Clause এ

ব্যবহৃত so Adverb টি-কে modify করেছে। তা ছাড়া তা Principal Clause এর কার্যের

ফলাফল নির্দেশ করে অর্থাৎ সে এত দুর্বল হওয়ার কারণে বোঝা টি বহন করতে পারে না।

The man is so poor that he can not meet his both ends.

The sum is so difficult that the boy can not solve it.

The tea is so hot that I cannot drink it.

Note : Negative Sentence - এ as conjunction এর পরিবর্তে so ব্যবহৃত হয়।

He is not so intelligent as you (are)

(h) Adverbial Clause of Purpose:

(i) এ জাতীয় Clause, Principal Clause-এর কাজের উদ্দেশ্যের প্রতি ইংগিত করে।

(ii) এ জাতীয় Clause -Subordinating Conjunction that, so that, in order that,

lest দ্বারা শুরু হয়।

He works hard so that he can shine in life.

ব্যাখ্যা : উপরের Sentence-এ so that he can shine in life -Adverbial Clause

of Purpose কারণ তা Principal Clause এর কাজের উদ্দেশ্যে অর্থাৎ সে কি জন্য কঠোর

পরিশ্রম করে তা নির্দেশ করে। তা ছাড়া so that he can shine in life-এ Adverb

Clause of Purpose-টি নিয়ম অনুযায়ী Subordinating conjunction "so that দিয়ে শুরু

হয়েছে।

Run fast that you may get the prize. Come closer in order that you may

hear me

Walk fast lest you should miss the train.

Note (i) : যেহেতু Adverbial Clauses of purpose উদ্দেশ্য প্রকাশ করে তাই তা Subjunctive mood.

(ii) lest-negative অর্থ প্রকাশ করে তাই lest এর পর not বসে না। lest এর পরের Subject এর পরে should বসে।

(i) Adverbial Clause of Concession:

(i) এ Clause —Principal Clause এর বক্তব্যের বিপরীতে ধারণা প্রকাশ করে।

(ii) এ জাতীয় Clause সাধারণতঃ though, although, even if, even ইত্যাদি দ্বারা শুরু হয়। তবে কখনও কখনও whoever, whatever, whichever, however, ইত্যাদি দ্বারা শুরু হয়।

Though he is poor, he is largehearted.

Note: (i) Who, Which, Why, When, Where ইত্যাদি দিয়ে Noun Clause ও Adjective clause শুরু হয়। Noun Clause এবং Adjective Clause নির্ধারণের সহজ উপায় হচ্ছে যে উক্ত শব্দগুলির পূর্বে কোন Noun "antecedent" রূপে ব্যবহৃত হলে তা Adjective clause এবং কোন antecedent না থাকলে তা Noun clause.

I know the time when he will come.

I know when he will come.

ব্যাখ্যা : উপরের ১ম Sentence-টিতে "When he will come" - Adjective clause কারণ When এর পূর্বে "the time" Nounটি antecedent রূপে বসেছে। আর দ্বিতীয় Sentence-টিতে "When he will come" Noun clause কারণ তা "Know" verb এর Object হিসেবে বসেছে। তাছাড়া When এর পূর্বে কোন antecedent নেই।

(ii) একই Clause বিভিন্ন রূপে ব্যবহৃত হতে পারে:

I know the time when he will come (Adjective clause)

I know when he will come (Noun clause)

Tell me when he will come. (Adverbial clause)

ব্যাখ্যা : উপরের ১ম Sentence-টিতে "When he will come" - Adjective clause কারণ When এর পূর্বে "the time" Nounটি antecedent রূপে বসেছে। আর দ্বিতীয় Sentence-টিতে "When he will come" Noun clause কারণ তা "Know" verb এর Object হিসেবে বসেছে। তাছাড়া When এর পূর্বে কোন antecedent নেই। আর তৃতীয় Sentence-টিতে "When he will come" Adverbial Clause কারণ তা Adverb of time "When" দ্বারা শুরু হয়েছে।

ব্যাখ্যা : উপরের sentence এ I told him আমি তাকে বললাম দ্বারা সম্পূর্ণ অর্থ প্রকাশ পায় না। আমি তাকে কি বললাম? এ প্রশ্নটি থেকে যায়। তাই সম্পূর্ণ অর্থ প্রকাশ করার জন্য what he wanted to know from me এই Clause টি object "him" এর Complement হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং ইহা Noun Clause

Example : (1) There is a rumour that he has left the country.

Note: Relative pronoun যখন Adjective clause এ transitive verb এর object হিসেবে কাজ করে তখন তা বাদ দেওয়া যায়।

বসে না। Noun ছাড়াও Antecedent রূপে all none, anybody, somebody

ইত্যাদি pronoun তুলি বসে এবং those বসে।

Note: (1) Since এবং as এর পরিবর্তে seeing that ব্যবহার করা যেতে পারে যখন তা দ্বারা in view of the fact এর অর্থ প্রকাশ পায়। The hall is already full, the meeting may begin now,

ব্যাখ্যা : উপরের Sentence-এ so that he can shine in life -Adverbial Clause of Purpose কারণ তা Principal Clause এর কাজের উদ্দেশ্যে অর্থাৎ সে কি জন্য কঠোর পরিশ্রম করে তা নির্দেশ করে। তা ছাড়া so that he can shine in life-এ Adverb Clause of Purpose-টি নিয়ম অনুযায়ী Subordinating conjunction "so that দিয়ে শুরু হয়েছে।

EXERCISE

A. Find out the Noun clauses in the following sentences :

1. I know where he was born. 2. We know where he lives. 3. When he will come is uncertain. 4. Everything depends on how he behaves. 6. What he did was praiseworthy. 7. When he will leave the country is unknown. 8. Who has done this is a fool. 9. Nobody knows what caused the accident. 10. I forgot who told me this. 11. I told him what he wanted to know. 12. You can give me what I want. 13. The news that he is dead is false. 14. This is what he said. 15. The truth is that he is very shy.

B. Find out the Adjective clauses in the following sentences :

(1) I know the boy who has done the work. (2) This is the house that I want to buy. (3) I ate the mangoes which you gave me. (4) We want such men as are honest. (5) The house in which we live is small. (6) Do you know the boy who came here yesterday? (7) The lady who ate many items was greedy. (8) The shirt that was bought was costly. (9) The porter who was a young bachelor lived in the city of Bagdad. (10) The writer took the cabin which belonged to the orphanage. (11) I know the reason why he kept silent. (12) He is the man who is very rich. (13) There is no man but wishes to be happy. (14) Jerry who was an honest boy could not take the money. (15) Do you know the boy who came yesterday?

C. Find out the Adverb clauses in the following sentences.

1. Though he is rich, he is honest. 2. I dislike him because he is lazy. 3. Since he was ill, he could not attend the meeting. 4. Stay where you are. 5. The patient had died before the doctor came. 6. Wait here until I come back. 7. He is so weak that he can not walk. 8. Work hard lest you should fail. 9. He reads more so that he can make a good result. 10. Do the work as I show

you. 11. She can not cook as her mother does. 12. If you want, I shall help you. 13. You failed for you were not sincere. 14. You can park your car wherever you like. 15. Tell us how you escaped.

D. Find out noun clause/Adjective clause/ Adverb clause in the following sentence.

1. I am sure that he will succeed. 2. A man who is drowning catches at a straw. 3. A man who is dead needs no riches. 4. We eat so that we may live. 5. How he left the country is unknown. 6. Why he has resigned the job is not clear. 7. If you take exercise regularly, you can be healthy. 8. This is the pen which you want. 9. Please listen to what the teacher says. 10. I have no pen that I can lend you. 11. He lived in a cottage which is small. 12. The woman who is reported is a spy. 13. We could not go out because it was raining. 14. Keep it wherever you like. 15. As soon as the teacher entered the classroom, the students stood up. 16. I was there when it was autumn. 17. This is exactly what I wanted. 18. What he told me is not true. 19. Nobody knows what caused the accident. 20. Lord knew what they cost. 21. The book that was published last year has been revised. 22. The boy who is industrious is sure to pass. 23. Where there is life, there is hope. 24. This is why I came out early. 25. He has a house whose colour is white. 26. Do you know the man who stood at the door? 27. If it rains, I shall not go out. 28. Lord knew what they cost. 29. He died at the village where he was born. 30. The fact is that you have ruined your palate. 31. The rumour that he stood first came true. 32. The information that he was arrested was false. 33. Pay attention to what I say. 34. They agreed to what we proposed. 35. He is older than he looks.

Singh
Salma Zahida

www.fb.com/tanbir.cox



Id: www.facebook.com/tanbir.cox



Page: www.facebook.com/tanbir.ebooks



Web: www.tanbircox.blogspot.com

CONVERSION OF SENTENCES

AFFIRMATIVE TO NEGATIVE

1. Am, is, are, was, were, shall, should, will, would, may, might, can, could, must, used to, ought to যুক্ত Affirmative Sentence-কে Negative করার সময় এদের পরে not বসে। আর সব অশ্লিষবর্তিত থাকে।

তবে used to ও ought to এর ক্ষেত্রে used ও ought এর পরে not বসে।

Affirmative

I am present

He was absent.

She is honest.

I am reading.

He was sleeping.

They were playing football.

He can do this work.

You must go there.

Father used to get up early the morning.

Negative

I am not (ain't) present.

He was not (wasn't) absent

She is not (isn't) honest.

I am not (ain't) reading.

He was not (wasn't) sleeping.

They were not (weren't) playing football.

He can not (=can't) do this work.

You must not (= must n't) go there.

Father used not to get up early in the morning.

Or, Father did not use to get up early in the morning.

I have been reading for two hours. I have not been reading for two hours.

He will be reading a book.

He will not be reading a book.

Note: বর্তমানে used to যুক্ত Affirmative Sentence- কে Negative করার ক্ষেত্রে did এই Auxiliary Verb-ই বেশি ব্যবহৃত হয়ে থাকে।

2. (1) Principal Verb-রূপে ব্যবহৃত to have যুক্ত Affirmative Sentence-কে Negative করার নিয়মঃ

Structure: Sub + have/has + not/no + প্রদত্ত Sentence-এর বাকী অংশ।

Affirmative

I have a book.

He had many pens.

Negative

I have not (haven't) a book.

Or, I have no book.

He had not (hadn't) many pens.

Note: Affirmative Sentence-এ Verb "to have"-এর পরে ব্যবহৃত Noun-টি Singular হলে উক্ত Verb-এর পর no (= not + a/any) বসে।

উল্লেখ্য to have দ্বারা possession (কিছু থাকা) বুঝালে to have verb-এর পরে not বসে। কিন্তু to have দ্বারা possession না বুঝিয়ে enjoy, experience, receive, take বুঝালে তখন Affirmative Sentence-কে Negative করার সময় নীচের নিয়মটি ব্যবহার করতে হয়।

Structure: Subject + do not (don't)/does not (doesn't)/did not (didn't) + have + শব্দ Sentence-এর বাকী অংশ।

Affirmative

I had my revenge.

Negative

I did not (didn't) have my revenge.

Note: American পদ্ধতিতে উভয় ক্ষেত্রে Affirmative Sentence-কে Negative করার নিয়মঃ

Structure: Subject + don't/do not, doesn't/does not, didn't/did not + have + Sentence-এর বাকী অংশ।

Affir: I have a pen.

Neg: I donot (don't) have a pen.

3. Present Indefinite Tense যুক্ত Auxillary Verb বিহীন Affirmative Sentence-কে Negative Sentence-এ রূপান্তরের নিয়মঃ

Structure: Subject + do not (don't)/does not (doesn't)/+ মূল Verb-এর Present form + বাকী অংশ।

Affirmative

They play football.

He plays football.

Negative

They do not (don't) play football.

He does not (does n't) play football.

Note: Subject Singular Number ও Third Person হলে does not এবং অন্য ক্ষেত্রে do not বসে।

4. Auxillary Verb বিহীন Past Indefinite Tense যুক্ত Affirmative Sentence-কে Negative করার নিয়মঃ

Structure: Subject + did not/didn't + শব্দ Verb-এর Present form + বাকী অংশ।

Affirmative

He went to school.

They played football.

Negative

He did not/didn't go to school.

They did not play football.

ASSERTIVE TO INTERROGATIVE

1. Am, is, are, was, were, shall, should, will, would, may, might, can could, must, used to, ought to verb যুক্ত Assertive Sentence-কে Interrogative করার সময় উক্ত Verb তুলি Sentence-এর শুরুতে বসে + Subject + বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন বসে।

তবে used to ও ought to এর ক্ষেত্রে used ও ought sentence এর প্রথমে বসে + subject + to + বাকী অংশ বসে + প্রশ্নবোধক চিহ্ন বসে।

Affirmative

He is present.

They were not present.

I may help you.

He could do the work.

We must obey our parents.

I have done the work.

You will help your brother.

Interrogative

Is he present?

Were they not present?

May I help you?

Could he do the work?

Must we obey our parents?

Have I done the work?

Will you help your brother?

Note: বর্তমানে used to যুক্ত Assertive Sentence-কে Interrogative করার নিয়মঃ

Structure: Did + Subject + use to + প্রদত্ত main verb থেকে শেষ পর্যন্ত + প্রশ্নবোধক চিহ্ন।

He used to help me.

Used he to help me?

Or, Did he use to help me?

2. Principia Verb-রূপে ব্যবহৃত to have verb (has, have, had) যুক্ত Sentence-কে Interrogative করার নিয়মঃ

Structure: প্রদত্ত Verb + Subject + বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন (ব্রিটিশ পদ্ধতিতে) বা Do/Does/Did + Subject + have + প্রদত্ত Verb-এর পরের অংশ + প্রশ্নবোধক চিহ্ন (মার্কিন পদ্ধতিতে)।

Affirmative

I have a pen.

He has many toys.

The girl had a doll.

Negative

Have I a pen?

Or, Do I have a pen?

Has he many toys?

Or, Does he have many toys?

Had the girl a doll?

Or, Did the girl have a doll?

Note: "To have Verb" দ্বারা Possession না বুঝিয়ে take, enjoy, receive, experience ইত্যাদি বুঝালে নীচের নিয়মটি প্রয়োগ করতে হয়।

Structure: Do/Does/Did + Subject + have + প্রদত্ত Verb এর পরের অংশ + প্রশ্নবোধক চিহ্ন।

Assertive: I have bitter experience in my service.

Interrogative: Did I have bitter experience in my service?

3. Auxilliary Verb বিহীন Present Indefinite Tense যুক্ত Assertive Sentence-কে Interrogative করার নিয়মঃ

Structure: Do/Does + Subject + প্রদত্ত Principal Verb-এর Present form + বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন।

Affirmative

He goes to school.

They play football.

Interrogative

Does he go to school?

Do they play football?

4. Auxilliary Verb বিহীন Past Indefinite Tense যুক্ত Assertive Sentence কে Interrogative করার নিয়মঃ

Structure: Did + Subject + প্রদত্ত Verb-টির Present form + বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন।

Affirmative

I went to school.

Interrogative

Did I go to school?

AFFIRMATIVE TO NEGATIVE-INTERROGATIVE

1. Am, is, are, was, were, shall, should, will, would, may, might, can, could, must, used to, ought to যুক্ত Affirmative Sentence-কে Negative-Interrogative করার সময় উক্ত verb গুলি প্রথমে বসে + verb গুলির সাথে n't বসে + subject + বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন বসে।

Affirmative

He is present.

Rahim is present.

I may go.

We ought to help the poor.

He used to help the poor.

He has done the work.

Negative-Interrogative

Is n't he present?

Or, Is he not present?

Is not Rahim present?

Or, Isn't Rahim present?

May I not go?

Mayn't I go?

Ought We not to help the poor?

Oughtn't We to help the poor?

Used he not to help the poor?

Usedn't he to help the poor?

Has he not done the work?

Or, Hasn't he done the work?

***Note (I) :** Subject যদি Noun হয় তাহলে Negative-এর চিহ্ন "not" Subject-এর পূর্বে আর Subject-Pronoun হলে "not" পরে বসে। কিন্তু not এর সংক্ষিপ্ত রূপ n't- Noun বা Pronoun উভয় ক্ষেত্রে Subject-এর পূর্বে বসে।

(II) বর্তমানে Used to Auxilliary Verb যুক্ত Affirmative Sentence-কে Negative-Interrogative করার সময় Did ব্যবহৃত হয়ে থাকে।

Affirmative

He used to help the poor.

Negative-Interrogative

Didn't he use to help the poor?

2. To have verb যুক্ত Affirmative Sentence-কে Negative-Affirmative করার নিয়মঃ

Structure: প্রদত্ত Verb to have + n't + Subject + Sentence-এর বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন।

Or, প্রদত্ত Verb to have + Subject + not + Sentence-এর বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন।

Affirmative

I have a pen.

Rahim has a pen.

Negative-Interrogative

Haven't I a pen?

Have I not a pen?

Hasn't Rahim a pen?

ব্রিটিশ পদ্ধতিতে 'to have' Verb দ্বারা Possession না বুঝিয়ে take, enjoy, experience, receive ইত্যাদি বুঝালে নীচের উপায়ে Negative-Interrogative করতে হয়।

Structure: Don't/Doesn't/Didn't + Subject + have + Sentence-এর বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন।

Affirmative

I had bitter experience in my service.

I have idea about his home.

Negative-Interrogative

Didn't I have bitter experience in my service?

Don't I have idea about his home?

Note: তবে American পদ্ধতিতে Don't, Doesn't, didn't + sub + have দিয়ে Negative-Interrogative গঠন করা হয়।

3. শুধু Principal Verb যুক্ত Present Indefinite-এর Affirmative Sentence-কে Negative-Interrogative করার নিয়মঃ

Structure: Don't/Doesn't + Subject + প্রদত্ত Verb-এর Present form + বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন।

Affirmative

He goes to school.

Negative-Interrogative

Doesn't he go to school?

4. শুধু মূল Verb যুক্ত Past Indefinite Tense-এর Affirmative Sentence-কে Negative-Interrogative করার নিয়মঃ

Structure: Didn't + Subject + প্রদত্ত Verb-এর Present form + বাকী অংশ + প্রশ্নবোধক চিহ্ন।

Affirmative

He went to school.

Negative-Interrogative

Didn't he go to school?

ASSERTIVE TO IMPERATIVE

1. Structure: প্রদত্ত Sentence-এর মূল Verb-এর Present form + প্রদত্ত Verb-এর পরের অংশ।

Assertive

You should do the work.

You speak the truth.

You read the book.

Imperative

Do the work.

Speak the truth.

Please, read the book.

Read the book, please.

Note: শিষ্টতা/ভদ্রতা প্রকাশের জন্য Imperative Sentence-এর প্রথমে বা শেষে Please বা Kindly বসে।

2. Assertive Sentence-টি না বোধক হলে Imperative-এর রূপান্তরের নিয়ম:

Structure: Do not/Don't + প্রদত্ত Sentence-এর মূল Verb-এর Present form + প্রদত্ত Verb-এর পরের অংশ।

Assertive

You should not play in the rain.

You should not be dishonest.

You should never tell a lie.

Imperative

Do not/Don't play in the rain.

Do not/Don't be dishonest.

Never tell a lie.

Note: Assertive Sentence-এ Never থাকলে Imperative করার সময় Never থেকে শেষ পর্যন্ত বসে।

3. Assertive Sentence-এর Subject যদি First Person বা Third Person হয়, তবে তাকে नीচে নিয়মে Imperative করতে হয়।

Structure: Let + প্রদত্ত Subject-টির Objective form + প্রদত্ত Sentence-এর মূল Verb থেকে শেষ পর্যন্ত।

Assertive

He plays football.

We should go out.

She sings a song.

Imperative

Let him play football.

Let us go out.

Let her sing a song.

4. First Person বা Third Person যুক্ত Assertive Sentence-এ not থাকলে Imperative করার নিয়ম:

Structure: Let + প্রদত্ত Subject-টির objective form + not + প্রদত্ত Verb থেকে শেষ পর্যন্ত।

Assertive

We do not hate the poor.

Nabil does not tell a lie.

Imperative

Let us not hate the poor.

Let not Nabil tell a lie.

Note: "Let" Verb-এর Object যদি Noun হয় তবে not তার আগে এবং Pronoun হলে not তার পরে বসে।

ASSERTIVE TO OPTATIVE

1. Simple Sentence যুক্ত Assertive Sentence-কে Optative করার নিয়মঃ

Structure: May + প্রদত্ত Subject + প্রদত্ত মূল Verb থেকে শেষ পর্যন্ত বসে।

Assertive

You will pass the examination.

Allah saves Bangladesh.

Optative

May you pass the examination

May Allah save Bangladesh.

Note: Optative Sentence-এ Verb সর্বদা present form হয়।

Assertive

Long live Bangladesh.

Optative

May Bangladesh live long.

2. Assertive Sentence-টি Complex-এ থাকলে নীচের নিয়মের সাহায্যে Optative করতে হয়।

Structure: May + Subordinate Clause এর Subject + Subordinate Clause-এর মূল Verb এর present form থেকে শেষ পর্যন্ত।

Assertive

I wish you may shine in life.

They wished he might pass.

Optative

May you shine in life.

May he pass.

3. আকাঙ্ক্ষা বা ইচ্ছা (unreal past) যুক্ত Assertive Sentence-কে Optative-এ রূপান্তরঃ

Assertive

I wish I could be a child again.

Optative

Could I be a child gain!

or, Were I a child again.!

or, would that I were (could be) a child again!

ASSERTIVE TO EXCLAMATORY

1. প্রথমে what (a/an)/How + প্রদত্ত Sentence-এর Adjective + Subject + Verb + (বাকী অংশ যদি থাকে) + বিস্ময় সূচক চিহ্ন।

বিঃ দ্রঃ প্রদত্ত Assertive Sentence-টির Adjective-এর পূর্বে a/an থাকলে Exclamatory করার সময় What a/What an বসে এবং Adjective এর পূর্বে a/an না থাকলে How বসে। very/great ইত্যাদি থাকলে Exclamatory করার সময় তা উঠে যায়।

Assertive

It is a very fine bird.

It was an exciting game.

The flower is very fine.

Exclamatory

What a fine bird it is!

What an exciting game it was!

How fine the flower is!

2. Wish যুক্ত Assertive Sentence-কে Exclamatory করার নিয়মঃ

Structure : প্রদত্ত Assertive Sentence-টির প্রথম থেকে wish পর্যন্ত বাদ যায় + If বসে + প্রদত্ত Assertive Sentence-টির বাকী অংশ অর্থাৎ wish এর পর থেকে শেষ পর্যন্ত বসে + Note of Exclamation চিহ্ন বসে ।

Assertive

I wish I were a poet.

Exclamatory

If I were a poet!

3. Had যুক্ত Assertive Sentence-কে Exclamatory করার নিয়মঃ

Structure : প্রদত্ত Assertive Sentence-টির প্রথম থেকে wish পর্যন্ত বাদ যায় + Had + Subject + প্রদত্ত Sentence-টির বাকী অংশ + Note of Exclamation.

Assertive.

I wish I been a king.

Exclamatory.

Had I been a king!

EXCLAMATORY TO ASSERTIVE**1. Exclamatory Sentence-কে Assertive করার নিয়মঃ**

প্রদত্ত Exclamatory Sentence-টির Subject প্রথমে বসে + Verb বসে + a/an বসে (যদি থাকে) + very/great + Adjective + প্রদত্ত Sentence-টির বাকী অংশ বসে + Full Stop (.) বসে ।

Exclamatory

How fine the bird is!

What a fine flower it was!

What a fool he is!

Assertive

The bird is very fine.

It was a very fine flower.

He is a great fool.

